অনুজ্ঞা	√পড়্ +			ইব +	পক্ষের ধাতুবিভক্তি

(সব ক্রিয়াতে 'ইব' শব্দাংশ ভবিষ্যৎকালের চিহ্ন)

প্রত্যেক প্রকারে পর পর যোগ করে ধাতুবিভক্তিসহ গঠিত ছয়টি ক্রিয়াপদ স্তম্ভাকারে রয়েছে :

পক্ষ ও ধাতু বিভক্তি	নিত্য ভবিষ্যৎ	ঘটমান ভবিষ্যৎ	পুরাঘটিত ভবিষ্যৎ	ভবিষ্যৎ অনুজ্ঞা
উত্তমপুরুষ/আমিপক্ষ আমি/আমরা (অ)	পড়িব	পড়িতে থাকিব	পড়িয়া থাকিব	
মধ্যমপুরুষ/তুমিপক্ষ তুমি/তোমরা (এ) তুই/তোরা (ই) আপনি/আপনারা (এন)	পড়িবে পড়িবি পড়িবেন	পড়িতে থাকিবে পড়িতে থাকিবি পড়িতে থাকিবেন	পড়িয়া থাকিবে পড়িয়া থাকিবি পড়িয়া থাকিবেন	পড়িবে পড়িবি পড়িবেন
প্রথমপুরুষ/সে-পক্ষ সে/তাহারা (এ) তিনি/তাঁহারা (এন)	পড়িবে পড়িবেন	পড়িতে থাকিবে পড়িতে থাকিবেন	পড়িয়া থাকিবে পড়িয়া থাকিবেন	পড়িবে পড়িবেন

(ইল,ইত,ইব শব্দাংশে হস্ চিহ্ন হয় না।)

* বোঝা গেল :- মূল ধাতুর পরে **ইতে** শব্দাংশ ও সহযোগী ধাতু যোগে সব **ঘটমান**।

মূল ধাতুর পরে **ইয়া** শব্দাংশ ও সহযোগী ধাতু যোগে সব **পুরাঘটিত**।

মূল ধাতুর পরে ইতে/ইয়া শব্দাংশ, সহযোগী ধাতু নেই তাই **নিত্য**।

নিত্য রূপের ক্রিয়ায় আদেশ, অনুরোধ, উপদেশ থাকলে **অনুজ্ঞা**।

অতীতকালে ধাতুবিভক্তির পূর্বে ইত শব্দাংশ থাকলে **নিত্যবৃত্ত**।

উপরের পুরুষ/পক্ষ, ক্রিয়ারূপের পূর্ণরূপ দেখানো হলো। আমরা বিভিন্ন ক্ষেত্রে যে ধরনের পুরুষ ও ক্রিয়ারূপ ব্যবহার করি তা উপরের শব্দগুলোর সংক্ষিপ্ত রূপ। অনেক ক্ষেত্রে পুরুষের সংক্ষিপ্ত রূপের সঙ্গে তাল মিলিয়ে বিভিন্ন কালের ক্রিয়ার সংক্ষিপ্ত রূপের প্রয়োগ ঘটছে লক্ষ রাখো —

পূর্ণরূপে		সংক্ষেপে
তাহারা পড়িতেছে	>	তারা পড়ছে
উহারা শুনিয়াছে	>	ওরা শুনেছে
উহারা দেখিয়া থাকিবে	>	ওরা দেখে থাকবে
(কিছু পুরুষ অপরিবর্তিত থাকে তবু ক্রিয়া সংক্ষিপ্ত)		
সে/অর্ক পড়িতে থাকিবে	>	সে/অর্ক পড়তে থাকবে
আপনারা পড়িয়াছিলেন	>	আপনারা পড়েছিলেন
তুই পড়িতিস	>	তুই পড়তিস

(সংক্ষিপ্ত ক্রিয়ার পূর্ণরূপ ভেবে নিয়ে কালনির্ণয় সহজ হয়)

ক্রিয়াপদগুলি বাক্যের মধ্যে কাজের পদ্ধতি বা গতিপ্রকৃতিকে নানারকমভাবে বোঝায়। সেই অনুযায়ী কয়েক রকমের ক্রিয়াপদের পরিচয় এবার দেখে নেব।

১. **বাক্যের যে ক্রিয়াপদ কাজটা সম্পূর্ণ হয়েছে বোঝায় তার নাম সমাপিকা ক্রিয়া**। যেমন :

ট্রেনটা স্টেশনে **পৌঁছল**। আমরা পেটভরে **খেলাম**। বইগুলো গুছিয়ে **রাখল**।

২. **বাক্যের যে ক্রিয়াপদে কাজটা সম্পূর্ণ হওয়া বোঝায় না তাকে অসমাপিকা ক্রিয়া বলে।** শুধু অসমাপিকা ক্রিয়া দিয়ে বাক্যে তৈরি হয় না। তার শেষে সমাপিকা ক্রিয়া বসে। যেমন :

কান **টানলে** মাথা আসে। বইটা **পড়ে** ফেরত দিয়ো। স্নান **করে** ভাত খাব।

৩. **একটার বেশি ক্রিয়াপদ যখন জুড়ে গিয়ে একটাই কাজ বোঝায় এবং এর প্রথমটি অসমাপিকা ও পরেরটি সমাপিকা ক্রিয়া হয় তখন তার নাম যৌগিক ক্রিয়া।** যেমন :

ঘুম থেকে **উঠে পড়ো**। লুকিয়ে সব রসগোল্লা **খেয়ে ফেলল**। দূর থেকে **দেখতে পেলাম**।

৪. **একটি ক্রিয়াপদের সঙ্গে যদি কোনো বৈশিষ্ট্যবাচক বা নামবাচক শব্দ জুড়ে একসঙ্গে একটি কাজই বোঝায় তখন সেগুলিকে সংযোগমূলক ক্রিয়া বলে।** যেমন :

প্রশ্ন **জিজ্ঞাসা করুন**। লোকটি **সাঁতার কাটছে**। একটু কাজে **হাত লাগাও**।

৫. **কোনো কোনো ক্রিয়াপদে ব্যক্তি নিজে কাজটা করছে না বুঝিয়ে অপর কাউকে দিয়ে কাজটা করানো বা ঘটানো বোঝায় তখন সেগুলিকে প্রযোজক ক্রিয়া বলে।** যেমন : লোক লাগিয়ে ময়লা সাফাই **করাচ্ছেন**। মা শিশুকে চাঁদ **দেখাচ্ছেন**।

৬. **ক্রিয়াপদটিকে 'কী' দিয়ে প্রশ্ন করে যদি বাক্যের কোনো শব্দে তার উত্তর পাওয়া যায় (অর্থাৎ যে ক্রিয়ার কর্ম রয়েছে) তাহলে তাকে সকর্মক ক্রিয়া বলে।** যেমন :

রোজ সে মন দিয়ে বই **পড়ে**। এতদিনে সে ভালো রাঁধতে **শিখেছে**। রাগ করে তিনি আর কবিতা **পড়লেন না**।

৭. **যে ক্রিয়াপদের সঙ্গে কোনো কর্মবাচক শব্দ নেই তাকে অকর্মক ক্রিয়া বলে। এই ধরনের ক্রিয়া কেবল বাক্যের ঘটনা বা কাজটুকুই বোঝায়।** যেমন :

সে শুধু **দেখে**। সে হঠাৎ **বলে ফেলল**। আপনি কী **ভাবছেন**?


শব্দযোগে বাক্যগঠন

পরস্পর অর্থের সম্পর্কযুক্ত পদগুলি জুড়ে নির্দিষ্ট ক্রম অনুযায়ী বিন্যস্ত হয়ে যখন কোনো বক্তব্য, ধারণা বা ভাবনাকে প্রকাশ করে— সেই এককগুলিকে বলব বাক্য।

একই বাক্যে পদ বাড়িয়ে বাক্যটাকে বড়ো করা যায়, আবার বড়ো বাক্যগুলোকে পদ কমিয়ে ছোটো বাক্যও করে ফেলা যায়।

ছোটো থেকে বড়োই হোক আর বড়ো থেকে ছোটো— সব বাক্যকেই দ্যাখো দুটুকরো করা যায় উদ্দেশ্য আর বিধেয় অংশে।

এবার বাক্যের গঠনটাকে দেখাতে পারি এভাবে :



গঠন অনুযায়ী বাক্যের প্রকারভেদ : সরল, যৌগিক ও জটিল বাক্য

গঠনের দিক থেকে বাক্য প্রধানত তিন রকমের হয় — **সরল বাক্য**, **যৌগিক বাক্য**, আর **জটিল বাক্য**। এই তিনটি প্রধান রূপভেদ ছাড়াও আরেকটি রয়েছে — সেটার নাম **মিশ্রবাক্য** (এটা অবশ্য আগের তিনটের মতো নির্দিষ্ট একটি গঠনের নিয়ম মেনে তৈরি নয়।)

সরলবাক্য

বাক্যের গঠনগত বৈশিষ্ট্য দেখতে গিয়ে এতক্ষণ যা যা চিনেছি আর দেখেছি তার প্রায় সবটাই সরলবাক্যের নিয়মের মধ্যে পড়ে। এবার সেগুলিকে বৈশিষ্ট্যের মতো সাজিয়ে নেব :

(ক) বাক্যগুলি একটাই সমাপিকা ক্রিয়া নিয়ে গঠিত হয়।

(খ) বাক্যগুলিতে অসমাপিকা ক্রিয়া থাকতেও পারে, নাও থাকতে পারে। থাকলে একটির বেশি অসমাপিকা ক্রিয়াও থাকতে পারে।

(গ) বাক্যগুলি অন্য কোনো বাক্যের সঙ্গে যুক্ত না হয়ে স্বতন্ত্র হয়ে থাকে।

(ঘ) বাক্যগুলিতে কখনও কর্তা অংশ উহ্য বা গোপন থাকে, আবার কখনও বা সমাপিকা ক্রিয়াও অনুক্ত থাকে।

এগুলি থেকেই পেয়ে যাব **তিন ধরনের** সরলবাক্য :

(১) কর্তাযুক্ত ক্রিয়াযুক্ত সরলবাক্য

কর্তার সঙ্গে একটা সমাপিকা ক্রিয়াসহ এই সরল বাক্যগুলি যেমন তৈরি হবে, তেমনি এক বা একের বেশি অসমাপিকা ক্রিয়াও তার সঙ্গে জুড়ে বসতে পারে।

(ক) তুমি দাও [কর্তা + সমাপিকা ক্রিয়া]

(খ) তুমি মুকুলিকাকে উপহারটা দাও [কর্তা + গৌণকর্ম + মুখ্যকর্ম + ক্রিয়া]

(গ) তুমি আজ মুকুলিকাকে উপহারটা দাও [কর্তা + সময়বাচক + গৌণকর্ম + ...]

(ঘ) তুমি এই মঞ্চে আজ মুকুলিকাকে উপহারটা দাও [কর্তা + স্থানবাচক + ...]

(ঙ) তুমি এই মঞ্চে দাঁড়িয়ে আজ মুকুলিকাকে উপহারটা দাও [কর্তা + স্থানবাচক + অসমাপিকা ক্রিয়া + ...]

(চ) তুমি এই মঞ্চে দাঁড়িয়ে অন্ধদের জন্য ওর কাজের কথা সকলকে জানিয়ে আজ মুকুলিকাকে উপহারটা দাও। [কর্তা + স্থানবাচক + অসমাপিকা ক্রিয়া + অসমাপিকা বাক্যখণ্ড + ...]

শেষ বাক্যটার পরিচয় দিতে গিয়ে একটা নতুন জিনিস বলা হলো— **অসমাপিকা বাক্যখণ্ড**।

নতুন জিনিস বলব না কারণ ব্যাপারটা আমরা আগেও দেখেছি। তাই বলব নতুন নাম। দ্যাখো (চ)-এর সরলবাক্যটাকে তিনটে সরলবাক্য বানিয়ে ছোটো ছোটো করব—

চ. (১) তুমি এই মঞ্চে দাঁড়াও।

চ. (২) তুমি অন্ধদের জন্য মুকুলিকার কাজের কথা সকলকে জানাও।

চ. (৩) তুমি আজ মুকুলিকার কাজের কথা সকলকে জানাও।

চ. (৪) তুমি আজ মুকুলিকাকে উপহারটা দাও।

এই তিনটেই দেখে নাও কর্তাযুক্ত + সমাপিকা ক্রিয়াযুক্ত সরলবাক্য। কিন্তু (চ)-এর বাক্যটা কী করেছে (চ.১) আর (চ.২)-এর শেষে সমাপিকা ক্রিয়াগুলোকে (দাঁড়াও, জানাও) দুটো অসমাপিকা ক্রিয়া বানিয়ে নিয়েছে (দাঁড়িয়ে, জানিয়ে)। (চ.১) আর (চ.২) আসলে দুটো সরলবাক্যই, কিন্তু বড়ো (চ) বাক্যটাতে ঢুকে সেগুলি মূল বাক্যের ভেতর এক একটা টুকরো অংশ হয়ে গেছে। তারপর কাজটাও সম্পূর্ণ হচ্ছে না বলে এগুলি **অসমাপিকা বাক্যখণ্ড**। এগুলির কথা ভুলে যেয়ো না।

(২) কর্তাযুক্ত ক্রিয়াহীন সরলবাক্য

কর্তা আর কর্তার সম্প্রসারক নানা অংশ এই বাক্যগুলিতে থাকলেও সরাসরি বা প্রত্যক্ষভাবে কোনো ক্রিয়ার ব্যবহার থাকে না; ক্রিয়া অনুক্ত বা ঊহ্য থাকে।

আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে।

এখানে 'আমরা সবাই (হলাম) রাজা' কথাটার ক্রিয়াপদ 'হলাম'-টা অনুক্ত আছে।

(৩) কর্তাহীন ক্রিয়াযুক্ত সরল বাক্য

এই সরল বাক্যগুলিতে ক্রিয়াখণ্ড বা বিধেয় অংশটাই কেবল থাকে। কর্তা খণ্ড বা উদ্দেশ্য অংশ এখানে অনুক্ত থাকে; প্রত্যক্ষভাবে কর্তার উপস্থিতি থাকে না।

আর কতবার একই পড়া পড়ব?

নাক বরাবর সিধে চলে যেতে হবে।

এই দুটি বাক্যের অনুক্ত কর্তাখণ্ডগুলির উদাহরণ দেব :

প্রথম বাক্য : আমরা এই পাঁচজন ছাত্র

দ্বিতীয় বাক্য : আপনাকে

একটাই সমাপিকা ক্রিয়া (উক্ত বা অনুক্ত) নিয়ে গঠিত যে বাক্যগুলিতে এক বা একের বেশি অসমাপিকা ক্রিয়া থাকতেও পারে কিন্তু সেগুলি অন্য বাক্যের সঙ্গে যুক্ত না হয়ে স্বতন্ত্র থাকলে তাকে বলে সরল বাক্য।

যৌগিক বাক্য

যৌগ কথাটার মানে হলো দুই বা তার বেশি জিনিস জুড়ে গিয়ে একটা জিনিসে রূপান্তরিত হওয়া।

যৌগিক বাক্য হলো একের বেশি সরল বাক্যকে জুড়ে একটা বাক্য তৈরি করা।

একাধিক সরল বাক্যকে যে পদ/পদগুলি দিয়ে জুড়ে একটি যৌগিক বাক্যে রূপান্তরিত করা যায়, সেগুলিকে **যোজক পদ** বলে। যোজক পদগুলি আবার ব্যবহার অনুযায়ী বা অর্থ অনুযায়ী কয়েকরকম হয়।

কিছু যোজক পদ সংযোজনের কাজ করে। যেমন : এবং, ও, আর, সুতরাং।

কতগুলি বিয়োজনের কাজ করে। যেমন : কিন্তু, অথচ, অথবা, বা, নয়।

কতগুলি বিকল্পের কাজ করে। যেমন : বরং, তবুও, তথাপি।

সাধারণভাবে যোজকগুলি এই ধরনের অর্থ প্রকাশ করলেও, কখনো অন্যরকমভাবেও ব্যবহৃত হতে পারে।

মনে রাখো যে, **যোজক পদ** বসানো যৌগিক বাক্যের সংখ্যাই বেশি।

যে সরল বাক্যগুলিকে যোজক পদের সাহায্যে জুড়লে যৌগিক বাক্য হয়, সেগুলি যৌগিক বাক্যের অন্তর্গত বাক্যাংশ বা বাক্যখণ্ড হয়ে যায়। কিন্তু জুড়ে দেবার পর ওই বাক্যগুলির যে অর্থ ছিল তা যেমন বদলায় না, বাক্যগুলির গঠনও খুব একটা পাল্টায় না।

দুই বা তার বেশি সরল বাক্যের গঠন বা অর্থ খুব একটা না বদলে যদি যোজক পদের সাহায্যে জুড়ে একটি নতুন বাক্য তৈরি হয় সেটাই হলো যৌগিক বাক্য।

কোনো সম্পর্ক নেই এমন দুটো সরল বাক্যকে যোজক পদ দিয়ে জুড়ে দিলেই চলবে এমন হয় না। দুটোর মধ্যে একটা অন্তত অর্থের যোগ থাকতে হবে।

জটিল বাক্য

যৌগিক বাক্যে দুটি বা তার বেশি সরল বাক্যকে যোজক পদ দিয়ে জোড়া হয়েছিল। জুড়ে যাবার পর কিন্তু সরল বাক্য রইল না। যৌগিক বাক্যটার মধ্যে ওই অংশগুলি হয়ে গেল বাক্যটার অন্তর্গত খণ্ডবাক্য। যোজক পদ দিয়ে জোড়া এই বাক্যখণ্ডগুলির অর্থ যেমন বদলাল না; গঠনও খুব একটা পালটাল না। তাই বলা হয় : **যৌগিক বাক্যের বাক্যখণ্ডগুলির পরস্পর নির্ভরতা নেই**। তার মানে হলো একটা বাক্যখণ্ড বললেও একটা সম্পূর্ণ অর্থ পাচ্ছিলাম। তাই বাক্যখণ্ডগুলি স্বাধীন অর্থপূর্ণ।

জটিল বাক্যের বৈশিষ্ট্যগুলি বুঝে নেবার চেষ্টা করি :

- জটিল বাক্যও (যৌগিক বাক্যের মতো) দুই বা দুইয়ের বেশি সরল বাক্য জুড়ে তৈরি হয়। যেগুলিকে জটিল বাক্যটির মধ্যে খণ্ডবাক্য হিসেবে পাওয়া যায়।
- জটিল বাক্যের খণ্ডবাক্যগুলির মধ্যে পরস্পর নির্ভরতা থাকে। একে অনেক সময় পরিপূরকতা বলে। অর্থাৎ একটি অপরটিকে ছাড়া অসম্পূর্ণ মনে হয়।
- এই খণ্ডবাক্যগুলির মধ্যে একটি প্রধান হয় এবং অন্যটি বা অন্যগুলি সেটির তুলনায় ততটা গুরুত্বপূর্ণ হয় না। এগুলিকে বলে **অপ্রধান খণ্ডবাক্য, আশ্রিত খণ্ডবাক্য বা নির্ভরশীল খণ্ডবাক্য**। মূলটিকে বলে **প্রধান খণ্ডবাক্য বা স্বাধীন খণ্ডবাক্য**। (যৌগিক বাক্যে দেখেছিলাম, দুটি খণ্ডবাক্যেরই অর্থগত গুরুত্ব থাকে)
- প্রধান খণ্ডবাক্যে সাধারণত বাক্যের প্রধান সংবাদ বা কাজটি বোঝায়। অপ্রধান খণ্ডবাক্য বা খণ্ডবাক্যগুলিতে সেই সংবাদ বা কাজের একটু বিস্তার, পরিচিতি বা সীমানা নির্দেশ করা হয়।

এই অপ্রধান খণ্ডবাক্য/খণ্ডবাক্যগুলির সঙ্গে প্রধান খণ্ডবাক্যগুলির সম্পর্ক জটিল বাক্যের ক্ষেত্রে তিনরকম উপায়ে তৈরি হয়। এগুলিকে এবার উদাহরণ দিয়ে চিনে নেব :

(১) শর্তবাক্য বা সাপেক্ষবাচক জটিল বাক্য

এই ধরনের জটিল বাক্যগুলির প্রধান খণ্ডবাক্যে একটা শর্ত থাকে আর আশ্রিত খণ্ডবাক্যে তার একটা সম্ভাব্য সমাধান বা পরিণতি নির্দেশ করা থাকে।

প্রধান খণ্ডবাক্যের সঙ্গে 'যদি' আর অপ্রধান খণ্ডবাক্যের সঙ্গে সেই শর্তের সাপেক্ষে 'তবে', 'সেক্ষেত্রে', 'তো', 'তাহলে' শব্দগুলো দিয়ে বাক্যখণ্ডগুলিকে জুড়ে জটিল বাক্য করা হয়।

খেলোয়ারটি	**যদি**	শেষ বলে ছয় মারতে পারে	**তবেই**	ওদের দল খেলায় জিতবে
	সাপেক্ষ পদ		সাপেক্ষ পদ	
প্রধান খণ্ডবাক্য (যদি)			অপ্রধান খণ্ডবাক্য (তবে)	

এই জাতীয় জটিল বাক্যগুলিতে যেমন সাপেক্ষবাচক পদ থাকে, তেমনি আবার কখনো কখনো নাও থাকতে পারে। এই ধরনের কয়েকটা জটিল বাক্য দেখে নাও :

(ক) মেজদা **যদি** আর আমাদের বকে **তাহলে** পিসিমার কাছে নালিশ করব।

(খ) তুমি সারাদিন ভালো হয়ে থাকো, ফিরে এসে আইসক্রিম খাওয়াব। ('যদি' 'তবে' দুটোই উহ্য)

(২) প্রধান ও আশ্রিত সম্পর্কের জটিল বাক্য

এই ধরনের জটিল বাক্যগুলিতে অপ্রধান/আশ্রিত খণ্ডবাক্যগুলি প্রধান খণ্ডবাক্যের আশ্রিত হয়ে থাকে। প্রধান খণ্ডবাক্যের ক্রিয়াপদের সঙ্গে সম্পর্কযুক্ত কর্মটি এখানে একটা শব্দ নয়, বরং সেটা একটা বা একের বেশি অপ্রধান খণ্ডবাক্য হয়ে থাকে।

তমালবাবু লক্ষ করলেন	ছেলেটি ইদানীং খুব মিথ্যে কথা বলতে শিখেছে
প্রধান খণ্ডবাক্য	আশ্রিত খণ্ডবাক্য

তমালবাবু কী লক্ষ করলেন? এই প্রশ্নের উত্তরে পাওয়া যাবে ক্রিয়ার কর্ম অংশটি। এই জটিল বাক্যে সেটা নিজেই একটা খণ্ডবাক্য। ছেলেটি ইদানীং খুব মিথ্যে কথা বলতে শিখেছে।

এই ধরনের জটিল বাক্যগুলিতে অনেক ক্ষেত্রে 'যে' শব্দটিকে খণ্ডবাক্যগুলির যোজকের মতো ব্যবহার করা হয়।

এবার এগুলির কয়েকটি উদাহরণ দেখে নিই (সব ক্ষেত্রে আশ্রিত খণ্ডবাক্যগুলি মোটা হরফে দেখানো হয়েছে) :

(ক) আমি বুঝিয়ে বললাম যে **উনি এমনটা করতেই পারেন না**।

(খ) উপেন বিনীতভাবে বলল **'আজ্ঞে আমদুটো আমি চুরি করিনি'**।

(৩) পরস্পর সম্বন্ধযুক্ত সর্বনামযুক্ত জটিল বাক্য

যে-সে, যার-তার, যেগুলি-সেগুলি, যত-তত, যখন-তখন, যবে-তবে, যেখানে-সেখানে, যা-তা — এইরকম কতগুলি জোড় শব্দের একটা বাক্যে বসলে আরেকটাও বসে। এগুলিকে বলে **পরস্পর সম্বন্ধযুক্ত সর্বনাম** বা **নিত্যসম্বন্ধী সর্বনাম**। এগুলির একটি প্রধান খণ্ডবাক্যের সঙ্গে এবং অন্যটি অপ্রধান খণ্ডবাক্যের সঙ্গে জুড়ে এই জাতীয় জটিল বাক্যগুলি তৈরি হয়।

(ক) **যারা** লুরিয়ে হরিণ শিকার করে **তারা** প্রকৃতি ও মানুষের শত্রু।

(খ) এই বইটা **যত** নিজে নিজে বুঝে পড়বে **ততই** ভালো ফল করতে পারবে।

এই উদাহরণগুলির শেষে একবার মিলিয়ে দেখে নিই জটিল বাক্য কাকে বলে?

প্রধান খণ্ডবাক্যের সঙ্গে অপ্রধান খণ্ডবাক্য/খণ্ডবাক্যগুলি যখন পরিপূরক সম্পর্কে এমনভাবে যুক্ত হয় যাতে অপ্রধান খণ্ডবাক্যগুলি প্রধান খণ্ডবাক্যটির আশ্রিত মনে হয় — সেই ধরনের বাক্যগুলিই হলো জটিল বাক্য।

অস্ত্যর্থক ও নঞর্থক বাক্য

শব্দযোগে বাক্য কী করে তৈরি হয় তা দেখলাম। বাক্যের গঠন অনুযায়ী সেগুলিকে যেমন তিনভাগে ভাগ করা যায় তারও পরিচয় পেলাম। এবার কয়েকটা বাক্য সাজাচ্ছি দেখো :

১. রবীন্দ্রনাথ ঠাকুরের নাম আমরা সবাই জানি।

২. রবীন্দ্রনাথ ঠাকুরের নাম আমাদের কারও অজানা নয়।

প্রথম বাক্যটি **অস্ত্যর্থক বাক্য**, **সদর্থক বাক্য** বা **হ্যাঁ বাচক বাক্য**। দ্বিতীয়টা হলো **নঞর্থক বাক্য** বা **না বাচক বাক্য**।

তাহলে যে ধরনের বাক্যে কোনো ঘটনার উল্লেখ, ইচ্ছে প্রকাশ, কোনো বস্তুর উল্লেখ ইত্যাদি সদর্থক বা স্বীকৃতিসূচক তথ্য দেওয়া হয় — সেগুলি হলো অস্ত্যর্থক বাক্য।

আবার **যে ধরনের বাক্যে কোনো বিষয়ে বারণ করা, অস্বীকৃতি জানানো বা অনিচ্ছা প্রকাশ করা হয় — সেগুলি হলো নঞর্থক বাক্য।**

বাংলায় এই দু'ধরনের বাক্যকে অবশ্য **নির্দেশক বাক্য**-র দুটি ভাগ বলে মনে করা হয়।

অস্ত্যর্থক বাক্য	নঞর্থক বাক্য
খেয়ে দেয়ে আজ আমার প্রচুর কাজ আছে।	খেয়ে দেয়ে আজ আমার কাজ নেহাত কম নেই।
এই অপমানের পর এক্ষুনি চলে যেতে চাই।	এই অপমানের পর আর থাকতে চাই না।
জেনেশুনে এমন পাপ করা অসম্ভব।	জেনেশুনে এমন পাপ করা সম্ভব নয়।
গতকাল রাতে সে বাড়ির বাইরে ছিল।	গতকাল রাতে সে বাড়ি ফেরেনি।
মাথা ঠান্ডা থাকলে সব ঠিক থাকে।	মাথা গরম হলে কিছুই ঠিক থাকে না।
ঠিক প্রশ্নটার ভুল উত্তর দিল।	ঠিক প্রশ্নটার ঠিক উত্তর দিতে পারল না।
সূর্য চিরটাকাল পূর্ব দিকেই ওঠে।	সূর্য কোনো কালেই পশ্চিম দিকে ওঠেনি।
রাহুলের দাদার নাম সৌরভ ছাড়া অন্য কিছু।	রাহুলের দাদার নাম সৌরভ নয়।

সাধারণভাবে অস্ত্যর্থক বাক্যের কোনো একটা শব্দ বা ভাবকে বিপরীত করে তার সঙ্গে আবার কোনো না বাচক শব্দ জুড়লে সেটা একই অর্থবোধক নঞর্থক বাক্য হয়ে থাকে। এর উলটোটা করলে নঞর্থক বাক্য অস্ত্যর্থক হয়। অনেক ক্ষেত্রেই ক্রিয়াপদকে না বাচক করা হয় আর বৈশিষ্ট্যবাচক শব্দকে বিপরীত অর্থের করে দেওয়া হয়। যেমন :

ভালো	কোনো কাজ	করে
খারাপ	কোনো কাজ	করে না

মজাটা দেখো। একটা করে বিপরীতার্থক নিলে অর্থটা সবসময় কেমন উলটে যেত। যেমন :

ভালো **করে** > ভালো **করে না** **ভালো** করে > **খারাপ** করে

খারাপ **করে না** > খারাপ **করে** **খারাপ** করে না > **ভালো** করে না

কিন্তু যেহেতু দুটোকে উলটে দেওয়া হলো তাই সেটা শেষ পর্যন্ত সোজা হয়ে গেল। ধর একটা গেলাস উলটে দিলে সেটা হলো উলটো গেলাস। কিন্তু উলটানোটাকে যদি আবার উলটোও, তাহলে শেষে তো সোজাই হয়ে যাবে — তাই না?

অস্ত্যর্থক আর নঞর্থক বাক্যের মধ্যে এই সোজা-উলটোর খেলাটা সবসময় চলে। ধরো যে বাক্যে ক্রিয়াপদকে উলটানো যাচ্ছে সহজেই না বাচক শব্দ দিয়ে; কিন্তু যে বাক্যে উলটানোর মতো আরেকটা কোনো শব্দ পাচ্ছ না, তখন কী করা যায়? তখন দেখা যায় যে, দু-বার না বাচক ব্যবহার করে সেটাকে উলটানো হয়। যেমন :

আমি পারি > আমি পারি না এমন নয়

গেলে পরে পাবে > না গেলে পরে পাবে না

মনে সন্দেহ ছিল > মনে সন্দেহ ছিল না তা নয়

নির্মিতি

সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ

”!Ýþ Ÿö · î vþF‰þyî’ ~„þ£ î„þ› £öœ “þyö”î **সমোচ্চারিত শব্দ** îœy £ëÐ öë›˜ ‡ôôö öŸy˜yôö¢y˜y– xyþ™˜‡öxyþ™’– “þyœ SŠþœ!îöŸ¡Vôö“þyœ S†yö˜î “þyœV– „þî S£y“þVôö„þî Sîy<ßþVÐ

xö˜„þ ¢›ë ö”...y ëyë ”!Ýþ Ÿö · î vþF‰þyî’ ²ìyë ~„þî„þ› !„þ‰sþ îy˜y˜ ö¢...yö˜ xyœy”yÐ ~î„þ› Ÿ · †!œö„þ ²ìyë ¢ö›yF‰þy!î“þ !¦þ§yí„þ Ÿ · îœy £ëÐ öë›˜ ‡ôôö x!„þMþ˜ S!˜ƒßþ- ”!îoVôöxy!„þMþ˜ S÷”˜Ä- ”y!îoÄV– x...Äy“þ Sx²ì!¢å•Vôöxy...Äy“þ S„þ!í“þ-vþ!Í!...“þV– x<vþ S<vþ ˜ë- <#î‰sþVôöx<î S<îy@ìßþ ˜ëVÐ

“þy£öœ ¢ö›yF‰þy!î“þ !¦þ§yí„þ Ÿ · þ™vþyî ¢›ë ö...ëyœ îyö...y ‡ôôö

1. ~›˜ xö˜„þ Ÿ · xyöŠ‡ ëyö”î vþF‰þyî’ ~„þ !„þ‰sþ xí ç îy˜y˜ xyœy”yÐ
2. îy˜y˜ ç vþF‰þyî’ ~„þ !„þ‰sþ xí xyœy”yÐ

~›˜ vþ”y£î’ ö“þy›îy !Ÿ...öî ç ¢,@ì£ „þîöîÐ

নিজে করো :

x!˜œ‡	x§	xþ™‰þë	xA„þ	x’	x‡	x!î„þ“þ	xî”y˜
x˜#œ	x˜Ä	xî‰þë	xA„þÄ	x˜	x‡Ä	x!î„þ#“þ	xî•y˜

পদান্তর (পদান্তরীকরণ)

îyö„þÄ ÎÄî£“þ !î¦þ!=þ ë=þ Ÿ · ö„þ îœy £ë þ™”Ð ö„þyö˜y ö„þyö˜y þ™”ö„þ x˜Ä ö„þyö˜y þ™ö” þ™!îî!“þ“þ „þîyî î#!“þö„þ îœy £ë **পদান্তর করা** îy **পদান্তরীকরণ**Ð öë›˜- !îöŸ¡Ä öíö„þ !îöŸ¡ö’ þ™!îî“þö˜î vþ”y£î’ !£ö¢öî îœy ëyë ‡ôôö x,Ÿôöxy,!Ÿ„þ-vþ§ë˜ôövþ§#“þ- ŸîêôŸyî”–×î’ôö×“ÞxyîyîîöŸ¡’öíö„þ!îöŸö¡Äî þ™!îî“þö˜îvþ”y£î’ !£ö¢öî îœy ëyë ‡ôôö xÇþ›ôöxÇþ›“þy-†¦þ#îôö†¦þ#î“þy– ”!îoô”y!îoÄ– Ÿ#“þö÷Ÿ“þÄ– xyœö¢ôöxyœö¢!›Ð

„þ...ö˜y !îöŸ¡Ä öíö„þ !„þëy !îöŸ¡ö’ þ™”ysþî œÇþ „þîy ëyëÐ öë›˜‡ôôö £˜£˜ôö£˜£!˜öë- !îöŸ¡ô!îöŸ¡¦þyöîÐ xyîyî !îöŸ¡’öíö„þ !„þëy !îöŸ¡ö’ þ™”ysþî œÇþ „þîy ëyëÐ öë›˜‡ôôö ›”ôö›”¦þyöî- ¦þyöœyôö¦þyöœy „þöîÐ

নিজে করো :

“þî’- <y†!“þ„þ- ‰þ“þî- Çþ#’- †½#î- ‡˜- !‰þî‰sþ˜- <y“þ#ë- àþy[þy- “þS‡ë- “þ#î- ”ëyœ- ”†›- •îœ- ˜<î”yî- ˜“þ˜- þ™!îe-²ìîœ- ²ìy“þÄ!£„þ- îr•î- ›@ì- ›¢’- ëíyí- öëy†Ä- î!¢„þ- œ‡- Ÿ#“þ- Ÿ˜Ä- ¢,†“þ- ¢‰œ- £”ëÐ

পত্ররচনা

!‰þ!àþ öœ...yî !î¡ë!Ýþö„þ£ îœy £ë òþ™e!œ...˜ó îy òþ™eî‰þ˜yóÐ ¡Ûþö×!'ö“þ xy›îy þ™y!îîy!î„þ îy îÄ!=þ†“þ þ™e ~î, ²ìŸy¢!˜„þ îy xyöî”˜›œ„þ þ™e !œ...˜ !î¡öë <y˜îÐ

þ™y!îîy!î„þ îy îÄ!=þ†“þ !‰þ!àþþ™e xy›îy xy›yö”î xyd#ëßþ<˜- îr•- þ™!î!‰þ“þ >y˜¡<˜ö„þ !œö... íy!„þÐ

þ™y!îîy!î„þ îy îÄ!=þ†“þ !‰þ!àþþ™öe ¢y•yî'“þ „þŸœ !î!˜›ë x,Ÿ- þ™eöœ...ö„þî !àþ„þy˜y ç “þy!î...- þ™öeî ²ìyþ™„þö„þ vþþ™ë=þ ¢½þy¡ö'î þ™î ›œ î=þîÄ þ™!îöîŸ˜ „þîy £öë íyö„þÐ

þ™öeî öŸö¡î !”ö„þ íyö„þ ¢›y!® ¢½þy¡'¢‰þ„þ îy„þÄ ~î, ~ö„þîyöî öŸö¡ þ™eöœ...ö„þî ßþyÇþîÐ

xyî ²ìŸy¢!˜„þ îy xyöî”˜ þ™öe ö„þyö˜y ¢î„þyî# ”®öî îy !î”Äœë ²ì•yö˜î „þyöŠ ö“þy›yö”î ö„þyö˜y !îöŸ¡ !î¡öë xyöî”˜ !œ...ö“þ £öîÐ

~öÇþöe þ™”y!•„þyî# þ™”›ëy”y ç ¢Á™' !àþ„þy˜y vþöÍ... „þîö“þ £öîÐ

ö²ìî„þ îöþ™ ö“þy›yî ¢Á™' ßþyÇþî ç ˜y›- !àþ„þy˜y íy„þöîÐ

- ব্যক্তিগত পত্র

নমুনা : বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানে আবৃত্তি ও সংগীত প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পাওয়ায় দিদিকে অভিনন্দন জানিয়ে বোনের চিঠি

গ্রাম - সূর্যপুর, উত্তর ২৪ পরগনা
১২.০৮.২০২১

প্রিয় অনন্যাদি,

তোমার চিঠি পেলাম। অন্যান্য বারের মতো তোমার চিঠি পেয়ে আমি খুব খুশি হয়েছি। এবার আরো বেশি খুশি কারণ তুমি লিখেছ, বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠানে আবৃত্তি ও সংগীত প্রতিযোগিতায় তুমি প্রথম স্থান অধিকার করেছ। গতবছর ডিসেম্বরে আমাদের বাড়ি এসে তুমি যে গান শুনিয়েছিলে তার স্মৃতি এখনও অম্লান। মা, বাবাকে তোমার সাফল্যের কথা শুনিয়েছি, তাঁরা তোমাকে আশীর্বাদ জানিয়েছেন। আর তোমার জন্য বাবা উপহার হিসেবে 'স্বরবিতান' কিনে দেবেন বলেছেন।

আমরা ভালো আছি। চিঠির অপেক্ষায় রইলাম।

ইতি -

তোমার স্নেহের বোন
নুপুর

প্রাপক
অনন্যা গুহঠাকুরতা
গ্রাম - বোলপুর, জেলা - বীরভূম
পিনকোড - ৭৩১ ২০৪

- প্রশাসনিক পত্র

নমুনা : বিদ্যালয়ের সামনে যান নিয়ন্ত্রণের জন্য অনুরোধ জানিয়ে প্রশাসনের কাছে পত্র

মাননীয় পরিবহন অধিকর্তা
প্রশাসনিক ভবন, পরিবহন দপ্তর
বারাকপুর, চিড়িয়ামোড়
বারাকপুর

মহাশয়,

আমরা রহড়া ভবনাথ ইনস্টিটিউশন ফর গার্লস-এর ছাত্রী। রহড়া অঞ্চলটি জনবহুল এবং প্রতিদিন এই অঞ্চলের রাস্তা দিয়ে প্রচুর যানবাহন চলাচল করে। সকাল দশটা থেকে যানবাহনের সংখ্যা অত্যধিক বৃদ্ধি পায়, ফলে আমাদের বিদ্যালয়ের সামনের রাস্তায় ভয়ানক যানজটের সৃষ্টি হয়। একই অবস্থা হয় বিকালে বিদ্যালয় ছুটির পর। বিপজ্জনক গতিতে বড়ো গাড়িগুলি চলার ফলে আমাদের সাইকেল চালাতেও অসুবিধা হয়। কখনো-কখনো দুর্ঘটনাও ঘটে। আপনি যদি অনুগ্রহ করে এই অঞ্চলের যানবাহন নিয়ন্ত্রণের ব্যবস্থা করেন তাহলে অশেষ উপকৃত হব।

বারাকপুর
১৯ ডিসেম্বর, ২০২১

নমস্কারান্তে,
রহড়া ভবনাথ ইনস্টিটিউশন ফর গার্লস-এর ছাত্রীবৃন্দ

নিজে করো :

- হস্টেলে থেকে ভাই কেমন লেখাপড়া করছে তা জানতে চেয়ে তার কাছে একটি চিঠি লেখো।
- গরমের ছুটিতে কেমন কাটিয়েছ তা জানিয়ে বন্ধুর কাছে একটি চিঠি লেখো।
- বিদ্যালয়ের সামনে কাটা ফল বিক্রি বন্ধের অনুরোধ জানিয়ে প্রশাসনের কাছে পত্র।
- তোমার শখের কথা জানিয়ে বন্ধুর কাছে একটি চিঠি লেখো।
- দেওয়ালপত্রিকা প্রকাশের অনুমতি চেয়ে বিদ্যালয় প্রধানের কাছে একটি পত্র লেখো।

সপ্তম অধ্যায়

প্রস্তুতিকালীন মূল্যায়নে সূচকের ব্যবহার

সূচক ১। অংশগ্রহণ।

পাঠ :১। পাগলা গণেশ : শীর্ষেন্দু মুখোপাধ্যায়

আজ সকালে গণেশকে কবিতায় পেয়েছে। কবিতা লিখছে আর ভাসিয়ে দিচ্ছে বাতাসে। কবিতার কাগজগুলো বাতাসে কাটা ঘুড়ির মতো লাট খাচ্ছে, ঘুরছে ফিরছে, ভাসছে, পাক খাচ্ছে, তারপর পাহাড়ের গা বেয়ে গড়িয়ে গড়িয়ে চলে যাচ্ছে অনেক দূর। প্রতিদিন যত কবিতা লিখেছে গণেশ, সবই এইভাবে ভাসিয়ে দিয়েছে। যদি কারও কাছে পৌঁছোয়, যদি কেউ পড়ে।

আকাশে একটা পিপে ভাসছিল। গণেশ লক্ষ করেনি। পিপেটা ধীরে ধীরে নেমে এল। নামল একজন পুলিশম্যান। গণেশকে সসম্ভ্রমে অভিবাদন করে বলল, স্যার, এককালে আপনি যখন কলকাতার সায়েন্স কলেজে মাইক্রো ইলেকট্রনিক্স পড়াতেন, তখন আমি আপনার ছাত্র ছিলাম। কিন্তু এসব আপনি কী করছেন? পাহাড়ময় কাগজ ছড়াচ্ছেন কেন? এটা কি নতুন ধরনের কোনো গবেষণা?

গণেশ মাথা নাড়ল, না হে না, ওসব গবেষণা টবেষণা আমি ভুলে গেছি। আমি পৃথিবীকে বাঁচানোর চেষ্টা করছি।

তার মানে? পৃথিবী তো দিব্যি বেঁচে আছে। মরার কোনো লক্ষণই নেই।

মরছে। পৃথিবী মরছে। পরে টের পাবে।

এ কাগজগুলো কি কোনো প্রেসক্রিপশন? পৃথিবীর বাঁচবার ওষুধ?

ঠিক তাই। ওগুলো কবিতা। তুমি পড়ে দেখতে পারো।

লোকটা মাথার হেলমেট খুলে মাথা চুলকে হতভম্বের মতো বলল, কবিতা!

হ্যাঁ। কবিতা পড়ো?

লোকটা পায়ের কাছে পড়ে থাকা একটা পাক-খাওয়া কাগজ কুড়িয়ে নিয়ে কিছুক্ষণ চেয়ে রইল।

কিছু বুঝলে?

লোকটা অসহায় ভাবে মাথা নেড়ে বলল, কিছু বুঝতে পারছি না স্যার। কোনোদিন এ জিনিস পড়িনি।

তোমার বয়স কত?

একশো একান্ন বছর।

বাচ্চা ছেলে।

আজ্ঞে হ্যাঁ স্যার। আমাদের আমলে শিক্ষানিকেতনে এসব পড়ানো হতো না। শুনেছি তারও অনেক আগে কবিতা নামে কী যেন ছিল।

লোকটি নিরীহ এবং ভালোমানুষ দেখে গণেশবাবু হুকুমের সুরে বলে উঠল, মনে মনে পড়লে হবে না। জোরে জোরে পড়ো।

লোকটি কাগজটার দিকে চেয়ে থেমে থেমে পড়তে লাগল, গ্রহটি সবুজ ছিল, গাঢ় নীল জল, ফিরোজা আকাশ... কোকিলের ডাক ছিল, প্রজাপতি, ফুলের সুবাস... আধো আধো বোল ছিল, টলে টলে হাঁটা ছিল, শিশু ভোলানাথ—শৈশব ভাসায়ে জলে, কবি যে বৃহৎ হলে, নামিল আঘাত।—

থামো, বুঝলে কিছু?

লোকটি মাথা নেড়ে বলে, কিছুই বুঝিনি স্যার।

একটুও না?

লোকটা মাথা নেড়ে বলল, শুধু মনে পড়ছে একসময়ে আমিও টলে টলে হাঁটতে শিখেছিলুম—

গণেশ হতাশ হলো। কবিতা তার ভালো হয়নি ঠিকই, কিন্তু না বুঝবার মতো নয়।

লোকটা গণেশকে অভিবাদন করে চলে গেল, যেন একটু ভয়ে ভয়েই।

পরদিন সকালে রোজকার মতো কবিতা লিখতে বসেছে গণেশ। এমন সময় একটা বড়ো সড়ো পিপে এসে সামনে নামল।

স্যার!

গণেশ তাকিয়ে দেখে, সেই লোকটি, সঙ্গে দুই মহিলা।

আমার স্ত্রী আর মাকে সঙ্গে নিয়ে এলাম। আমার মা কবিতার ব্যাপারটা খানিকটা জানে। এরা দুজনেই কবিতা শুনতে চায়।

গণেশ অবাক এবং খুশি দুই-ই হলো। তবে কবিতা শুনিয়েই ছাড়ল না। গান শোনালো, ছবি দেখালো।

তিনজন মন্ত্রমুগ্ধ হয়ে বসে রইল।

কিছু বুঝতে পারছো তোমরা?

তিনজনেই মাথা নেড়ে জানাল, না।

লোকটা বিনীত ভাবেই বলল, না বুঝলেও আমার মধ্যে কী যেন একটা হচ্ছে।

কী হচ্ছে?

ঠিক বোঝাতে পারব না।

পরদিন লোকটা ফের এল। সঙ্গে আরও চারজন পুলিশম্যান।

এরা স্যার আমার সহকর্মী, কবিতা গান ছবির ব্যাপারটা বুঝতে চায়।

গণেশ খুব খুশি। বোসো বোসো।

পাঁচজন শ্রোতা ও দর্শক ঘণ্টা দুই ধরে গণেশের কবিতা শুনল, গান শুনল, ছবি দেখল। কেউ ঠাট্টা বিদ্রুপ করল না। গম্ভীর হয়ে রইল।

পরদিন লোকটা এল না। কিন্তু জনা দশেক লোক এল। পুলিশ আছে, বৈজ্ঞানিক আছে, টেকনিশিয়ান আছে।

পরদিন আরও কিছু লোক বাড়ল।

পরদিন আরও।

আরও।

এক সপ্তাহ পরে রাষ্ট্রপুঞ্জের মহাসচিব তাঁর বিমান থেকে নামলেন গণেশের ডেরায়। এ আপনি কী কাণ্ড করেছেন? পৃথিবী যে উচ্ছন্নে গেল! লোকে গান গাইতে লেগেছে, কবিতা মকসো করছে, হিজিবিজি ছবি আঁকছে।

গণেশ হোঃ হোঃ করে হেসে উঠে বলল, যাঃ তাহলে আর ভয় নেই। দুনিয়াটা বেঁচে যাবে...

অংশগ্রহণের ক্ষেত্র : উদ্ধৃত অংশটি অবলম্বনে বিভিন্ন দল শ্রেণিকক্ষে শিক্ষক-শিক্ষিকার সাহায্যে নাট্যরূপ গড়ে তুলবে এবং অভিনয় করবে।

- সহযোগী সূচক : নান্দনিকতা ও সৃষ্টিশীলতা

সূচক ২। প্রশ্ন করা ও অনুসন্ধানে আগ্রহ।

পাঠ :১। খোকনের প্রথম ছবি : বনফুল

- ছাত্রছাত্রীদের চারটি দলে ভাগ করে নিন।
- প্রতিটি দল দুটি করে প্রশ্ন তৈরি করবে।
- প্রশ্ন তৈরির সময় প্রকৃতি দেখে ছবি আঁকা থেকে নিজে কল্পনা করে ছবি আঁকা— খোকনের মানসিকতার এই বিবর্তনের রূপরেখাটি যেন প্রশ্নে প্রতিফলিত হয়— সেদিকে নজর রাখবেন।

ক দলের দুটি প্রশ্নের উত্তর 'খ' দল এবং 'খ' দলের প্রশ্নের উত্তর 'গ' দল, 'গ' দলের প্রশ্নের উত্তর 'ঘ' দল এবং 'ঘ' দলের প্রশ্নের উত্তর 'ক' দল দেবে।

- সহযোগী সূচক : অংশগ্রহণ

সূচক ৩। ব্যাখ্যা ও প্রয়োগের সামর্থ্য।

পাঠ :৮। ভারততীর্থ : রবীন্দ্রনাথ ঠাকুর

কেহ নাহি জানে কার আহ্বানে কত মানুষের ধারা
দুর্বার স্রোতে এল কোথা হতে, সমুদ্রে হলো হারা।
হেথায় আর্য, হেথা অনার্য, হেথায় দ্রাবিড় চিন—
শক-হুন-দল পাঠান মোগল এক দেহে হলো লীন।
পশ্চিমে আজি খুলিয়াছে দ্বার, সেথা হতে সবে আনে উপহার,
দিবে আর নিবে, মিলাবে মিলিবে, যাবে না ফিরে—
এই ভারতের মহামানবের সাগরতীরে॥
রণধারা বাহি জয়গান গাহি উন্মাদ কলরবে
ভেদি মরুপথ গিরিপর্বত যারা এসেছিল সবে
তারা মোর মাঝে সবাই বিরাজে, কেহ নহে নহে দূর—
আমার শোণিতে রয়েছে ধ্বনিতে তার বিচিত্র সুর।

ছাত্রছাত্রীরা চারটি দলে বিভক্ত হয়ে উদ্ধৃত অংশটি দুটি করে পঙ্‌ক্তির ব্যাখ্যা করবে। ভারতীয় সংস্কৃতিতে শক, হূন, পাঠান-মোগলের অবদান সম্পর্কে লিখবে। প্রয়োজনে তারা ষষ্ঠ শ্রেণির 'ইতিহাস ও পরিবেশ' বই থেকে শক ও হূনদের অবদান সম্পর্কে তথ্য সাহায্য নিতে পারে। পাঠান মোগলদের অবদান সম্পর্কে জানতে সপ্তম শ্রেণির 'ইতিহাস ও পরিবেশ' বইটি তাদের সাহায্য করবে।

- সহযোগী সূচক : প্রশ্ন করাও অনুসন্ধানে আগ্রহ

সূচক ৪। সমানুভূতি ও সহযোগিতা।

পাঠ : ৮। স্বাধীনতা সংগ্রামে নারী : কমলা দাশগুপ্ত

দলগত আলোচনার বিষয় : 'ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে নারীর অবদান বহুক্ষেত্রে অনুল্লিখিত থেকে গেছে।— এই বিষয়টিকে কেন্দ্র করে কয়েকটি দলে ভাগ হয়ে শিক্ষার্থীরা নিজেদের মতামত ব্যক্ত করবে।

- সহযোগী সূচক : ব্যাখ্যা ও প্রয়োগের সামর্থ্য

সূচক ৫। নান্দনিকতা ও সৃষ্টিশীলতার প্রকাশ।

পাঠ : ১০। চিন্তাশীল : রবীন্দ্রনাথ ঠাকুর

ছাত্রছাত্রীরা চারটি দলে ভাগ হয়ে 'চিন্তাশীল' নাটিকাটির গল্পরূপ তৈরি করবে। 'ক' ও 'খ' দল নাটিকাটির প্রথম ও দ্বিতীয় দৃশ্যের গল্পরূপ তৈরি করবে। আবার 'গ' ও 'ঘ' দল অনুরূপ কাজটি করবে। প্রয়োজনে কাজটি সহজতর করার লক্ষ্যে নাটিকাটিকে আরো কয়েকটি ছোটো এককে ভাগ করে গল্পাংশ গড়ে তোলা ও শেষে পূর্ণাঙ্গ রূপ দেওয়া যেতে পারে।

- সহযোগী সূচক : অংশগ্রহণ

পাঠভিত্তিক প্রশ্ন

ছন্দে শুধু কান রাখো

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ এই দুনিয়ায় যা না তুললে ছন্দ অনুধাবন করা যাবে না তা হলো— জ্ঞান / দ্বন্দ / উচ্ছ্বাস / আবেগ।

১.২ যে সময়ে ঝিঁ ঝিঁ পোকা ডেকে ওঠে, তা হলো— ভোর / গভীর রাতে / দুপুর বেলায় / বিকেলে।

১.৩ নদীর স্রোতের ছন্দ যার সমতুল্য— নৌকার চলা / মাঝির গান / ছড়া / বৃষ্টি।

১.৪ ছন্দ ও সুরকে অনুভব করলে জীবন যা হতে পারে তা হলো — পদ্যময় / দীর্ঘায়ু / স্বাস্থ্যকর / সুরভিত।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ কবি অজিত দত্ত 'ছন্দে শুধু কান রাখো' কবিতাটি সংস্কৃতি ও বিজ্ঞান ভাবমূলের সঙ্গে কীভাবে সম্পর্কিত তা আলোচনা করো।

২.২ কবি অজিত দত্তের মতে কখন ছন্দ শোনা যায় না?

২.৩ 'ছন্দ আছে' — এমন চারটি প্রাকৃতিক বিষয় বা ঘটনার নাম লেখো।

২.৪ 'নদীর স্রোতের ছন্দ যদি/মনের মাঝে শুনতে পাও'— নদীর স্রোতের ছন্দ আমরা কীভাবে মনের মাঝে শুনতে পাই?

২.৫ 'কিচ্ছুটি নয় ছন্দহীন'— উদ্ধৃতাংশের ব্যাখ্যা লেখো।

২.৬ 'চিনবে তারা ভুবনটাকে'— 'ভুবন' বলতে কী বোঝানো হয়েছে? তারা বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কীভাবে ভুবনটাকে চিনবে?

২.৭ 'পদ্য লেখা সহজ নয়'— পদ্য লেখা কখন কঠিন হয়ে পড়ে?

২.৮ 'জীবন হবে পদ্যময়'— জীবন কখন পদ্যময় হবে?

২.৯ 'ছন্দে শুধু কান রাখো' কবিতাটিতে সংস্কৃতি ও বিজ্ঞানভাবনার সমন্বয় কীভাবে ঘটেছে?

২.১০. ছন্দ মানবজীবনে কেমন প্রভাব ফেলতে পারে বুঝিয়ে লেখো।

পাগলা গণেশ

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ 'ধুর মশাই, এ যে বিটকেল শব্দ'' এখানে বিটকেল শব্দটি যে অর্থ প্রকাশ করে তা হলো —
আকর্ষণীয় / বিদঘুটে / কুৎসিৎ / বিচিত্র।

১.২ বায়োকেমিস্ট্রির ল্যাবরেটরি স্থাপিত হয়েছিল যেখানে—
মানস সরোবরে / এভারেস্টে / রূপকুণ্ডে / সমুদ্রের তলদেশে।

১.৩ পাগলা গণেশের বয়স যত বছর তা লেখো —
সাতাত্তর / একশ / দেড়শ / দুশো।

১.৪ 'আমাদের আমলে শিক্ষানিকেতনে এসব পড়ানো হতো না।' — এখানে এসব বলতে যা বোঝানো হয়েছে তা হলো
বিজ্ঞান / গণিত / কবিতা / চিত্রশিল্পি।

১.৫ পাঁচজন শ্রোতা ও দর্শক দুঘন্টা ধরে গণেশের কবিতা শুনে এই আচরণ করেছিল :
বিদ্রুপ করেছিল / গান করেছিল / গম্ভীর হয়ে রইল / হেসেছিল।

১.৬ গণেশের কাছে পুলিশের লোকেরা এই যানে চড়ে এসেছিল—
বিমান / নৌকা / পিপে / জাহাজ।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'পাগলা গণেশ' যে একটি কল্পবিজ্ঞানের গল্প তা তুমি কীভাবে বুঝতে পারো?

২.২ 'দুনিয়াটা বেঁচে যাবে' বক্তার একথা মনে হয়েছিল কেন?

২.৩ রাষ্ট্রপুঞ্জের মহাসচিব গণেশের ডেরায় এসে কী বলেছিলেন?

২.৪ 'পাগলা গণেশ' গল্পে সভ্যতার কোন সমস্যার দিকে ইঙ্গিত রয়েছে?

২.৫ 'খামোকা সময় নষ্ট'— এমন ভাবনার কারণ কী?

২.৬ 'খেলাধুলোর পাটও চুকে গেছে'— কীভাবে বোঝা গেল?

২.৭ 'আছে শুধু বিজ্ঞান আর বিজ্ঞান।'— পৃথিবীতে কার কার থাকার কথা?

২.৮ 'একা সে পৃথিবীর গতি কিছুতেই উল্টে দিতে পারবে না।'— গণেশের এরূপ ধারণা কেন?

২.৯ 'পৃথিবী বাঁচবার ওষুধ।'— পৃথিবীর কী অসুখ করেছে বুঝিয়ে দাও।

২.১০. 'চর্চার অভাবে মানুষের মনে আর ওসবের উদ্রেক হয় না।'— মানুষের মন থেকে কোন কোন অনুভূতি হারিয়ে গেছে?

২.১১. 'পাগলা গণেশ' গল্পের মুখ্য চরিত্র গণেশকে তোমার কেমন লাগে?

বঙ্গভূমির প্রতি

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ প্রবাসে দৈবের বসে মৃত্যু কবির যে মনোভাব প্রকাশ পাবে না তা হলো — খেদ / বিস্ময় / শোক / যন্ত্রণা।

১.২ কবি যে বর প্রার্থনা করেছিলেন তা হলো — সম্পদ / অনরত্ন / রাজত্ব / এর সবগুলি।

১.৩ 'অমর কে কোথা কবে .....' এখানে অমর শব্দটির অর্থ হবে — মৃত্যুহীন / ক্ষয়হীন / অর্থহীন / উজ্জ্বল।

১.৪ 'প্রবাসে দৈবের বশে / জীব তারা যদি খসে / এ দেহে আকাশ হতে...— এখানে জীবতারা বলতে যা বোঝান হয়েছে তা হলো— উল্কা পাত / মৃত্যু / জন্ম / বজ্রপাত।

১.৫ 'কোকনদ' শব্দের অর্থ হলো — লাল পদ্ম / নীল পদ্ম / সাদা পদ্ম / লাল গোলাপ।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবির মাতৃভূমির প্রতি অনুরাগ কীভাবে প্রকাশ পেয়েছে?

২.২ ‘প্রবাসে দৈবের বশে’— প্রবাসযাপন কালে কোন ঘটনার প্রসঙ্গ এনেছেন কবি?

২.৩ ‘চিরস্থির কবে নীর, হায় রে, জীবন-নদে?’— এই উদাহরণের আড়ালে কবি কি বলতে চেয়েছেন?

২.৪ ‘হেন অমরতা আমি’— এখানে কবির অমরতা লাভের রূপটি কেমন?

২.৫ ‘এ মিনতি করি পদে’— কবি কার কাছে কী প্রার্থনা জানিয়েছেন?

২.৬ মৃত্যুর অনিবার্যতা বোঝাতে কবি কবিতায় যে দুটি উদাহরণ রেখেছেন, সে দুটির উল্লেখ করো।

২.৭ ‘দেহ দাসে, সুবরদে!’— ‘সুবরদে’ বলতে কবি কাকে বুঝিয়েছেন?

২.৮ ‘সেই ধন্য নরকুলে’— ‘নরকুলে’ ধন্য কে বা কারা?

২.৯ ‘যথা ফলে মধুময় তামরস’— মধুময় তামরসের উপমাটি প্রসঙ্গসহ ব্যাখ্যা করো।

২.১০ ‘মধুহীন কোরো না গো’— মধুহীন না করার প্রসঙ্গটির তাৎপর্য বুঝিয়ে দাও।

একুশের কবিতা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ জারি সারি ভাটিয়ালি মুর্শিদি গানের সঙ্গে মিশে আছে যাঁর মুখ তিনি হলেন —
কবি / মাঝি / গ্রামের মানুষ / মা।

১.২ হঠাৎ কয়েকটি গুলির আওয়াজশোনা গেল যেখানে—
ধান ক্ষেতের ধারে / বিন্নিধানের মাঠের ধারে / নদীর ধারে / হাটের ধারে।

১.৩ কবেকার পাঠশালায় পড়া সুর যেভাবে কবি আশারাফ সিদ্দিকীর কানে ভেসে আসে
গানের সুরে / আবৃত্তির ঢঙে / মন্ত্রের সুরে / মাঝির গানে।

১.৪ গান শেষ না হওয়া পাখিদের গুলিবিদ্ধ হওয়ার শোকে প্রকৃতিতে যা হয়েছিল —
প্রবল বৃষ্টি / কালবৈশাশীর ঝড় / বজ্রপাত / তুষারপাত।

১.৫ বাংলা ভাষার সঙ্গে যে একুশে তারিখের আত্মার যোগ, তা এই মাসের সঙ্গে সম্পর্কিত—
জানুয়ারি / ফেব্রুয়ারি / মার্চ / এপ্রিল।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ ভাষা আন্দোলনের প্রেক্ষিতে ‘একুশের কবিতা’ এবং ‘একুশের তাৎপর্য’ রচনাটির তুলনামূলক আলোচনা করো।

২.২ তোমার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস — এর অনুষ্ঠানে তোমাদের পাঠ্য রচনাগুলিকে কীভাবে ব্যবহার করেছো সে সম্পর্কে ভাইয়ের কাছে একটি চিঠি লেখো।

২.৩ ‘পাখি সব করে রব’ কবিতাটি যে কবিতার অংশ — ক) সহজ পাঠ খ) আদর্শ-লিপি গ) বর্ণপরিচয় ঘ) শিশুশিক্ষা

২.৪ ‘বিন্নি ধানের মাঠের ধারে হঠাৎ কয়েকটি গুলির আওয়াজ’ — উদ্ধৃতাংশে গুলির আওয়াজের প্রসঙ্গ এসেছে কেন?

২.৫ ‘সুর নয় স্মৃতির মধুভাণ্ডার’ — কোন সুরকে কবি কেন স্মৃতির মধুভাণ্ডার বলেছেন?

২.৬ মিছিলে এসে দাঁড়ানো কবির মা-এর সম্পর্কে একুশের কবিতা শীর্ষক কবিতায় যা বলা হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

২.৭ 'পাখি সব করে রব'— উদ্ধৃতাংশটি কার লেখা কোন কবিতার অংশ? কবিতাটি তাঁর কোন বইতে রয়েছে?

২.৮ 'সুর নয় স্মৃতির মধুভাণ্ডার'— এই সুরকে কেন 'স্মৃতির মধুভাণ্ডার' বলা হয়েছে? তা কবির মনে কোন স্মৃতি জাগিয়ে তোলে?

২.৯ 'এ মিছিলে এসে দাঁড়িয়েছেন আমার মা'— 'আমার মা' কী কী করেন?

২.১০ তোমার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কীভাবে পালিত হয়ে থাকে, তা জানিয়ে প্রিয় বন্ধুকে চিঠি লেখো।

আত্মকথা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ রামকিঙ্কর বেইজ-এর স্মৃতিচারণ থেকে জানা যায়, তাঁর বাড়ির সামনের রাস্তাটি ছিল

পিচ দিয়ে ঢাকা / লাল মোরামে ঢাকা / ইট বাঁধান রাস্তা / মাটিতে পায়েচলা পথ।

১.২ শিল্পী তাঁর ছেলেবেলায় তুলি বানাতে যা ব্যবহার করতেন—

বেজির পিঠের লোম / হরিণের লেজের লোম / ছাগলে ঘাড়ের লোম / খরগোসের পিঠের লোম।

১.৩ রামকিঙ্কর শিল্পী নন্দলাল বসুর অ্যালবাম এই পত্রিকায় দেখেছিলেন—

প্রবাসী / বিচিত্রা / ভারতী / কল্লোল।

১.৪ শান্তিনিকেতনে রামকিঙ্করই সর্ব প্রথম এই রঙের ব্যবহার শুরু করেছিলেন—

অয়েল পেন্ট / জল রঙ / পেনসিল স্কেচ / প্যাস্টেল রঙ।

১.৫ নন্দলাল বসু ছিলেন কলাভবনের

আচার্য / অধ্যক্ষ / উপাচার্য / শিক্ষক।

১.৬ রামকিঙ্কর শান্তিনিকেতনে প্রথম কোন বিষয়টি শুরু করেন?

পুতুল তৈরি / অয়েল পেন্টিং / ওরিয়েন্টাল আর্ট / ল্যান্ডস্কেপ।

১.৭ 'প্রথম পৃষ্ঠায় ছিল শিল্পীর হাতে আঁকা কবির একখানি রেখাচিত্র।' — এখানে কোন পত্রিকার কথা বলা হয়েছে—

যুগান্তর / আনন্দবাহার / বিশ্বভারতী / রবীন্দ্রভারতী।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ রাসকিঙ্কর বেইজ রচিত 'আত্মকথা' অনুসরণে তাঁর শিল্পী জীবন সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

২.২ রামকিঙ্কর বেইজ — এর গড়া কয়েকটি বিখ্যাত মূর্তির নাম করো।

২.৩ কী কী দিয়ে শিল্পী রামকিঙ্কর রঙের প্রয়োজন মেটাতেন?

২.৪ নন্দলাল বসুর কাজের কোন দিকটা শিল্পী রামকিঙ্করকে বেশি প্রভাবিত করেছিল?

২.৫ 'এই সাদামাটা সুরটা আমাকে ভীষণভাবে টানে'— কাকে টানে? 'সাদামাটা সুর' বলতে তিনি কী বুঝিয়েছেন? তাঁকে এই সুর টানে কেন?

২.৬ 'যতদূর মনে হচ্ছে—গার্ল অ্যান্ড দ্য ডগ'— কার উক্তি? 'গার্ল অ্যান্ড দ্য ডগ' কীসের নাম? তিনি কীভাবে এ ধরনের কাজ শিখলেন?

২.৭ 'মূর্তি গড়ার ইতিহাসটাও খুব মজার।'— মূর্তি গড়ার মজার ইতিহাসটি কেমন ছিল?

২.৮ 'কিন্তু নিজে ইমপোজ করতেন না।'— যিনি ইমপোজ করতেন না তাঁর সম্পর্কে বক্তার মনোভাবটি উল্লেখ করো।

২.৯ 'সেই দু-তিন বছর আমার এখনো শেষ হলো না।'— উদ্ধৃতাংশটির মর্মার্থ বুঝিয়ে দাও।

আঁকা, লেখা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ প্রজাপতির ঝাঁক তাদের রাখি আমার — লেখায় / আঁকায় / কবিতায় / গল্পে।

১.২ রং-তুলিরা বেজায় খুশি আজ — দুপুরে / সকালে / রাতে / ভোরে আমায় পেয়ে।

১.৩ এই ছড়াতেই আজ আমাকে তোমার কাছে আনলো — পাঠক / প্রকাশক / হাওয়া / বৃষ্টি।

১.৪ তিনটি শালিক ঝগড়া থামায়, অবাক তাকায় — প্রজাপতি / চড়ুইপাখি / অন্য শালিক / মাছরাঙা।

১.৫ 'অ' লিখছে 'আ' লিখছে দশ জোনাকি — আম / জাম / বকুল / পিয়াল- গাছে।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'আঁকা, লেখা' কবিতায় বর্ণিত দুপুর ও রাতের পরিচয় দাও।

২.২ 'এই ছড়াতেই আজ আমাকে তোমার কাছে আনলো হাওয়া' — কোন ছড়ার কথা এখানে বলা হয়েছে? কবি কাকে সম্বোধন করে একথা বলেছেন? তার কাছে পৌঁছে কবির অনুভূতিটি কেমন?

২.৩ 'কেউ লেখেনি আর কোথাও'— কোন লেখার কথা এখানে বলা হয়েছে?

২.৪ 'আঁকা, লেখা' কবিতায় কবি কোন বিষয়কে পদক পাওয়া বলে মনে করেছেন?

২.৫ কবি যখন ছবি আঁকেন তখন কী কী ঘটনা ঘটে?

২.৬ বর্ণবিন্যাসে কারা ব্যস্ত থাকে? কোথায়?

২.৭ 'রং-তুলিরা বেজায় খুশি আজ দুপুরে আমায় পেয়ে'— কবির এমন মনে হয়েছে কেন?

২.৮ তুমি যখন একা ছবি আঁকতে বসো তখন তোমার মনের অনুভূতি কেমন হয় তা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো।

খোকনের প্রথম ছবি

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ খোকন এখন বড়ো হয়েছে। ক্লাস — সেভেন / নাইন / টেন / টুয়েলভ -এ পড়ে।

১.২ পুলের ছবিটা দেখতে খুব প্রশংসা করলেন — বাবার বন্ধু / মাস্টার মশাই / দিদিমনি / বাবা-মা।

১.৩ খোকনের বাবার একজন বিখ্যাত চিত্রকর বন্ধু থাকেন — এলাহাবাদে / লক্ষ্ণৌতে / দিল্লীতে / কোলকাতাতে।

১.৪ একদিন খোকন যার ছবি আঁকতে গিয়ে বেকুব হয়েছিল সেটি ছিল — একটি হাতি / মেঘ / গোলাপফুল / ইউক্যালিপটাস গাছ।

১.৫ খোকনের আঁকা প্রথম মৌলিক ছবিটির রঙ ছিল — লাল / হলুদ / কালো / সাদা।

১.৬ খোকনের বাবার বন্ধু থাকতেন এই শহরে — নাগপুর / লক্ষ্ণৌ / দিল্লি / আগ্রা।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ উৎসাহের সঙ্গে ছবি আঁকতে আঁকতে খোকন একদিন অনুভব করল প্রকৃতির ছবি ঠিক আঁকা যায় না। কেন তার এরকম মনে হয়েছিল?

২.২ খোকনের আঁকা ছবিগুলি দেখে তার বাবার বন্ধু কী বলেছিলেন? তাঁর পরামর্শ শোনার পর তার ছবি আঁকায় কোন পরিবর্তন এসেছিল?

২.৩ 'একদিন সে দেখল আকাশে একটা মেঘ হাতির মতো । ঠিক যেন একটি হাতি পেছনের দুপায়ে ভর করে শুঁড় তুলে আছে। খোকন তাড়াতাড়ি তার ড্রইং খাতায় ছবি ছবিটা আঁকতে লাগল। আঁকা শেষ হবার পর মিলিয়ে দেখতে গেল ঠিক হয়েছে কিনা। গিয়ে দেখি হাতি নেই, প্রকান্ড একটা কুমির শুয়ে আছে' — এই রকম অভিজ্ঞতা তোমারও হয়ত আছে। যদি থাকে, তাহলে তা নিয়ে একটি অনুচ্ছেদ লেখ।

২.৪ খোকনের নিজের ছবি কীভাবে আঁকা হলো?

২.৫ 'ড্রইং শিখতে লাগল খোকন'— সে প্রথমের দিকে কী কী ছবি আঁকত?

২.৬ 'হাতি কুমির হয়ে গেছে'— তাৎপর্য বিশ্লেষণ করো।

২.৭ 'সূর্যের যে ছবিটা এঁকেছে সেটা সূর্যের মতো নয়।'— সূর্যের ছবিটি সূর্যের মতো নয় কেন?

২.৮ 'প্রকৃতির ছবি ঠিক আঁকা যায় না'— প্রকৃতির ছবি ঠিক আঁকা যায় না কেন?

২.৯ 'এগুলো সব নকল করা ছবি।'— 'নকল করা ছবি' বলতে কী বোঝানো হয়েছে?

২.১০ খোকনের ড্রইংয়ের মাস্টারমশাই আর তার বাবাব বন্ধু যেভাবে তাকে ছবি আঁকতে অনুপ্রাণিত করেছিল তা লেখো। কোন রীতিটিকে তোমার পছন্দ হলো এবং কেন তা যুক্তিসহ লেখো।

কুতুব মিনারের কথা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ বজ্রাঘাতে কুতুব মিনারের ভেঙে যাওয়া চতুর্থ ও পঞ্চম তলা সোৎসাহে মেরামত করে দেন — ফিরোজ তুঘলক / গিয়াসুদ্দিন তুঘলক / আলাউদ্দিন খিলজি / মহম্মদ বিনম তুঘলক।

১.২ আপন মহিমায় নিজস্ব ক্ষমতায় সে স্তম্ভ দাঁড়ায় তার নাম — মিনারিকা / মিনার / মিনারেট / ইমারত।

১.৩ কুতুব মিনারের দ্বিতীয় তলাতে আছে শুধু — কোন / বাঁশি / বলয় / কঙ্কণ।

১.৪ কোনো ইমারতের অঙ্গ হিসাবে সে মিনার কখনো থাকে, কখনো থাকে না, তার নাম — স্তম্ভ / মিনারেট / পিলার / গম্বুজ।

১.৫ কুতুব মিনারের সঙ্গে পাল্লা দিয়ে মিনার বানানোর সাহস দেখিয়েছিলেন সে একমাত্র শাসক তিনি হলেন — লর্ডক্যাংনি / আলাউদ্দিন খিলজি / হুমায়ুন / আকবর।

১.৬ মসজিদ, সমাধি কিংবা অন্য কোনো ইমারতের অঙ্গ হিসাবে যে মিনার থাকে, তাকে বলে —

স্তম্ভ / মিনারেট / কুতুবমিনার / শহিদ মিনার।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ ইমারত তৈরি করা সহজ। কিন্তু মিনার তৈরি করা অনেক কঠিন। সৈয়দ মুজতবা আলির লেখা 'কুতুর মিনারের কথা' থেকে এ বিষয়ে যা জানতে পারো তা আলোচনা করো।

২.২ বাংলায় হিন্দু মুসলমানের একসঙ্গে কাজ করার অনেক, অনেক দৃষ্টান্ত রয়েছে স্থাপত্য ক্ষেত্রগুলিতে। এই বিষয়ে 'কুতুব মিনারের কথা' প্রবন্ধ যে তথ্য পাও তার ওপর ভিত্তি করে ছোটভাইকে একটি চিঠি লেখ।

২.৩ ''কুতুব পাঁচতলার মিনার। প্রথম তলাতে আছে 'বাঁশি' ও 'কোণে'র পর-পর সাজানো নকশা। দ্বিতীয় তলাতে শুধু বাঁশি, তৃতীয় তলাতে শুধু কোণ; চতুর্থ ও পঞ্চম তলাতে কী ছিল জানার উপায় নেই, কারণ বজ্রাঘাতে সে দুটি ভেঙে যাওয়ায় ফিরোজ তুগলক (যিনি অশোক স্তম্ভ দিল্লি আনেন; ইনি যেমন নিজে সোৎসাহে ইমরাত বানাতেন ঠিক তেমনি অকাতরে অন্যের ইমারত মেরামত করে দিতেন—দিল্লির অতি অল্প রাজাতেই এই দ্বিতীয় গুণটি পাওয়া যায়) সে দুটি মার্বেল দিয়ে মেরামত করে দেন। পঞ্চমটিতে নাকি আবার সিকন্দর লোদিরও হাত আছে। মিনারের মুকুটরূপে সর্বশেষে (যেখানে এখন আলো জ্বালানো হয়) কী ছিল সে সম্বন্ধে রসিকজনের কৌতূহলের অন্ত নেই। দুনিয়ার সবচেয়ে সেরা মিনারকে স্থপতি কী রাজমুকুট পরিয়েছিলেন—সেখানেও তিনি তাল রেখে শেষরক্ষা করতে পেরেছিলেন কিনা, তাঁর যে অদ্ভুত কল্পনা-শক্তি মিনারের সর্বাঙ্গে স্বপ্রকাশ সে-কল্পনাশক্তি দিয়ে তিনি দর্শককে কোন দ্যুলোকে উড়িয়ে নিয়ে গিয়েছিলেন, কে জানে?''

এই অংশটি পাঠ করার পর এই অনুচ্ছেদে বর্ণিত তথ্য দুই বন্ধুর মধ্যে সংলাপের আকারে প্রকাশ করো।

২.৪ 'দিল্লির অতি অল্প রাজাতেই এই দ্বিতীয় গুণটি পাওয়া যায়।' কোন গুণের কথা বলা হয়েছে? কার এই গুণের কথা বলেছেন প্রাবন্ধিক?

২.৫. 'হুমায়নের সমাধি নির্মাতা ছিলেন আরও ঘোড়েল।' ঘোড়েল শব্দটির অর্থ কী? এই শব্দ দিয়ে একটি বাক্য রচনা করো।

২.৬ হুমায়ুনের সমাধি-নির্মাতাকে লেখক 'ঘোড়েল' বলেছেন কেন?

২.৭ কুতুব মিনারের চতুর্থ ও পঞ্চম তলাতে কী ছিল তা জানা যায়নি কেন?

২.৮ 'একমাত্র তিনিই চেয়েছিলেন কুতুবের সঙ্গে পাল্লা দিতে।'— তিনি কে? কুতুবের সঙ্গে পাল্লা দেওয়া তাঁর সম্ভব হয়নি কেন?

২.৯ 'কানিংহাম, ফার্গুসন, কার স্টিফেন, স্যার সৈয়দ আহমেদ অনেক ভেবে চিন্তেও এক কোনো উত্তর দিতে পারেননি।'— উপরোক্ত ব্যক্তিগণ কী উত্তর দিতে পারেনি?

২.১০ 'বোধ হয় ঠিক সেই কারণেই তার নিজস্ব মূল্য আছে'— 'তার' বলতে কী বোঝানো হয়েছে? কোন্ কারণে তার নিজস্ব মূল্য আছে?

কার দৌড় কদ্দুর

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ আঘ্রানের দৌড় থাকে — নাকের / চোখের / কানের / মুখের - দিকে।

১.২ প্যারামোসিয়ামের গমনাঙ্গ হল — ক্ষণপা / সিলিয়া / সিলিকা / সিলিপদ।

১.৩ নেকড়ের গতিবেগ ঘন্টায় প্রায় — ৭০ / ৩৬ / ৩০ / ৮০ মাইল।

১.৪ বরাহের দেহের ওজন অনেক বেশি, প্রায় — ৭০ / ৮০ / ৯০ / ১০০ পাউন্ড।

১.৫ মানুষ সে দৌড়ে চ্যাম্পিয়ন তা হল — আবিষ্কারের / হাঁটার। মনের / কল্পনার।

১.৬ নদীর দৌড় সাগরে। খবরের দৌড় কোন দিকে? — সংবাদপত্র / দূরদর্শন / মাথা / কান।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'কিন্তু প্রাণীদের এক জায়গায় বসে খাবার তৈরি করবার মতো নিজেদের কোনো ভিয়েন নেই।' ভিয়েন শব্দটির এই শব্দটি ব্যবহার করে একটি বাক্য লেখ।

২.২ 'কার দৌড় কদ্দূর' প্রবন্ধটি পড়ে অ্যামিবা, শামুক, টারনস পাখি, হাতি ও সজারুর চলনের বৈশিষ্ট্যগুলি নিয়ে একটি প্রবন্ধ রচনা করো।

২.৩ 'এরা শারীরের সৈন্য সামন্ত।' কাদের কথা বলা হয়েছে? তাদের কেন সৈন্যসামন্তের সঙ্গে তুলনা করা হয়েছে?

২.৪ শামুকের চলন দেখলে লেখকের বলতে ইচ্ছে করে 'এ পথে আমি যে গেছি'। লেখকের কেন এরকম মনে হয়েছে?

২.৫ 'বাইরের চলাটা আসল নয়।' লেখকের মতে আসল চলা কোনটি?

২.৬ 'তার চলাফেরার ভঙ্গিটি ভারি মজার'— কার চলার ভঙ্গির কথা বলা হয়েছে? তা 'মজার' কীভাবে?

২.৭ 'গমনাগমনের প্রকৃত মাধুর্যটা আমাদের চোখে পড়ে সাধারণত উচ্চতর প্রাণীর মধ্যে।'— পাঠ্যাংশে উচ্চতর প্রাণীদের গমনাগমনের মাধুর্য কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো।

২.৮ 'মনের দৌড়ে মানুষ চ্যাম্পিয়ন'— এমন কয়েকজন মানুষের কথা লেখো যাদের শারীরিক অসুবিধা থাকলেও মনের দৌড়ে সত্যিই তাঁরা প্রকৃত চ্যাম্পিয়ান হয়ে উঠেছেন।

২.৯ 'এ যাত্রা তোমার থামাও'— লেখক কাকে একথা বলেছেন? এর কোন উত্তর তিনি কীভাবে পেয়েছেন?

নোট বই

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ কাতুকুতু দিলে গোরু করে — লাফালাফি / দৌড়াদৌড়ি / ছটফট / গুঁতোগুঁতি।

১.২ জোয়ানের আরকে থাকে — ঝাল / ঝাঁজ / টক / মিস্টি।

১.৩ নোটবই কবিতার কথক ভালো কথা শুনলে তখনই — প্রশংসা করেন / লিখে রাখেন / মনে রাখেন / প্রশ্ন করেন।

১.৪ জবাবটা জেনে নেব — বড়দা / মেজদা / ছোড়দাকে খুঁচিয়ে।

১.৫ 'কাল থেকে মনে মোর লেগে আছে খটকা'— খটকা কী নিয়ে?

তেজপাতে তেজ কেন /কোলাগুড় কিসে দেয় / কাতুকুতু দিলে গোরু কেন ছটপট করে / ফুল ফুটলে কেন পটকা ফাটার মতো শব্দ হয়।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ আরশোলা কী খায়, ঝোলাগুড় কিসে দেয় এরকম একগুচ্ছ প্রশ্ন রয়েছে সুকুমার রায়ের লেখা 'নোটবই' কবিতায়। এরকম আর কোন্ কোন্ প্রশ্ন এখানে রয়েছে তা গুছিয়ে লেখ।

২.২ সুকুমার রায় কৌতুককর ছড়া রচনায় অতুলনীয়। তাঁর লেখা কয়েকটি বইয়ের নাম লেখো।

২.৩ 'বলবে কী, তোমরা ও নোট বই পড়োনি!' যদি তোমরা এই নোটবই পড়তে তাহলে সেখানে আর কোন্ কোন্ প্রশ্ন থাকতে পারে তা কল্পনা করে লেখো।

২.৪ কবি মনে আসা প্রশ্ন নোট বইতে লিখে রাখেন, তারপর সেই প্রশ্নের উত্তর কীভাবে জোগাড় করেন?

২.৫ ভালো কথা শুনলে কবিতার লোকটি কী করে?

২.৬ 'তুমি যদি নোট বই কাছে রাখো তাতে কী ধরনের তথ্য লিখে রাখবে?

২.৭ কোন প্রশ্নগুলি পড়ে কবিতাটিকে তোমার কবির খেয়ালি মনের কল্পনা বলে মনে হয়েছে?

মেঘ-চোর

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ মেঘচোর গল্পে অসীমার বয়স — কুড়ি / সাতাশ / তিরিশ / সাঁইত্রিশ বছর।

১.২ আলাস্কায় এস্কিমোদের ইগলুর বদলে এখন দেখা যায় — তাঁবু / এয়ারকন্ডিশানড্ বাড়ি / পিচের রাস্তা / কৃত্রিম হ্রদ।

১.৩ অসীমা ছিল — ইতিহাস / ভূগোল / অঙ্ক / ভৌতবিজ্ঞান - এর ছাত্রী।

১.৪ আটলান্টিসের ব্যাপারটা ও রোমান / গ্রিক / ফ্রেঞ্চ / জার্মান-দের জল্পনা-কল্পনা।

১.৫ চেম্বারলিন পাহাড় রয়েছে — আফ্রিকায় / সাইবেরিয়ার / আলাস্কায় / আমেরিকায়।

১.৬ যে হ্রদ প্রাকৃতিক নিয়মে দশহাজার বছর পরে শুকিয়ে যাওয়ার কথা, পুরন্দর চৌধুরি সেটা নিশ্চিহ্ন করে দিতে পারেন — এক / দুই / তিন / পাঁচ- মিনিটে।

১.৭ ডক্টর পুরন্দর চৌধুরি ছিলেন — আবহাওয়া / কম্পিউটার / রসায়ন / জলবায়ু- বিজ্ঞানী।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ সুনীল গঙ্গোপাধ্যায় রচিত 'মেঘ-চোর' গল্পটি কীভাবে বিজ্ঞান ভাবমূলের সঙ্গে সম্পর্কিত তী আলোচনা করো।

২.২ ''অসীমা তার কোটের পকেট থেকে একটা ছোট্ট রিভলভার বার করে বলল, 'পুরন্দর চৌধুরী, ওই বলটাকে আপনি এবার ওই এয়ার-টাইট বাক্সে ঢোকান। এবার আমাদের ফিরে যেতে হবে।'

দারুণ অবাক হয়ে চোখ কপালে তুলে পুরন্দর বললেন, ' এ কী অসীমা! তুমি ওটা তুলে আমাকে ভয় দেখাচ্ছ কেন?'

অসীমা বলল, 'আপনার দিকে অস্ত্র তুলতে হয়েছে বলে আমি দুঃখিত। কিন্তু না হলে আপনি আমার কথা শুনতেন না। প্রকৃতিকে ধ্বংস করা একটা অপরাধ। আলাস্কার একটি লেক শুকিয়ে সাইবেরিয়ায় এতবড়ো একটা মেঘ পাঠালে প্রকৃতিতে মহাবিপর্যয় শুরু হয়ে যাবে। ড. কারপভের ওপর রাগ করে আপনি পৃথিবীর ক্ষতি করতে চাইছেন!'

পুরন্দর চৌধুরি বললেন, ওটা সরিয়ে রাখো! পাঁচ মিনিটে এতবড়ো একটা মেঘ সৃষ্টি করার রেকর্ড করব আমি। তার সঙ্গে তোমার নামটাও থাকবে আমার ভাইঝি হিসেবে।'

'আমি আপনার ভাইঝি নই। আমি কারপভের মেয়ে।'

'অ্যাঁ!'

'হ্যাঁ, আমার মা বাঙালি মেয়ে।'

'তুমি আমাকে মিথ্যা কথা বলেছিলে? তুমি একটা স্পাই।'

'ঠিক মিথ্যা বলিনি। আমার বাবা আপনাকে বড়োভাইয়ের মতন শ্রদ্ধা করেন। কিন্তু তিনি বলেন, আপনি এক দেশের মেঘ অন্য দেশে নিয়ে গিয়ে পাগলামি করছেন। সমুদ্র থেকে খাল কেটে সাহারায় জল আনা হচ্ছে, অন্য দেশের মেঘ আনার দরকার নেই।'

'তুমি, তুমি আমার এমন একটা যুগান্তকারী আবিষ্কার নষ্ট করে দিতে চাও? তুমি আমার ওপর গুলি চালাও, আমাকে মেরে ফ্যালো, তবু এই গোলাটা আমি হ্রদে ফেলবই। আমি মরে গেলেও পৃথিবীর লোক জানবে যে পুরন্দর চৌধুরি কতবড়ো বিজ্ঞানী ছিল।'

অসীমা একবার বাইরের দিকটা দেখে নিয়ে পুরন্দরের দিকে স্থির ভাবে চেয়ে রইল।

পুরন্দর রকেটের একটা অংশ খুলতে যেতেই অসীমা বলল, 'ওটা খুলবেন না। তাহলে আমরা গুঁড়ো হয়ে যাব।'

'আমি এটা বাইরে ছুঁড়বই!'

'ছুড়ুন তাহলে। কিন্তু জানালা-টানালা খুলবেন না। এই সকেটের মধ্যে ফেলুন, নীচের পরপর কয়েকটা ভাল্‌ভ খুলে গিয়ে এটাকে বাইরে বার করে দেবে।'

'তার মানে! তুমি কী বলছ? জানালা খুলব না কেন?'

'ডক্টর পুরন্দর চৌধুরি, আপনি আবহাওয়া-বিজ্ঞানী। আমি কিন্তু শুধু ইতিহাসের ছাত্রী নই, কম্পিউটারেও আমার বিশেষ আগ্রহ। আগে থেকে প্রোগ্রাম করে রেখেছিলাম। কম্পিউটার এখন রকেটটাকে বায়ুমণ্ডল ছাড়িয়ে পৃথিবীর অনেক ওপরে নিয়ে এসেছে। লেকটাকে কি আর দেখতে পাচ্ছেন? এখান থেকে আপনার বলটা ছুঁড়লেও লেকে পড়বে না। বলটা আস্তে-আস্তে ঠান্ডা হয়ে আসছে না?'

পুরন্দরের মুখটা হাঁ হয়ে গেল। সেই সুন্দর চেহারার মেয়েটার মাথায় এতসব বুদ্ধি! বায়ুমণ্ডলের বাইরে তাঁর অ্যালয়টা অকেজো!

অসীমা বলটা পুরন্দরের হাত থেকে নিয়ে ফেলে দিল সকেটে। তারপর বলল, 'ওটা মহাশূন্যেই থাক। তাহলে কোনোদিন আর জলের ছোঁয়া পাবে না। পৃথিবীর জল যেমন আছে তেমনই থাকুক!"

গল্পের এই অংশটি পুরন্দর ও অসীমার কথোপকথন চিত্রনাট্যের মাধ্যমে প্রকাশ করো।

২.৩ 'মেঘ চোর' গল্পের অসীমা যদি কম্পিউটার বিশেষজ্ঞ না হত এবং পৃথিবীর জলসম্পদকে রক্ষার জন্য দু:সাহসী না হয়ে উঠুত, তাহলে এই গল্পের পরিণতি কেমন হত বলে তোমার মনে হয়? নিজের ভাষায় লেখ।

২.৪ ''অসীমা বলল, 'না, তা নয়। আপনি পঁচানব্বই হাজার কিউবিক মাইল আয়তনের এক বিশাল মেঘ নিয়ে আকাশে-আকাশে ফেরিওয়ালার মতন ঘুরছেন, আর সবক'টা দেশের প্রেসিডেন্ট বা প্রধানমন্ত্রীকে জিজ্ঞেস করছেন, বৃষ্টি নেবে? বৃষ্টি নেবে? এটা ভাবতেই কীরকম মজা লাগছে।" — এই বিষয়টি অবলম্বন করে মেঘের ফেরিওয়ালা বিষয়ে একটি সংক্ষিপ্ত চিত্রনাট্য লেখো।

২.৫ 'তুমি একটা স্পাই।' যাকে 'স্পাই' বলা হচ্ছে, তাকে কি তুমি সত্যিই স্পই বলে মনে করো?

২.৬ 'টাকার যে আমার বড়ো দরকার।' — কে একথা বলেছিল? কেন তার মুখে এমন কথা শোনা যায়?

২.৭ 'আমি যদি বলি এই লেক শ্রেভারের তলাতেই চাপা পড়ে আছে।'— লেক শ্রেভারের তলায় কী চাপা পড়ে আছে বলে বক্তা মনে করেন?

২.৮ 'পৃথিবীর জল যেমন আছে তেমনই থাকুক'— কেন এমন কথা বলা হয়েছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তার মনোভাবের কেমন পরিচয় মেলে?

২.৯ 'দশ হাজার বছর তো দূরের কথা, আমি দশ বছরও অপেক্ষা করতে রাজি নই।'— বক্তার এম মন্তব্যের কারণ কী?

২.১০ গল্পে অসীমার জায়গায় তুমি থাকলে পুরন্দর চৌধুরীকে আরও কী কী বলতে তা উল্লেখ করো।

দুটি গানের জন্মকথা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ 'জনগনমন অধিনায়ক জয় হে' গানটি প্রথম জনসমক্ষে গাওয়া হয় — ১৯১১ / ১৯২১ / ১৯৩১ / ১৯৪৭ সালে।

১.২ 'জনগনমন অধিনায়ক' গানটি রচনার উপলক্ষ জানতে চেয়ে রবীন্দ্রনাথকে চিঠি লিখেছিলেন — অলকবিহারী বসু / পুল্মিবিহারী সেন / রঞ্জনবিহারী দত্ত / শিবনাথ শাস্ত্রী।

১.৩ 'জীবনের ঝরাপাতা' আত্মজীবনিটি — অমলা দেবীর / সরলা দেবীর / রমলা দেবীর / কাদম্বিনী দেবীর।

১.৪ 'জনগনমন অধিনায়ক জয় হে' গানটি প্রথম প্রকাশিত হয় — বেঙ্গলি / ভারতী / তত্ত্ববোধিনী / হিতবাদী - প্রত্রিকায়।

১.৫ স্বাধীন বাংলাদেশের জাতীয় সঙ্গীত হল — যদিতোর ডাক শুনে কেউ না আসে / আমার সোনার বাংলা / কোন আলোক প্রাণের প্রদীপ / আমি বাংলায় গান গাই।

১.৬ 'The Morning Song of India'- বলা হয় — আমার সোনার বাংলা / বল বল বল সবে / জনগনমন অধিনায়ক জয় হে / ভারত আমার ভারতবর্ষ - গানটিকে।

১.৭ স্বদেশি মিটিং-এর রীতি ছিল— নেতাজির বক্তৃতার আগে নজরুলের গান / নেতাজির বক্তৃতার পরে নজরুলের গান / যে কোনো নেতার বক্তৃতার আগে নজরুলের গান / যে কোনো নেতার বক্তৃতার পরে নজরুলের গান।

১.৮ মদনপল্লীতে যেমন এইচ. কাজিন্স রবীন্দ্রনাথের সম্মানে যে সভার প্রয়োজন করেছিলেন সেখানে তিনি 'জনগণমন' গানটির নামকরণ করেছিলেন— অ্যাসেম্বলি সং অফ ইন্ডিয়া / দ্য ইভনিং সং অফ ইন্ডিয়া / দ্য মর্নিং সং অফ ইন্ডিয়া / দ্য ন্যাশনাল সং অফ ইন্ডিয়া।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ দুটি গানের জন্মকথা প্রবন্ধে 'জনগনমণ' গানটির জন্মকথা, গানটি রচনায় কবিগুরুর মানসিক অবস্থা, গানটির প্রথম গীত হওয়ার বিষয়গুলির একটি অনুচ্ছেদের আকারে লেখ।

২.২ দক্ষিণ ভারত পরিক্রমায় রবীন্দ্রনাথ ১৯১১ সালে মদনপল্লীতে গেয়েছিলেন। সেই গান সেখানে কী প্রভাব বিস্তার করেছিল তা আলোচ্য প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় লেখ।

২.৩ ''রবীন্দ্রনাথ তখন সপরিবারে গিরিডিতে। এখানে বসে তিনি ২২/২৩ টি গান রচনা করলেন, যেগুলি আজ স্বদেশি গান নামে পরিচিত। বঙ্গভঙ্গ আন্দোলনের পরিপ্রেক্ষিতে এই গানগুলি সেসময় বিপুল উদ্দীপনার সঞ্চার করেছিল।" — এই অনুচ্ছেদটি পড়ার পর স্বদেশি গান শোনায় তোমার নিজের অভিজ্ঞতা এবং সেই গান শুনে যে অনুভূতি হয় তা নিজের ভাষায় লেখ।

২.৪ ''...সেই গানটিই প্রতিষ্ঠানে প্রতিদিনের অ্যাসেম্বলি সং বা বৈতালিকরূপে চলিত হয়ে যায়।" যে ঘটনার পরিপ্রেক্ষিতে এই মন্তব্যটি করা হয়েছে তা নিজের ভাষায় লেখো।

২.৫ বাংলাদেশ স্বাধীনরাষ্ট্র হলে কোন গানের কতগুলি পঙ্‌ক্তি জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়েছে?

২.৬ 'জনগণমন অধিনায়ক জয় হে'— গানটিকে ভারতের জাতীয় সঙ্গীত হিসাবে গ্রহণের ক্ষেত্রে রবীন্দ্রনাথের বিরোধীরা কোন্ যুক্তির উত্থাপন করেছিলেন?

২.৭ 'যা কিছু শিখতুম তাই রবিমামাকে শোনাবার জন্য প্রাণ ব্যস্ত থাকত'— বক্তা কেন একথা বলেছেন?

২.৮ 'মাঘোৎসবেও গানটি ব্রহ্মসংগীত বলে গীত হয়।'— কোন্ গানটিকে কোথায় প্রথম ব্রহ্মসঙ্গীত বলে উল্লেখ করা হয়েছিল?

কাজী নজরুলের গান

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ বিডন স্ট্রিটের কাছে সরকার বাগানে নেতাজী বক্তৃতার দিন আরো যিনি আসবেন বলে শোনা গিয়েছিল তিনি হলেন — রবীন্দ্রনাথ / নজরুল ইসলাম / মাইকেল মধুসূদন / ডি. এল. রায়।

১.২ তখনকার কোনো স্বদেশী মিটিং-এর রীতি ছিল — বক্তৃতার আগে স্বদেশী গান / বক্তৃতার পরে স্বদেশী গান / মিটিং এর শুরুতে সমবেত স্বদেশী গান / মিটিং-এর শেষে সমবেত স্বদেশী গান।

১.৩ কাজীদার সেই গান চোখ বুজলেই আজও শুনতে পান — সাহানা নাগচৌধুরি / অহনা দত্তচৌধুরি / সাহানা মুখোপাধ্যায় / রামকুমার চট্টোপাধ্যায়।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ রামকুমার চট্টোপাধ্যায় প্রথম বার নেতাজি সুভাষচন্দ্র বসু ও কাজী নজরুল ইসলামকে দেখে এবং তাঁদের বক্তৃতা এবং গান শুনেছিলেন। এরপর উত্তেজনায় ফুটেছিল তাঁর মন। তাঁর পরিবর্তে তুমি যদি সেদিন সরকার বাগানের সভায় উপস্থিত থাকতে এবং এই দুজন মহানুভব ব্যক্তিকে প্রত্যক্ষ করতে, তাহলে তোমার অভিজ্ঞতা কেমন হতো? প্রবন্ধটি পড়ে নিজের ভাষায় লেখ।

২.২. 'বেশ অনেকক্ষণ পর দেখলাম এক দেবদূত মঞ্চ আলো করে দাঁড়িয়ে আছেন।' রামকুমার চট্টোপাধ্যায়ের এই স্মৃতিচারণায় মঞ্চ আলো করে থাকা বলতে কথাটি কেন বলা হয়েছে তা লেখ।

২.৩ 'একদিন ঘটেছিলো এখটি ঘটনা'— কী ঘটনা ঘটেছিল?

২.৪ 'এত কাছ থেকে দেখবো ভাবিনি'— লেখক কী দেখার কথা বলেছেন?

২.৫ 'সভা একেবারে স্তব্ধ হয়েগেল'— সভা কেন স্তব্ধ হয়েগেল?

২.৬ 'উত্তেজনায় আমি তখন টগবগ করছি।'— কীসের উত্তেজনার কথা বলা হয়েছে?

২.৭ 'নেতাজি স্বয়ং তাঁকে দুহাত তুলে প্রণাম করলেন।'— নেতাজি কাকে প্রণাম করেছিলেন?

২.৮ 'আমি এ ছবি পরেও দেখেছি'— কোন্ ছবির কথা বলা হয়েছে?

২.৯ 'আমার রক্ত যেন টগবগ করে ফুটতে আরম্ভ করেছে।'— কেন রক্ত টগবগ করে ফুটতে আরম্ভ করেছিল?

২.১০ 'ডুবে গেলাম তবলার বোলে।'— বক্তা কেন এমন আচরণ করেছিলেন?

স্মৃতিচিহ্ন

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ শুষ্ক তৃণ কাল- নদী জলে ভেসে যায় নামগুলি, কেবা — ভঙ্গ / রক্ষা / সেবা / রক্ষণ- করে।

১.২ সাদের রাজত্ব পৃথিবীতে চিরদিন অক্ষুণ্ণ তারা ছিলেন — ধনী / দরিদ্র / কৃপন / বীর।

১.৩ কবিতায় কবি মূঢ় বলেছেন তাদের, যারা — দিগ্বিজয় করে / মনোহর হর্ম্ম্য নির্মান করে / সেবা - শুশ্রূষা / লেখাপড়া- করে নিজেদের নাম অমর করে যেতে চেয়েছেন।

১.৪ নীচের যে কাব্যগ্রন্থটি কামিনী রায়ের লেখা নয় — ছাড়পত্র / মাল্য ও নির্মাল্য / দীপ ও ধূপ / আলো ও ছায়া।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ কামিনী রায়ের লেখা ' স্মৃতিচিহ্ন' কবিতায় 'মূঢ় ওরা' এবং 'দরিদ্র আছিল তারা' বলতে কবি কাদের কাদের কথা বুঝিয়েছেন?

২.২ 'মানব হৃদয়ে কারা দৃঢ় স্থান অধিকার করেছেন'— 'স্মৃতিচিহ্ন' কবিতা অবলম্বনে তা বুঝিয়ে দাও।

২.৩ 'তাহাদের তলে, লুপ্ত স্মৃতি' — কোন্ কোন্ স্মৃতি লুপ্ত হয়ে যায়? কোন্ কোন্ স্মৃতি মুছে যায় না এবং কেন?

২.৪ ‘স্মৃতিচিহ্ন’ কবিতায় কাদের স্মৃতি লুপ্ত হয়ে যায়? কীভাবে এই বিলুপ্তির ঘটনাটি ঘটে?

২.৫ ‘কেবা রক্ষা করে’— কী রক্ষা করা কথা বলা হয়েছে?

২.৬ ‘তাদের রাজত্ব হের অক্ষুণ্ণ কেমন’— কাদের রাজত্ব কীভাবে অক্ষুণ্ণ?

২.৭ ‘মূঢ় ওরা, ব্যর্থ মনস্কাম!’— কবিতায় কবি কাদের মূঢ় বলে উল্লেখ করেছেন? তাদের মনস্কামনা কীভাবে ব্যর্থ হয়েছে?

২.৮ ‘স্মৃতিচিহ্ন’ কবিতা পড়ে আমরা যে বিশেষ শিক্ষা লাভ করি সে বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করো।

চিরদিনের

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ এ গ্রামের পাশে — নিত্যবহ নদী / বোঁজা নদী / হাঁটু জল নদী - বারো মাস।

১.২ সন্ধ্যা সেখানে জড়ো করে — শঙ্খরব / উলুধ্বনি / হাততালি / জনমত।

১.৩ এ গ্রামের লোক আজো — দুঃখ করে / চাষ করে / সব কাজ করে / বসে খেতে চায়।

১.৪ এখানে সকাল ঘোষিত পাখির — কলরবে / কাকলিতে / কলতানে / গানে।

১.৫ এ গ্রাম নতুন সবুজ — জামা / ঘাগরা / চাদর / ওড়নি - পরে।

১.৬ রাত্রি এখানে স্বাগত — একক কাকের ডাকে / সান্ধ্য শাঁখে / প্রদীপ আলোকে / বাউলের গানে।

১.৭ ‘বর্ষায় আজ বিদ্রোহ করে বুঝি’— এখানে যার বিদ্রোহ করার বলা হয়েছে— কিষাণের / জোড়া দিম্বি / অহংকারী মশা / মজা নদী।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ ব্যাস্ত ঘড়ির কাঁটা কোথায় গিয়ে থেমে গেছে?

২.২ ‘চিরদিনের’ কবিতায় গ্রামীণ সন্ধে আর রাতের যে ছবিটি পাও, তা নিজের ভাষায় লেখো।

২.৩ গ্রাম বাংলার যে সব পেশার মানুষের কথা ‘চিরদিনের’ কবিতায় উদ্ধৃত হয়েছে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন লেখো।

২.৪ ‘‘রাত্রি পোহালেই দাওয়ার অন্ধকারে/ঠাকুমা গল্প শোনায় যে নাতনিকে’’ — ঠাকুমার শোনানো একটি গল্প কল্পনা করে লেখো।

২.৫ সুকান্ত ভট্টাচার্যের লেখা ‘চিরদিনের’ কবিতায় গ্রামবাংলার সংস্কৃতির ছবি কীভাবে ধরা পড়েছে তা আলোচনা করো।

২.৬ এ গ্রামের পাশে মজা নদী বারো মাস

বর্ষায় আজ বিদ্রোহ বুঝি করে,
গোয়ালে পাঠায় ইশারা সবুজ ঘাস
এ গ্রাম নতুন সবুজ ঘাগরা পরে।

রাত্রি এখানে স্বাগত সান্ধ্য শাঁখে
কিষাণকে ঘরে পাঠায় যে আল-পথ;
বুড়ো বটতলা পরস্পরকে ডাকে
সন্ধ্যা সেখানে জড়ো করে জনমত।

দুর্ভিক্ষের আঁচল জড়ানো গায়ে
এ গ্রামের লোক আজো সব কাজ করে,
কৃষক-বধূরা ঢেঁকিকে নাচায় পায়ে
প্রতি সন্ধ্যায় দীপ জ্বলে ঘরে ঘরে।

রাত্রি হলেই দাওয়ার অন্ধকারে
ঠাকুমা গল্প শোনায় যে নাতনিকে,
কেমন করে সে আকালেতে গতবারে,
চলে গেল লোক দিশাহারা দিকে দিকে।
এখানে সকাল ঘোষিত পাখির গানে
কামার, কুমোর, তাঁতি তার কাজে জোটে,
সারাটা দুপুর ক্ষেতের চাষির কানে
একটানা আর বিচিত্র ধ্বনি ওঠে।

এই পংক্তিগুলি পাঠ করার পর গ্রামবাংলার প্রাকৃতিক দৃশ্যের একটি বর্ণনা নিজের ভাষায় লেখ।

২.৭ 'রাত্রি এখানে স্বাগত সান্ধ্য শাঁখে'— 'চিরদিনের' কবিতা অবলম্বনে গ্রামবাংলার রাত্রিকালের একটি চিত্র অঙ্কন করো।

২.৮ 'চলে গেল লোক দিশাহারা দিকে দিকে।'— লোকেরা দিশাহারা হয়ে কেন দিকে দিকে চলে গিয়েছিল?

২.৯ 'চিরদিনের' কবিতায় দুর্ভিক্ষ-উত্তীর্ণ যে সুবর্ণ দিনের স্বপ্ন কবি দেখেছেন তা নিজের ভাষায় উল্লেখ করো।

২.১০ 'সবুজ ফসলে সুবর্ণ যুগ আসে।'— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

জাতের বজ্জাতি

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ জাত ছেলের হাতের নয় তো — জুয়া / মোয়া / খেলা / খেলনা।

১.২ কবির মতে ধর্ম হল — গোঁড়ামি / নৌরামি / শয়তানি / সহনশীলতা।

১.৩ থাক না সে জাত — জাহান্নমে / স্বর্গে / নরকে / অতলে।

১.৪ হুঁকোর জল আর ভাতের হাঁড়ি, ভাবলি এতেই জাতির — প্রাণ / জান / মান / ধ্যান।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'জাতের বজ্জাতি' কবিতা পড়ে কবিতাটির মধ্যে ধর্মীয় ভেদাভেদ বিরোধী এবং মানবিকতা সংক্রান্ত যে ভাবমূলের পরিচয় পাও তা লেখ।

২.২ ''তাইত বেকুব করলি তোরা এক জাতিকে একশ'খান।" এখানে বেকুব শব্দটির অর্থ কী? এই শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো।

২.৩ ধর্মকে ভাঙা সহজ নয়। 'জাতের বজ্জাতি' কবিতা অবলম্বনে এবং ''জানিস না কি ধর্ম সে যে বর্ম সম সহনশীল" পংক্তি অবলম্বনে এ বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন রচনা করো।

২.৪ ‘মানুষ নাই আজ...’ — কবিকণ্ঠে কেন এই আক্ষেপ?

২.৫ ‘নাই পরোয়া’ — কোন্ প্রসঙ্গে কবি বেপরোয়া?

ভানুসিংহের পত্রাবলি

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ ভানুসিংহ ছদ্মনামটি — নজরুল ইসলামের / রবীন্দ্রনাথের / সত্যেন্দ্রনাথ দত্তের / কবি মধুসূদনের।

১.২ আমার মনের মধ্যে গান জেগে ওঠে আর তার সুর গিয়ে পৌঁছায় — জ্যোতিদাদার / দিনুর / বৌঠানের / সরলার- ঘরে।

১.৩ কলকাতায় বর্ষাবঙ্গল গান হয়েছিল — আষায় / শ্রাবণ / ভাদ্র / আশ্বিন মাসে।

১.৪ নদী আমি ভারি ভালোবাসি, আর ভালোবাসি — বাতাস / আকাশ / পৃথিবী / ফুল।

১.৫ আত্রাই / শিলাবতী / পদ্মা / ইছামতী - নামক একটি নদীর উপর বোটে করে ভেসে চলেছি।

১.৬ আকাশ আপনার সাড়া পায় — পৃথিবীর উপর / জলের উপর / মাটির উপর / গাছের উপর।

১.৭ কবি যে নদীর উপর বোটে করে ভেসে চলেছেন, তার নাম — গঙ্গা / শিলাবতী / পদ্মা / যমুনা।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ শান্তিনিকেতনের মাঠে যখন বৃষ্টি নামে তখন কবির কেমন অনুভূতি হয়?

২.২ ‘‘কলকাতা শহরটা আমি মোটেই পছন্দ করিনে—মনে হয় যেন ইট-কাঠের একটা মস্ত জন্তু আমাকে একেবারে গিলে ফেলেচে। তার উপরে আবার আকাশ মেঘে লেপা, রাত্তির থেকে টিপটিপ করে বৃষ্টি পড়চে। শান্তিনিকেতনের মাঠে যখন বৃষ্টি নামে তখন তার ছায়ায় আকাশের আলো করুণ হয়ে আসে, ঘাসে ঘাসে পুলক লাগে, গাছগুলি যেন কথা কইতে চায়, আমার মনের মধ্যে গান জেগে ওঠে আর তার সুর গিয়ে পৌঁছোয় দিনুর ঘরে। আর এখানে নববর্ষা বাড়ির ছাদে ঠোকর খেতে খেতে খোঁড়া হয়ে পড়ে,— কোথায় তার নৃত্য, কোথায় তার গান, কোথায় তার সবুজ রঙের উত্তরীয়, কোথায় তার পুবে বাতাসের উড়ে-পড়া জটাজাল।’’— ভানুসিংহের পত্রাবলির এই অংশটি পড়ে কলকাতা ও শান্তিনিকেতনে নববর্ষা বিষয়ে একটি তুলনামূলক আলোচনা করো।

২.৩ বর্ষার আগমনে গ্রাম বাংলার প্রকৃতির একটি নিখুঁত চিত্র এঁকেছেন পত্রলেখক রবীন্দ্রনাথ। ‘ভানুসিংহের পত্রাবলী অনুসরণে’ ‘বাংলার বর্ষা’ বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করো।

২.৪ ‘ভানুসিংহের পত্রাবলী’তে এক জায়গায় লেখা হয়েছে ‘কলকাতা শহরটা আমি মোটেই পছন্দ করিনে’, কোথাও লেখা হয়েছে ‘আজ রাত্রের গাড়িতেই কলকাতায় যাব মনে করে, ভালো লাগছে না।’ পত্রলেখক রবীন্দ্রনাথের এই মন্তব্যের কারণ কী বলে তুমি করো? এ বিষয়ে কয়েকটি বাক্যে উত্তর দাও।

২.৫ ‘শান্তিনিকেতনের মাঠে যখন বৃষ্টি নামে তখন তার ছায়ায় আকাশের আলো করুণ হয়ে আসে.....’ এখানে করুণ শব্দটির অর্থ কী? এই শব্দের পরিবর্তে নতুন শব্দ বসিয়ে বাক্যটি লেখো।

২.৬ ‘আকাশ পৃথিবীতে আপনার সাড়া একমাত্র কোথায় পায়, তা ‘ভানুসিংহের পত্রাবলি’ অবলম্বনে আলোচনা করো।

২.৭ ‘আমার মনের মধ্যে গান জেগে ওঠে আর তার সুর গিয়ে পৌঁছোয় দিনুর ঘরে।’ এই বাক্যে উল্লিখিত ‘দিনু’ র পরিচয় দাও।

২.৮ ‘এই জলস্থল আকাশের ছায়াবিষ্ট নিভৃত শ্যামলতার সঙ্গে মিল করে একটি গান তৈরি করতে ইচ্ছে করছে কিন্তু হয়ত হয়ে উঠবে না।’— কবির ইচ্ছা কেন বাস্তবায়িত করা সম্ভব হবে না?

২.৯ ‘আজ সকালেই সে পালাবে স্থির করেচে।’— কে, কোথায় আবার পালিয়ে যেতে চেয়েছেন?

ভারততীর্থ

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ ভারততীর্থ কবিতায় কবি - 'দু বাহু বাড়ায়ে' প্রণাম করেন — স্বর্গ দেবতা / নর দেবতা / ইষ্ট দেবতা / গৃহ দেবতা- কে।

১.২ ধ্যান গম্ভীর এই যে ভূধর — গিরি / শৃঙ্গ / নদী / সাগর - জপমালা-ধৃত প্রান্তর।

১.৩ শক-হুন-দল পাঠান মোগল এক দেহে হল — মিল / লীন / ধীর / বীর।

১.৪ ভেদি মরুপথ গিরিপর্বত যারা এসেছিল সবে/তারা মোর মাঝে সবাই — ফিরে যায় / বিরাজে / মিলিত হয় / লীন হয়।

১.৫ সেই সাধনার সে আরাধনার যজ্ঞশালার খোলা আজি — মন / দ্বার / কপাট / জানালা।

১.৬ যত লাজ ভয় করো করো জয়, — অসম্মান / অপমান / হেনস্তা / অব্যবস্থা- দূরে যাক।

১.৭ মার অভিষেকে এসো এসো ত্বরা, — পূজাঘট / মঙ্গলঘট / পুণ্যঘট / মাটিরঘট- হয়নি যে ভরা।

১.৮ 'ভারততীর্থ' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? — বলাকা / গীতাঞ্জলি / সোনার তরী / সহজ পাঠ।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'ওংকার ধ্বনি' বলতে কী বোঝায়?

২.২ 'অহে রুদ্রবীণা, বাজো, বাজো, বাজো, ...'— কবি রুদ্রবীণার বেজে ওঠার প্রত্যাশী কেন?

২.৩ 'ভারততীর্থ' কবিতায় 'মহামানবের সাগরতীরে' বলতে কবি কী বুঝিয়েছেন?

২.৪ 'ভারততীর্থ' কবিতায় ভারতের যে যে প্রদেশ, জাতি ও ধর্মের উল্লেখ রয়েছে তা লেখ।

২.৫ 'সবার পরশে পবিত্র করা তীর্থনীরে' — এখানে তীর্থনীর কথাটির অর্থ কী? কবি কোন প্রসঙ্গে কথাটি বলেছেন তা লেখ।

২.৬ 'ভারততীর্থ' কবিতায় কবি ভারতকে কেন একটি তীর্থের সঙ্গে তুলনা করেছেন, তা বুঝিয়ে দাও। এ প্রসঙ্গে 'মহামানবের সাগরতীরে' শব্দবন্ধের অর্থ বুঝিয়ে লেখো।

২.৭ রবীন্দ্রনাথ ঠাকুরের 'ভারততীর্থ' কবিতাটি ভারতের মূলগত ঐক্য বিষয়ক ভাবমূলের সঙ্গে কীভাবে সম্পর্কিত তা বুঝিয়ে দাও।

২.৮ 'দিবে আর নিবে, মিলাবে মিলিবে, যাবে না ফিরে—/এই ভারতের মহামানবের সাগরতীরে।'— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো।

২.৯ 'পশ্চিমে আজি খুলিয়াছে দ্বার, সেথা হতে সবে আনে উপহার'— পশ্চিমের দ্বার খোলা ও উপহার আনার প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

২.১০ 'পোহায় রজনী'— অন্ধকার রাত শেষে যে নতুন আশার আলোকোজ্জ্বল দিন আসবে তার চিত্রটি কীভাবে 'ভারততীর্থ' কবিতায় ফুটে উঠেছে?

২.১১ 'মার অভিষেকে এসো এসো ত্বরা'— মায়ের কেমন অভিষেকের স্বপ্ন কবি দেখেছেন?

স্বাধীনতা সংগ্রামে নারী

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ ননীবালা দেবী জন্মগ্রহণ করেছিলেন হাওড়া জেলার — শালকিয়াতে / বালিতে / বেলুড়ে / লিলুয়াতে।

১.২ রামচন্দ্র মজুমদারের 'মসার' (Mauser) পিস্তলের খোঁজ নিতে মনীবালা দেবী — পুরুষের ছদ্মবেশে / তরুণীর ছদ্মবেশে / রামচন্দ্রের স্ত্রীর ছদ্মবেশে / লেডি পুলিসের ছদ্মবেশে - প্রেসিডেন্সি জেলে গিয়েছিলেন।

১.৩ ননীবালা দেবী ক্ষিপ্ত হয়ে একদা চড় কসিয়ে দিয়েছিলেন — বড়লাটের / রামচন্দ্রের গাল্ডির / দুকড়ি বালার - মুখে।

১.৪ ননীবালা দেবীর বন্দীজীবন শেয় হয় — ১৯১০ / ১৯১৫ / ১৯১৯ / ১৯২০ সালে।

১.৫ দুকড়িবালা দেবীর জন্মস্থান নলহাটি অবস্থিত — বাঁকুড়া / বীরভূম / বর্ধমান / পুরুলিয়া জেলায়।

১.৬ দুকড়িবালা দেবীর বোনপো নিবারণ — সাতটা / আটটা / নটা / দশটা - মসার (Mauser) পিস্তল এনে লুকিয়ে রাখতে দিয়ে ছিলেন মাসিমাকে।

১.৭ দুকড়িবালা দেবী বন্দীজীবনের অসহ্য যন্ত্রণার মধ্যেও শুধু চিন্তা করতেন — বাবার / বাচ্চাদের / স্বামীর / বোনপোর - জন্য।

১.৮ ননীবালা দেবী জন্মগ্রহণ করেছিলেন যেখানে — ক) চন্দননগর খ) মানিকতলা গ) বালি ঘ) রিষড়া

১.৯ ননীবালা দেবীকে জেরা করেছিল— প্রবোধ মিত্র ও গোল্ডি / জিতেন ব্যানার্জী ও প্রবোধ মিত্র / জিতেন ব্যানার্জী ও গোল্ডি / রামচন্দ্র মজুমদার ও গোল্ডি।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'পলাতক অমর চ্যাটার্জী এবং তাঁর কয়েকজন সহকর্মীকে প্রায় দুই মাস আশ্রয় দিয়ে রাখলেন তিনি রিষড়াতে। পুলিশের দৃষ্টি পড়ল এখানেও।' — এটি কার কীর্তি? পুলিশের নজর পরা, সেখানে কোন্ ঘটনা ঘটল?

২.২ পুলিশ কোন্ অভিযোগে দুকড়িবালা দেবীকে গ্রেপ্তার করে?

২.৩ তল্লাশির সময় অমর চ্যাটার্জী পলাতক হন এবং রামচন্দ্র মজুমদার গ্রেপ্তার হন।

গ্রেপ্তারের সময় রামবাবু একটা 'মসার' (Mauser) পিস্তল কোথায় রেখে গেছেন সে-কথা জানিয়ে যেতে পারেননি। তখন বিধবা ননীবালা দেবী রামচন্দ্র মজুমদারের স্ত্রী সেজে, রামবাবুর সঙ্গে প্রেসিডেন্সি জেলে ইনটারভিউ নিয়ে জেনে এলেন পিস্তলের গুপ্ত খবর। ১৯১৫ সালে যে-যুগ ছিল তখন বাঙালি বিধবাদের পক্ষে এরকম পরের স্ত্রী সেজে, জেলে গিয়ে পুলিশের শ্যেনদৃষ্টিকে ফাঁকি দিয়ে কাজ হাসিল করার কথা কেউ কল্পনাও করতে পারত না—পুলিশ তো নয়ই, কোনো সাধারণ মেয়েও নয়।"— এই অংশটি পড়ে ছদ্মবেশী ননীবালা দেবীর দু:সাহসী অভিযান নিয়ে একটি চিত্রনাট্য রচনা করো।

২.৪ 'স্বাধীনতা সংগ্রামে নারী' প্রবন্ধে থেকে এই দুটি অংশ পড়ো। কাশীর জেল পুরনো, সেকেলে। সেখানে প্রাচীরের বাইরে মাটির নীচে একটা 'পানিশমেন্ট সেল' অর্থাৎ শাস্তি-কুঠুরি ছিল। তাতে দরজা ছিল একটাই, কিন্তু আলো বাতাস প্রবেশ করবার জন্য কোনো জানালা দরজা ছিল না। ব্যর্থকাম জিতেন ব্যানার্জী তিন দিন প্রায় আধঘণ্টা সময় ধরে ননীবালা দেবীকে ঐ আলোবাতাসহীন অন্ধকার সেলে তালাবন্ধ করে আটকে রাখত। কবরের মতো সেলে আধঘণ্টা পরে দেখা যেত ননীবালা দেবীর অর্ধমৃত অবস্থা, তবু মুখ দিয়ে স্বীকারোক্তি বের করতে পারল না। তৃতীয় দিনে বন্ধ রাখল তাঁকে আধঘণ্টারও বেশি, প্রায় ৪৫ মিনিট। স্নায়ুর শক্তিকে চূর্ণ করে দেবার চূড়ান্ত প্রচেষ্টা। সেদিন তালা খুলে দেখা গেল ননীবালা দেবী পড়ে আছেন মাটিতে, জ্ঞানশূন্য। এবং ১৯১৭ সালের জানুয়ারি মাসে একদিন পুলিশ দুকড়িবালা দেবীর বাড়ি ঘিরে ফেলে। তল্লাশিতে পাওয়া যায় সাতটা মসার পিস্তল। শত জেরাতেও মাসিমার মুখ থেকে বের করতে পারল না যে, কে দিয়েছে তাঁকে পিস্তলগুলি।

গ্রামের মেয়ে গ্রামের বৌ দুকড়িবালা দেবী কোলের শিশু বাড়িতে রেখে চলে গেলেন পুলিশের সঙ্গে। স্পেশাল ট্রাইবুনালের বিচারের রায়ে দুকড়িবালা দেবীর সাজা হয় দুই বছরের সশ্রম কারাদণ্ড।

বন্দীজীবনের অসহ্য পরিবেশের মধ্যে থেকেও, প্রতিদিন আধমণ ডাল ভাঙতে থাকা সত্ত্বেও তিনি তাঁর বাবাকে চিঠি লিখলেন, তিনি ভালোই আছেন, তাঁর জন্য যেন তাঁরা চিন্তা না করেন, শুধু বাচ্চাদের যেন তাঁরা দেখেন, শিশুরা যেন না কাঁদে। এই দুটি অনুচ্ছেদ পড়ে ভারতের নারী স্বাধীনতা সংগ্রামীদের মনের জোর বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

২.৪ 'পুলিশ তৎপর হয়ে উঠলো তাঁকে গ্রেপ্তার করতে।'— কার কথা বলা হয়েছে? পুলিশ তাঁকে ধরতে তৎপর হয়ে উঠেছিল কেন?

২.৫ 'ননীবালা দেবী সবই অস্বীকার করতেন।'— ননীবালা দেবী কোন্ কথা অস্বীকার করতেন? তার ফলশ্রুতিই বা কী হত?

২.৬ 'ননীবালা দেবী তখুনি দরখাস্ত লিখে দিলেন।'— দরখাস্তের বিষয়বস্তু কী ছিল? শেষ পর্যন্ত সেই দরখাস্তের কী পরিণতি হয়েছিল?

২.৭ 'তুমি যদি দেশের জন্য প্রাণ দিতে পার, তোমার মা-ও পারে।'— 'তোমার মা-ও' পারে কথাটির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কী পরিচয় পেলে?

২.৮ 'এবার আমায় দলে নিয়ে নাও'— কে, কাকে এই অনুরোধ করেছিলেন? এর মধ্য দিয়ে তাঁর কোন্ মনোভাবের প্রকাশ ঘটেছে?

রাস্তায় ক্রিকেট খেলা

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ অ্যামি আর ভার্ন বৃষ্টির হুজুগে মেতে চ্যাঁচাতো এই বলে — নেবুর পাতায় করমচা, হে বৃষ্টি — ফ্রান্সে / স্পেনে / ইডেনে / গার্ডেনে - যা।

১.২ ভেতরে-ভেতরে — শীতল / হিংস্র / গরম / বাদল - আবহাওয়াকে আমি ভয় পেতাম।

১.৩ অ্যামি ও ভার্ন এর উসে করেন হিসেবে ব্যবহৃত হয়েছিল — টাকা / রুবেল / পেনি / পাউন্ড।

১.৪ ভার্ন আয় অ্যামির সঙ্গে গল্প কথকের আবার দেখা হয়েছিল নতুন বছরের — গোড়ায় / মাঝে / শেষে / বর্ষায়।

১.৫ ভার্ন - দেখেছিল সেলো তার চকচকে নতুন ব্যাটটার ওপর থেকে — সেলোফেন / মার্বেল / ব্লটিং / টিসু - পেপার ছিঁড়ছে।

১.৬ মাইকেল অ্যানটনির জন্ম — ইংলন্ডে / আমেরিকায় / ব্রাজিলে / ওয়েস্ট ইন্ডিজে।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ বৃষ্টির জন্য সেলো-র মনখারাপ কেন?

২.২ 'রাস্তায় ক্রিকেট খেলা' গল্পটি পড়ে কোন্ কোন্ অনুষঙ্গে মনে হলো যে গল্পটি বিদেশি গল্প?

২.৩ 'বর্ষাকালে এই রকমই ছিল মেয়ারো।'— 'মেয়ারো'র বর্ষাকালের বিবরণ গল্প অনুসরণে লেখো।

২.৪ 'এমন সময় কলজেটা যেন লাফ দিয়ে আমার গলায় উঠে এল।'— বক্তার কলজেটা কেন গলায় লাফ দিয়ে উঠে এসেছে?

২.৫ 'তারপর যেন তার মাথায় একটা মতলব আসে?'— কার মাথায় কী মতলব আসে? এর ফলে কী হয়?

২.৬ সেলোদের বন্ধুত্বে বিচ্ছেদ এসেছিল যে ঘটনায়, সেটি বিবৃত করো।

২.৭ 'কিন্তু উঠোন থেকে বেরিয়ে যাবার সময় ওর চোখের কোণে জল চিকচিক করে, দেখতে পাই।'— কার কখন এমন অবস্থা হয়েছিল?

২.৮ 'খোশমেজাজে বলে, নে সেলো, তুইই আগে ব্যাট কর।'— সেলো ও তার বন্ধুদের পুনর্মিলন কীভাবে হয়েছিল গল্প অনুসরণে লেখো।

দিন ফুরোলে

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ আকাশ জুড়ে এক্ষুণি এক — রাক্ষস / ঈস্বর / দেবতা / অসুর- চমকে দেবেন লক্ষ রঙের দৃশ্যে।

১.২ বাপ মায়েরা যাবেই তবে — কুঁকুড়ে / আঁতকে / মুচ্ছো / ঘাবড়ে।

১.৩ বলবে বাবা, এইটুকু সব — ছেলে / বাচ্চা / কাচ্চা / পুঁচকে, দিন ফুরোলেও মাঠ ছাড়ে না?

১.৪ মা বলবে, ঠ্যাং দুটো কী — নোংরা / কুচ্ছিৎ / নচ্ছাড় / বদ্‌মাস।

১.৬ 'তেমনি এবার ফিরতে হবে সত্যি' — কোথায় ফেরার কথা কবি কবিতায় লিখেছেন— ধানে গুচ্ছে / রঙের বাক্সে / মন খারাপের গর্তে / খেলার মাঠে।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'দিন ফুরোলে' কবিতায় পাখিরা কোথা থেকে কোথায় উড়ে যায়?

২.২ 'দিন ফুরোলে' কবিতায় কথকরা কেন বলেছে, 'কেই বা খুলে দেখছে রঙের বাক্স!'?

২.৩ 'আমরা কি আর দেখতে পাব ভাবছ?' — কোন দৃশ্য দেখতে না পাওয়ার বেদনা পঙ্‌ক্তিটিতে ধরা পড়েছে? তোমার কল্পনার সেই দৃশ্যটির বর্ণনা দাও।

২.৪ দিন শেষ হয়ে যখন সন্ধ্যা নামে তখন প্রকৃতির ক্যানভাসে কোন্ কোন্ পরিবর্তন চোখে পড়ে, তা দিন 'ফুরোলে' কবিতা অবলম্বনে লেখো।

২.৫ 'তেমনি এবার ফিরতে হবে সত্যি/নিজের নিজের মন খারাপের গর্তে।' এখানে দ্বিতীয় পঙ্‌ক্তিতে গর্ত শব্দটি কী অর্থে প্রয়োগ করা হয়েছে?

২.৬ 'এক গঙ্গা জল দিয়ে তাই ধুচ্ছি' — 'এক গঙ্গা জল' বলতে কী বোঝানো হয়েছে? হাত পা ধোয়ার সঙ্গে 'এক গঙ্গা জলের সম্পর্ক' কী?

২.৭ 'কেই বা খুলে দেখছে রঙের বাক্স'.....দিন ফুরোলে কবিতাটি পড়ার পর কোনো এক রোদ ঝলমলে দিনে সূর্য অস্ত যাওয়ার সময় আকাশে রঙের কারুকার্য দেখে সেই বিষয়ে একটি অনুচ্ছেদ লেখো।

২.৮ 'বলবে বাবা'— বাবা সাধারণত: কী বলে থাকেন? বাবা চরিত্রের কোন্ দিকটি এক্ষেত্রে কবি তুলে ধরেছেন?

জাদুকাহিনি

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ ডেভিড ডেভান্ট ছিলেন — স্কটল্যান্ডের / ইংল্যান্ডের / ফ্রান্সের / আয়ারল্যান্ডের জাদুকর।

১.২ এক সন্ধ্যায় জাদুকর ডেভান্টকে একজন বলেছিলেন তার টুপিটি — রুপি / পেনি / শিলিং / ফ্রাঁঙ্ক - দিয়ে ভরিয়ে দিতে।

১.৩ সেই সন্ধ্যেয় ডেভান্টের কাছে ছিল মাত্র — পাঁচ / ছয় / সাত / আট শিলিং।

১.৪ জাদুর খেলায় হাওয়া থেকে জাদুকর টাকা আনেন মূলত — হেল্পপারের / আলোর / হাতের তালুর / আলো-অন্ধকারের - কারসাজিতে।

১.৫ চাঁদমিয়া ছিলেন — চট্টগ্রাম / খুলনা / ঢাকা / বরিশালের - জাদুকর।

১.৬ চাঁদমিয়ার মতে হাওয়াই জাদুর টাকা — খরচ / ভোগ / ভাগ / বন্টন করতে নেই।

২.৬ 'জাদুকরের দক্ষিণা সংগ্রহের জন্য' এখানে দক্ষিণা শব্দের যথাযথ অর্থ হল — জবাব / দক্ষিণ দিক / প্রাপ্য / নগদ।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ ''ইংল্যান্ডের বিখ্যাত জাদুকর ডেভিড ডেভান্ট একদিন সন্ধ্যাবেলা একটি জনবিরল পথ দিয়ে একা বাড়ি ফিরছিলেন। এমন সময় একটি জোয়ান চেহারার লোক তাঁকে পাকড়াও করে বললে 'এই যে মশাই। অ্যাদ্দিন বাদে বাগে পেয়েছি আপনাকে। আপনিই না টাকা বানান?'

ডেভান্ট একটু ঘাবড়ে গেলেন। লোকটা বলে কী ? একটু সামলে নিয়ে বললেন, 'মাপ করবেন, আপনি বোধহয় ভুল করছেন।'

লোকটি বললে, 'মোটেই ভুল করিনি। আমার এই টুপিটি শিলিং দিয়ে ভরে দিয়ে যাবেন, তার আগে আপনাকে ছাড়ছিনে।' বলে মাথা থেকে টুপিটি নামিয়ে চিৎ করে ধরলে ডেভান্টের সামনে।

ডেভান্ট বুঝলেন পালাবার চেষ্টা করে লাভ হবে না, দৌড়ে বা কুস্তিতে এ লোকটার সঙ্গে পারবেন না তিনি। কাল সন্ধ্যা, পথ নির্জন, চেঁচিয়ে ডাকলেও সাড়া দেবার লোক নেই কাছাকাছি। সুতরাং লোকটিকে চটানো চলবে না। ঠান্ডা মাথায় সামলাতে হবে। ডেভান্ট বললেন, 'আমি দাঁড়িয়ে আছি। আমার পকেটখানা তল্লাসি করে যা পাও সব নিয়ে নাও।'

'কত আছে তোমার পকেটে?' প্রশ্ন করল লোকটি।

ডেভান্ট বললেন, 'ছয় শিলিং।'

লোকটি বললে, 'ছোঃ! ও তো আমার টুপির তলায় এক কোণে পড়ে থাকবে। টুপিটা ভরে দিতে হবে বলছি না? আপনি হাওয়া থেকে ঝপাঝপ টাকা ধরেন, নিজের চোখে দেখেছি। আমার কাছে চালাকি?'

এইবার ব্যাপারটা পরিষ্কার হয়ে গেল ডেভান্টের কাছে। একটি জাদুর খেলা আছে যার নাম 'কৃপণের স্বপ্ন' (Miser's Dream) অথবা 'হাওয়াই টাঁকশাল' এ খেলায় বারবার হাত খালি দেখিয়ে জাদুকর হাওয়া থেকে টাকা ধরে-ধরে পাত্র ভরে ফেলেন। টাকাগুলো অবশ্য হাওয়া থেকে আসবে না। খেলাটি নির্ভর করে প্রধানত পামিং (Palming) বা হাতের তালুতে এক বা একাধিক টাকা লুকিয়ে রাখা এবং গুপ্তস্থান থেকে টাকা নেওয়ার কৌশলের ওপর। ডেভান্ট বুঝলেন এই লোকটি কোনোদিন তাঁর এই খেলাটি দেখেছে আর ভেবে নিয়েছে সত্যিই হাওয়া থেকে টাকা ধরবার অলৌকিক জাদু তাঁর করায়ত্ত। ডেভান্ট লোকটিকে বোঝাতে গেলেন ; লোকটি খেপে উঠে বললে, 'ভারি বেয়াড়া, বেআক্কেল, বেদরদি লোক তো আপনি মশাই। চোখের সামনে দেখছেন অর্থাভাবে শুকিয়ে মরছি, আর আপনি হাত বাড়ালেই আঙুলের ডগায় টাকা এসে পড়ে তবু হাতটুকু বাড়াবার মেহনত করতে চান না। ভালো চান তো চটপট শুরু করুন। আর দেরি নয়।" — *এই অংশটি পড়ে জাদুকর এবং সেই জোয়ান চেহারার লোকটির কথোপকথন নিয়ে একটি চিত্রনাট্য রচনা করো।*

২.২ বিখ্যাত জাদুকর ডেভিড ডেভান্ট কোন্ আকস্মিক বিপদে পড়েছিলেন? তিনি কীভাবে সেই বিপদ থেকে রক্ষা পেলেন?

২.৩ 'কৃপণের স্বপ্ন' খেলা দেখাতেন জাদুকর ডেভিড। জোয়ান চেহারার ছেলেটি সেই খেলা দেখে রাতারাতি বড়লোক হওয়ার পরিকল্পনা করেছিল। সেই খেলা দেখার পর জোয়ান ছেলেটি যদি কোনো চিঠি লিখে তার মনের ভাবপ্রকাশ করত, তবে তা কেমন হতো লেখো।

২.৪ ইংল্যান্ডের জাদুকর ডেভিড ডেভান্ট যখন 'কৃপণের স্বপ্ন' খেলাটি দেখিয়েছিলেন তখন জোয়ান ছেলেটি সহজে বড়লোক হওয়ার স্বপ্ন দেখেছিল। লেখক অজিত কৃষ্ণ বসুও ছোটবেলায় চাঁদ মিয়ার খেলা দেখে অনুরূপ স্বপ্ন দেখেছিলেন। এই দুটি ঘটনার তুলনামূলক আলোচনা করে একটি অনুচ্ছেদ লেখো।

২.৫ চাঁদ মিয়া হাওয়া থেকে টাকা ধরার বিদ্যা জানলেও নিজে সামান্য টাকার জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াতেন। এ বিষয়ে তাঁর নিজের মন্তব্যটি লেখো।

২.৬ 'ডেভান্ট বুঝলেন পালাবার চেষ্টা করে লাভ হবে না'— কোন পরিস্থিতিতে ডেভান্ট বুঝেছিলেন পালাবার চেষ্টা করে লাভ হবে না?

২.৭ 'এ ব্যাপারটাই কেমন যেন খাপছাড়া লেগেছিল।'— কোন্ ব্যাপারটা, বক্তার কাছে কেন খাপছাড়া লেগেছিল?

গাধার কান

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ কিন্তু দুপক্ষের খেলোয়াড়েরা এখনো মাঠে দেখা দেয় নি, তারা — প্র্যাক্টিসে ব্যস্ত / রণসজ্জায় সজ্জিত হচ্ছে / অধিনায়কের পরামর্শ শুনছে / নিজেদের মনোসংযোগ রক্ষায় সচেষ্ঠ রয়েছে।

১.২ ব্যাচের দিন তুক করতে গিয়েছিল — প্রণব / টুনু / সমরেশ / গিরীন।

১.৩ রেফারি দিব্যেন্দুবাবু খেতে ভালোবাসতেন — কাঁচাগোল্লা / অমৃতি / জিলিপি / সন্দেশ।

১.৪ টাউনস্কুল ফুটবলটিমের একজন সেন্টার ফরোয়ার্ড হল — টুন / রণজিত / গিরীন / দিব্যেন্দু।

১.৫ মিশন স্কুল একটা গোল দেবার পর তাদের — পাঁচ / ছয় / সাত / আট- জন ফরোয়ার্ড একসঙ্গে বল নিয়ে গোলের মধ্যে ঢুকে গেছিল।

১.৬ টুনু ম্যাচে আহত হবার পর রেফারি — পেনাল্টি / অফসাইড / লালকার্ড / হলুদ কার্ড - ব্যবহার করেছিলেন।

১.৭ টাউন স্কুলের হয়ে দ্বিতীয় গোল করেছিল — টুনু / রণজিৎ / গিরীন / সমরেশ।

১.৮ বিজয়ী টাউন স্কুল মোট গোল দিয়েছিল — তিন / চার / পাঁচ / ছয়- টি।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ 'কিন্তু দুপক্ষের খেলোয়াড়রা এখনো মাঠে দেখা দেয়নি, তারা রণসজ্জায় সজ্জিত হচ্ছে।' এখানে রণসজ্জার বদলে অন্য কোন্ শব্দ প্রয়োগ করলে তা শ্রুতিমধুর হচ্ছে কি না লেখো।

২.২ শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের লেখা 'গাধার কান' গল্পটি পড়লে ফুটবল খেলার খুঁটিনাটি দিক সম্বন্ধে অনেক তথ্য জানা যায়। এই বিষয়ে একটি অনুচ্ছেদ লেখো।

২.৩ 'গাধার কান' গল্পটিতে ফুটবল ম্যাচে দুদলের প্রবল প্রতিদ্বন্দ্বিতার থেকেও বড়ো হয়ে উঠেছে কুসংস্কারের পরাজয়। গল্পের এই ভাবমূলটি বুঝিয়ে দাও।

২.৪ ''হাফ-টাইমের পর আবার খেলা আরম্ভ হলো।

এবার খেলা শুরু হতে-না-হতেই টুনুর কাছে বল গেল। পায়ের ব্যথা ভুলে টুনু বল নিয়ে দৌড়োল। এবার তার প্রতিজ্ঞা সে গোল দেবেই। দু'জন হাফ-ব্যাক টুনুকে আক্রমণ করলে; তাদের পাশ কাটিয়ে বল নিয়ে আবার দৌড়োল।

সামনে দু'জন হুম্‌দো ব্যাক। টুনু কী করে, ব্যাক দুজনের মাথার উপর দিয়ে বল তুলে দিয়ে আবার ছুটল। বলটা পড়েছিল ঠিক গোল-কিপার আর টুনুর মাঝামাঝি; দু'জনেই বল ধরবার জন্যে ছুটে গেল। দু'জনের মধ্যে লাগল ভীষণ ঠোকাঠুকি। টুনু বেচারি উল্টে পড়ে গেল।

বলটা কিন্তু গড়াতে-গড়াতে গিয়ে গোলে ঢুকল।

'গোল! গোল!' দর্শকের এক অংশ বিরাট চিৎকার করে উঠল ; অন্য অংশ চুপ করে রইল। কিন্তু এবার আর অফসাইড বলবার জো নেই, টুনু একলা গোল দিয়েছে। দিব্যেন্দুবাবু গোল দিলেন।

টুনু এই ফাঁকে গিরীনকে বলে এল, 'গিরীনদা, আঙুল ঠিক হয়ে গেছে!'

গিরীন তাকে জড়িয়ে ধরে বললে, 'সে কী রে, কী করে ঠিক হলো?'

'ঐ যে গোল-কিপারের সঙ্গে ধাক্কা লাগল ; ব্যস, ঠিক হয়ে গেছে।'

এবার ঝড়ের মতো খেলা আরম্ভ হলো। মিশন স্কুলের ছেলেরাও ভালো খেলোয়াড়, তারা প্রাণপণে খেলতে লাগল। তাদের একটা দোষ, হারবার উপক্রম হলেই তারা মারামারি করে খেলতে আরম্ভ করে। কিন্তু মারামারি করে তারা বিশেষ সুবিধা করতে পারল না ; কারণ টাউন স্কুলের ছেলেরা এমনভাবে খেলে যে, গায়ে গা ঠেকে না—তাদের মারতে গেলে তারা পিছলে বেরিয়ে যায়। ফলে যারা মারতে যায় তাদেরই অসুবিধা হয় বেশি ;—মারতেও পারে না, অথচ খেলা খারাপ হয়ে যায়।

টুনু এবার অদ্ভুত খেলা খেলতে আরম্ভ করলে। তাকে পাঁচজন লোক ঘিরে থাকে, তবু আটকাতে পারে না। একে তার ছোট্ট শরীর, তার উপর তিরের মতো ছুটতে পারে। তাই তাকে আটকাতে গেলেই সে পাঁকাল মাছের মত পিছলে বেরিয়ে যায়। তার খেলা দেখে মিশন স্কুলের ছেলেরা কেমন যেন ভ্যাবাচাকা খেয়ে গেল! এইটুকু ছেলে—তার এ কী আশ্চর্য খেলা!

দেখতে-দেখতে টুনু আর একবার বল নিয়ে দৌড়াল। এবার ব্যাক দু'জন এমনভাবে তার সামনে দাঁড়ালো যে, একজনকে কাটিয়ে বেরুতে গেলেই আরেক একজনের সামনে পড়তে হয়। টুনু বলটি চট করে রণজিৎকে পাস করে দিলে। রণজিতের দিকে কারও নজর ছিল না, সবাই টুনুকে নিয়ে ব্যস্ত। রণজিৎ কয়েক পা এগিয়ে গিয়ে গোলের কোণ ঘেঁষে বল মারলে। গোল-কিপার শুয়ে পড়ে বল ধরবার চেষ্টা করলে, কিন্তু ধরতে পারলে না।

শব্দ উঠল—'গোল! গোল!'

দ্বিতীয় গোলের পর মিশন স্কুল একেবারে দমে গেল। গোল খেয়ে যারা দমে যায় তারা আর জিততে পারে না। তাদেরও তাই হলো। টুনু তখন আরও দুটো গোল ঠুকে দিলে।" এই অংশটি দুই বন্ধুর কথোপকথনের আকারে প্রকাশ করো।

২.৫ ''খেলার পর ছেলেরা এক জায়গায় জটলা করছিল। হঠাৎ শানু বলে উঠল, 'আচ্ছা, আজ আমরা জিতলুম কী করে? গাধার কান মলা তো হয়নি!'

সকলে এ-ওর মুখের দিকে তাকাতে লাগল, কথাটা এতক্ষণ মনেই ছিল না। সত্যিই তো! এ-রকম অসম্ভব ব্যাপার ঘটল কী করে?

সমরেশ হঠাৎ জোরে হেসে উঠল, 'বুঝেছি!'

সকলে বলে উঠল, 'কী! কী!'

সমরেশ বললে, 'মনে নেই! খেলার আগে টুনুর কান মলে দিয়েছিলুম! তাতেই গাধার কান মলার ফল হয়েছে।'

সবাই হেসে উঠল। শানু বললে, 'বেশ হয়েছে। এবার থেকে টুনুর কান মলে খেলতে নামলেই চলবে। আর গাধা খুঁজে বেড়াতে হবে না।'

গিরীন হাসতে হাসতে দাঁড়িয়ে উঠে বললে, 'সে আসছে বছর দেখা যাবে। আজ টুনুই আমাদের হিরো!' এই বলে টুনুকে দু'হাতে ধরে কাঁধে তুলে নিয়ে বললে, 'বল থ্রি চিয়ার্স ফর টুনু! হিপ্ হিপ্ হিপ্ হুর্‌রে!"— *এই অংশটি একটি চিত্রনাট্যের আকারে প্রকাশ করো।*

২.৬ ''হাওয়া থেকে খুশিমতো টাকা ধরবার জাদু যাঁর জানা আছে তিনি হাওয়াই টাকায় কোটিপতি না হয়ে দীনহীনের মতো এই সামান্য টাকার জন্য ফ্যা ফ্যা করে ঘুরে বেড়ান কেন?" — 'ফ্যা ফ্যা' শব্দটিকে কোন্ অর্থে ব্যবহার করা হয়েছে? এর বদলে অন্য কোনো শব্দ বসিয়ে বাক্যটি আবার লেখো।

২.৭ ‘শহরের মধ্যে বেশ একটু সাড়া পড়ে গেছে’— এই সাড়া পড়ার কারণ কী?

২.৮ গিরীন কীভাবে খেলার মাঠে টুনুকে উৎসাহ আর সাহস জুগিয়েছিল তা সংক্ষেপে লেখো।

২.৯ ‘সমরেশ বিষণ্ণমুখে জার্সি পরতে লাগল’— সমরেশের বিষণ্ণতার কারণ বুঝিয়ে দাও।

২.১০ ‘টাউন স্কুলের খেলোয়াড়গণ আরও মুষড়ে গেল।’— টাউন স্কুলের ছেলেদের মুষড়ে যাওয়ার কারণ আলোচনা করো।

২.১১ ‘তাদের পাঁচজন ফরোয়ার্ড একসঙ্গে বল নিয়ে গোলের মধ্যে ঢুকে গেল’— পাঁচজন ফরোয়ার্ড কেন একসঙ্গে বল নিয়ে গোলের মধ্যে ঢুকলো?

২.১২ ‘দর্শকের এক অংশ বিরাট চিৎকার করে উঠল।’— কোন্ দর্শকদের কথা বলা হয়েছে? কেন তারা এমন করেছিল?

২.১৩ ‘আর গাধা খুঁজে বেড়াতে হবে না’— গল্পের শেষে মিশন স্কুলের ছেলেদের এমন সিদ্ধান্তের কারণ নিজের ভাষায় লেখো।

পটলবাবু ফিল্মস্টার

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ বাহান্ন বছর বয়সে পটলবাবুকে ফিল্মে অভিনয় সুযোগ এনে দিয়েছিলেন — রাধাকান্তবাবু / নিমশিকান্তবাবু / রমাকান্তবাবু / শ্যামকান্তবাবু।

১.২ বাজার করতে নিয়ে আজ পটলবাবু গিন্নির ফরমাস গুলিয়ে ফেলে কালোজিরের বদলে — ধানিলঙ্কা / কাঁচালঙ্কা / সাদাজিরে / পাঁচফোড়ন - কিনে ফেললেন।

১.৩ পটলবাবু যখন রেলের চাকরি করতেন তখন থাকতেন — লিলুয়াতে / খড়গপুরে / বালিতে / কাঁচড়াপাড়ায়।

১.৪ বাহান্ন বছর বয়েসে যে চরিত্রে পটলবাবু অভিনয়ের সুযোগ পেয়েছিলেন সেটি হল — ডাক্তার / পথচারী / উকিল / দোকানী।

১.৫ হাডসন কিম্বার্লিতে পটলবাবু চাকরি করেছেন — সাত / নয় / এগারো / তেরো - বছর।

১.৬ পটলবাবু অভিনয়ের সময়ে সংলাপ হিসেবে বলেছিলেন — ওঃ / উঃ / আঃ / আহা - শব্দটি।

১.৭ অভিনয়ের সময় পটলবাবুর হাতে ছিল — আনন্দবাজার / যুগান্তর / স্টেটসম্যান / বর্তমান - পত্রিকা।

১.৮ করালীবাবুর বাড়িতে শ্যামাসংগীত হয় — শনিবার / রবিবার / মঙ্গলবার / বৃহস্পতিবার - সকলে।

১.৯ অভিনয়ের সময়ে পটলবাবুর নাকের নীচে সেঁটে দেওয়া হয়েছিল — ঝুঁপো / চাড়াদেওয়া / বাটারফ্লাই / মোচওয়ালা - গোঁফ।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ ‘‘পটলবাবু এবার পাশের ভদ্রলোকটির দিকে ঝুঁকে পড়ে ফিসফিস করে বললেন, ‘আর পরিচালকটির নাম কী মশাই?’

ভদ্রলোক অবাক হয়ে বললেন, ‘সে কী, আপনি তাও জানেন না। উনি যে বরেন মল্লিক—তিনখানা ছবি পর পর হিট করেছে।’

যাক। কতগুলো দরকারি জিনিস জানা হয়ে গেল। নইলে গিন্নি যদি জিজ্ঞেস করতেন কার ছবিতে কার সঙ্গে অভিনয় করে এলে, তা হলে মুশকিলেই পড়তেন পটলবাবু।

নরেশ একভাঁড় চা নিয়ে পটলবাবুর দিকে এগিয়ে এল।

‘আসুন স্যার, গলাটা একটু ভিজিয়ে আলগা করে নিন। আপনার ডাক পড়ল বলে!’

পটলবাবু এবার আসল কথাটা না বলে পারলেন না।

'আমার ডায়ালগটা যদি এইবেলা দিতেন তো—'

'ডায়ালগ? আসুন আমার সঙ্গে।'

নরেশ তেপায়া যন্ত্রটার দিকে এগিয়ে গেল, পিছনে পটলবাবু।

'এই শশাঙ্ক!'

একটি হাফশার্ট-পরা ছোকরা এগিয়ে এল নরেশের দিকে। নরেশ তাকে বলল, 'এই ভদ্রলোক ওঁর ডায়ালগ চাইছেন। একটা কাগজে লিখে দে তো! সেই ধাক্কার ব্যাপারটা...'

শশাঙ্ক পটলবাবুর দিকে এগিয়ে এল।

'আসুন দাদু...এই জ্যোতি, তোর কলমটা একটু দে তো। দাদুকে ডায়ালগটা দিয়ে দিই।'

জ্যোতি ছেলেটি তার পকেট থেকে একটি লাল কলম বার করে শশাঙ্কের দিকে এগিয়ে দিল। শশাঙ্ক তার হাতের খাতা থেকে একটা সাদা পাতা ছিঁড়ে কলম দিয়ে তাতে কী জানি লিখে কাগজটা পটলবাবুকে দিল।

পটলবাবু কাগজটার দিকে চেয়ে দেখলেন তাতে লেখা রয়েছে—'আঃ'।

আঃ?

পটলবাবুর মাথাটা কেমন ঝিমঝিম করে উঠল। কোটটা খুলে ফেলতে পারলে ভালো হয়। গরম হঠাৎ অসহ্য হয়ে উঠেছে।

শশাঙ্ক বলল, 'দাদু যে গুম মেরে গেলেন? কঠিন মনে হচ্ছে?''— এই অংশটিকে একটি চিত্রনাট্যের আকারে লেখ।

২.২ ''এবার জ্যোতি বলে ছেলেটি এগিয়ে এসে পটলবাবুর কাঁধে হাত রেখে বলল, 'শুনুন দাদু— ব্যাপারটা বুঝে নিন। চঞ্চলকুমার হলেন এই আপিসের বড়ো চাকুরে। সিনটায় আমরা দেখাচ্ছি যে আপিসে একটা ক্যাশ ভাঙার খবর পেয়ে উনি হন্তদন্ত হয়ে এসে দৌড়ে আপিসে ঢুকছেন। ঠিক সেই সময় সামনে পড়ে গেছেন আপনি— একজন পেডেস্ট্রিয়ান—বুঝেছেন? লাগছে ধাক্কা—বুঝেছেন? আপনি ধাক্কা খেয়ে বলছেন 'আঃ', আর চঞ্চল আপনার দিকে দৃকপাত না করে ঢুকে যাচ্ছে আপিসে। আপনাকে অগ্রাহ্য করাতে তার মানসিক অবস্থাটা ফুটে বেরোচ্ছে—বুঝেছেন? ব্যাপারটা কত ইম্পর্ট্যান্ট ভেবে দেখুন!'' — এই কথাগুলি জ্যোতি বুঝিয়ে বলেছে পটলবাবুকে। সে যদি মুখে না বলে চিঠি লিখে বোঝাত, তাহলে তা কেমন হত? *এই অনুচ্ছেদটি পড়ে নিজের ভাষায় সেই কাল্পনিক চিঠিটি লেখো।*

২.৩ পটলবাবু একবার ভেবেছিলেন রবিবারের সকালটা মাটি না করে চলে যাবেন করালীবাবুর বাড়িতে শ্যামা সংগীত শুনতে। কিন্তু তাঁর চলে না যাওয়ার কারণ কী? এক্ষেত্রে গল্পের মূল ভাবমূল কীভাবে রক্ষিত হয়েছে তা লেখো।

২.৪ একটি মাত্র শব্দ 'আঃ'। কিন্তু পটলবাবু পরম নিষ্ঠার সঙ্গে সেই শব্দটি বলার জন্য অনুশীলন চালিয়েছিলেন। তাঁর প্রস্তুতির বিষয়টি নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

২.৫ 'গলিতে রিহার্সাল দেওয়ার সময় পটলবাবু একটা আইডিয়া মাথায় এসেছিল....'এখানে আইডিয়া শব্দের বদলে অন্য কোনো শব্দ ব্যবহার করে বাক্যটি নতুন করে লেখো।

২.৬ 'এতদিন অকেজো থেকেও তাঁর শিল্পীমন ভোঁতা হয়ে যায়নি' পটলবাবুর মনে এই অনুভব কীভাবে জাগল?

২.৭ 'যেরকম চাইছে, বুঝেছো'— কোন্ প্রয়োজনে কেমন মানুষ দরকার বলে বক্তা উল্লেখ করেছেন?

২.৮ 'এ যে একেবারে অভাবনীয় ব্যাপার'— অভাবনীয় ব্যাপারটি কী?

২.৯ 'এমনও সময় গেছে এককালে'— কোন্ সময়ের কথা গল্পে রয়েছে?

২.১০'সেই থেকে আজ অবধি বাকি জীবনটা রোজগারের ধান্দায় কেটে গেছে পটলবাবুর'— পটলবাবু কীভাবে জীবন নির্বাহ করেছেন?

২.১১ 'সে তো যেন আর-এক জন্মের কথা'— কোন্ বিষয়টিকে আর-এক জন্মের কথা বলা হয়েছে?

২.১২ 'পটলবাবুর ধাঁ করে জরুরি প্রশ্ন মাথায় এসে গেল'— প্রশ্নটি কী?

২.১৩ 'আজ যে পুনর্যৌবন লাভ করেছি'— পটলবাবুর এমন অনুভূতির কারণ কী?

২.১৪ 'গাছে কাঁঠাল, গোঁফে তেল'— পটলবাবুর স্ত্রী কেন এই প্রবচনটি উল্লেখ করেছিলেন?

২.১৫ 'সেখান থেকে বেন্টিঙ্ক স্ট্রিট ও মিশন রো-এর ফ্যারাডে হাউসে পৌঁছতে লাগল আরও মিনিট দশেক'— এর পরবর্তী ঘটনা 'পটলবাবু ফিল্মস্টার' গল্প অনুসরণে আলোচনা করো।

২.১৬ 'এরা কি তাহলে ঠাট্টা করছে?'— পটলবাবুর একথা মনে হয়েছিল কেন?

২.১৭ 'অনেককাল আগের একটা ক্ষীণ স্মৃতি পটলবাবুর মনের মধ্যে জেগে উঠল'— কোন্ স্মৃতি? কেন পটলবাবুর মনে সেই স্মৃতি জেগে উঠল?

২.১৮ 'আওড়াতে আওড়াতে ক্রমে তিনি একটি আশ্চর্য জিনিস আবিষ্কার করলেন'— পটলবাবুর আবিষ্কৃত বিষয়টি কী?

২.১৯ 'সেটা সাহস করে বলে ফেললেন'— সাহস সঞ্চয় করে পটলবাবু কী বলেছিলেন? এর মধ্য দিয়ে তাঁর চরিত্রের কোন দিকের আভাস পাও?

২.২০ 'আপনি তো ভালো অভিনেতা মশাই'— বক্তা কে? পটলবাবুর প্রতি তাঁর এই প্রশংসাসূচক উক্তির কারণ কী?

২.২১ '... আজকের এই যে আনন্দ তার কাছে পাঁচটা টাকা আর কী? ...'— গল্প অনুসরণে পটলবাবুর আনন্দিত হয়ে ওঠার কারণ বুঝিয়ে দাও।

চিন্তাশীল

১। ঠিক উত্তরটি নির্বাচন করো :

১.১ নরহরির মা-র ভাষায় বেশি ভাবলে মাথার — ব্যাথা / রোগ / ব্যামো / ব্যারাম - হবে।

১.২ 'বাছা' কে হাজার বছর আগে বলা হতো — বৎসর / বৎস / বাচ্ছা / বাছাধন।

১.৩ নরহরির মতে আমাদের আর্থগৌরবের শ্মশানক্ষেত্র হল — অযোধ্যা / কুরুক্ষেত্র / লঙ্কা / বাণপ্রস্থ।

১.৪ ছেলেবেলাকার আদরের উপর ছেলের — অর্ধেক / সমস্ত / খানিকটা / অল্প - ভবিষ্যৎ নির্ভর করে।

১.৫ নরহরির যা চিন্তাশীল নরহরির অবস্থা দেখে — হরিদ্বার / পুরী / কাশী / দেওঘর - যেতে চেয়েছেন।

২। নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

২.১ **নরহরি**। 'বৎস'। আজ তুমি বলছ 'বাছা'—দু - হাজার বৎসর আগে বলত 'বৎস'— এই কথাটা একবার ভালো করে ভেবে দেখো দেখি মা! কথাটা বড়ো সামান্য নয়। এ কথা যতই ভাববে ততই ভাবনার শেষ হবে না।

পুনরায় চিন্তায় নিমগ্ন

মা। যে ভাবনা শেষ হয় না এমন ভাবনার দরকার কী বাপ! ভাবনা তো তোর চিরকাল থাকবে, ভাত যে শুকোয়। লক্ষ্মী আমার, একবার ওঠ।

নরহরি। (চমকিয়া) কী বললে মা? লক্ষ্মী? কী আশ্চর্য! এক কালে লক্ষ্মী বলতে দেবী-বিশেষকে বোঝাত। পরে লক্ষ্মীর গুণ অনুসারে সুশীলা স্ত্রীলোককে লক্ষ্মী বলত, কালক্রমে দেখো পুরুষের প্রতিও লক্ষ্মী শব্দের প্রয়োগ হচ্ছে! একবার ভেবে দেখো মা, আস্তে আস্তে ভাষার কেমন পরিবর্তন হয়! ভাবলে আশ্চর্য হতে হবে।"

নরহরি সবসময় চিন্তা করে। ভাষার প্রয়োগ এবং পরিবর্তন বিষয়ে তাঁর পর্যবেক্ষণগুলি কিন্তু ভুল নয়। এই দৃষ্টান্তগুলি উল্লেখ করে ছোটো বোনকে একটি চিঠি লেখো।

২.২ 'চিন্তাশীল' নাটকের কোন্ সংলাপগুলি হাস্যরস উদ্রেক করে তা উদ্ধৃত করে একটি অনুচ্ছেদ লেখো।

২.৩ রবীন্দ্রনাথ ঠাকুরের 'চিন্তাশীল' নাটকটি যদি মঞ্চস্থ করা হয় তাহলে কোন্ অংশটি দেখে দর্শকরা অনাবিল আনন্দ পেতে পারেন, তা লেখো।

২.৪ ''নরহরি। ছি দিদিমা, সূর্য তো অস্ত যায় না। পৃথিবীই উল্টে যায়। রোশো, আমি তোমাকে বুঝিয়ে দিচ্ছি।" — এখানে 'রোসো' শব্দটির অর্থ কী? এই শব্দটির বদলে অন্য একটি শব্দ ব্যবহার করে বাক্যটি পুনরায় লেখো।

২.৫ 'রোসো, আমি তোমাকে প্রমাণ করে দিচ্ছি'— নরহরি কার কাছে কী প্রমাণ করে দিতে চেয়েছিল?

২.৬ 'চিন্তাশীল নরহরি সব কথাতেই চিন্তামগ্ন হয়ে পড়ে, অথচ মায়ের কাশীবাসী হওয়ার ইচ্ছা হয়েছে শুনে তখনই সে রাজি হয়ে যায়। কিন্তু তার মা যেই টাকার বন্দোবস্ত করতে বলেন, সে আবার ভাবতে বসে'— এ থেকে নরহরি চরিত্রটি সম্পর্কে তোমার কেমন ধারণা হলো?

২.৭ 'কথাটা বড়ো সামান্য নয়।'— কোন্ কথাটা কার মতে সামান্য নয়?

২.৮ 'তোমার রকম দেখে পাড়াসুদ্ধ লোকের মাথা ঘুরছে!'— কার কেমন রকমসকমের কথা আমরা এখানে জানতে পারি?

২.৯ 'ছেলেবেলাকার আদরের ওপরে ছেলের সমস্ত ভবিষ্যৎ নির্ভর করে তাকি জানো? ছেলেবেলাকার একেকটা সামান্য ঘটনার ছায়া বৃহৎ আকার ধরে আমাদের সমস্ত যৌবন কালকে, আমাদের সমস্ত জীবনকে আচ্ছন্ন করে রাখে...'— এই মত তুমি কতটা সমর্থন করো তা যুক্তি দিয়ে লেখো।

সপ্তম শ্রেণি ব্যাকরণ ও নির্মিতী

বাংলা ভাষার শব্দ

১। নীচের শব্দগুলির উৎসগত শ্রেণি নির্ণয় করো।

বৎসর, ডাক, কাঠ, পেত্যয়।

২। দৃষ্টান্ত সহ সংজ্ঞা দাও।

তৎসম শব্দ, মিশ্র শব্দ

৩। শূণ্যস্থান পূরণ করো

_____ > _____ >আজ ; _____ > গেরস্ত।

৪। বাংলায় বহুল প্রচলিত দু'টি প্রাদেশিক শব্দের উদাহরণ দাও এবং তাদের প্রত্যেকটিকে বাক্যে প্রয়োগ করো।

৫। _____ (তদ্ভব শব্দ) + _____ (বিদেশি শব্দ) = _____ (মিশ্রশব্দ)- শূণ্যস্থান গুলিতে সঠিক শব্দ প্রয়োগ করো।

বাংলা বানান

১। বাংলা বানানের ক্ষেত্রে কোথায় কোথায় 'ণ' হয়, এমন দুটি রীতি উল্লেখ করো উদাহরণ সহ।

২। 'বেষ্টন' বানানে 'ষ' কেন হয় লেখো। এরূপ আরেকটি উদাহরণ দাও।

৩। সমাস বা প্রত্যয় যুক্ত শব্দের ক্ষেত্রে শব্দের শেষের 'ঈ' কা 'ই' কারে পরিণত হয় - এমন দু'টি উদাহরণ দাও।

৪। বানান গুলি শুদ্ধ করো — সহযোগীতা, রামায়ণ, নৃপেন্দরকৃস্ন ভদ্র, ভারতবরেন্য, প্রনাম।

নানারকম শব্দ

১। 'হরিণ' শব্দটির বুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ উল্লেখ করো।

২। যৌগিক শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

৩। পঙ্কজ শব্দটিকে দেন যোগরূঢ় শব্দ বলা হয় বুঝিয়ে দাও।

৪। গলায় গলায় বন্ধু বলেই ঝমঝমে বৃষ্টির দিনেও বাড়ির বাইরে সময় সময় আড্ডা দেবে এমনটা কোনো অভিভাবক পছন্দ করেন না।

রেখাঙ্কিত শব্দগুলির কোন্‌টি শব্দদ্বৈত ও কোন্‌টি ধ্বন্যাত্মক শব্দ তা নির্ণয় করো।

শব্দ তৈরির কৌশল

১। তব্য বা অনীয় প্রত্যয় যোগে দুটি শব্দ গঠন করে তাদের পৃথক পৃথক বাক্যে প্রয়োগ করো।

২। শূণ্যস্থান পূরণ করো :- _____ + ণক = গায়ক

পাকা + _____ =. পাকামি

৩। দুটি বাংলা তদ্ধিত প্রত্যয়ের উদারণ দিয়ে তাদের দ্বারা তদ্ধিতান্ত শব্দ গঠন করে দেখাও।

কারক বিভক্তি ও অনুসর্গ

১। কারক বলতে কী বোঝ একটি উদাহরণের মাধ্যমে বুঝিয়ে দাও।

২। কর্ম কারকে 'কে' বিভক্তির প্রয়োগ বাক্যের মাধ্যমে দেখাও।

৩। ফটকে গাড়ি দাঁড়িয়ে আছে — রেখাঙ্কিত পদটির কারক বিভক্তি নির্ণয় করো।

৪। মাষ্টারমশাই ছাত্রকে পুরস্কার দিলেন — বাক্যটিতে মুখ্যকর্ম ও গৌণকর্ম চিহ্নিত করো।

৫। রেখাঙ্কিত পদগুলির কারক / অকারক পদ ও বিভক্তি নির্ণয় করো।

৫.১ তার গানের গলা বেশ ভালোই।

৫.২ কবি সেদিন আমাকে বাগে পেয়েছিল।

৫.৩ সে হাসিতে মন জয় করতে জানে।

৫.৪ সৈনিকদের মরণে ভয় নেই।

৬। তির্যক বিভক্তি কাকে বলে উদাহরণ সহ বুঝিয়ে দাও।

পত্র রচনা

১। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস তোমার বিদ্যালয়ে কিভাবে যথাযথ মর্যদার সাথে পালিত হয়েছে তা জানিয়ে তোমার ভাইকে একটি চিঠি লেখো।

২। কোনো ইতিহাস প্রসিদ্ধস্থানে ঘুরে আসার অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখো।

৩। তোমার বিদ্যালয়ের সামনে যানচলাচল নিয়ন্ত্রিত রাখার জন্য স্থানীয় পৌরপিতাকে একটি আবেদন পত্র লেখো।

৪। বৃত্তিপরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলির জানতে চেয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে একটি আবেদন পত্র লেখো।

৫। বিদ্যায়ে বৃক্ষ রোপণের অনুমতি চেয়ে বিদ্যালয় প্রধানের কাছে একটি পত্র লেখো।

প্রবন্ধ রচনা

নিম্নলিখিত বিষয়গুলি অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

১। তোমার জীবনের লক্ষ্য

২। পরিবেশ রক্ষার ছাত্রছাত্রীদের দায়িত্ব

৩। একটি বটগাছের আত্মকথা

৪। দেশভ্রমণের গুরুত্ব

৫। আমাদের জীবনে পরিবেশের প্রভাব

৬। বিজ্ঞানের উন্নতি বনাম পরিবেশ

৭। বীর সন্ন্যাসী বিবেকানন্দ

এক কথায় প্রকাশ

নীচের বাক্যগুলিকে এককথায় প্রকাশ করো বাক্যে ব্যবহার করো :

১। ব্যাকরণ জানেন যিনি

২। সুধাধবলিত গৃহ

৩। সর্বজনের কল্যাণে

৪। রাত্রিকালীন যুদ্ধ

৫। চৈত্রমাসের ফসল

৬। যা উদিত হচ্ছে

৭। একই সময়ে বর্তমান

৮। নৌ চলাচলের যোগ্য

৯। আয় বুঝে ব্যয় করে যে

১০। ময়ূরের ডাক

১১। অগ্রে গমন করেন যিনি

১২। মৃত্যুকে জয় করেছে যে

বাগ্‌ধারা

অর্থ অনুযায়ী নীচের প্রতিটি বাগ্‌ধারাকে বাক্যে প্রয়োগ করো :

১। ঝড় তোলা

২। ঘর আলো করা

৩। শাক দিয়ে মাছ ঢাকা

৪। ঢোঁক গেলা

৫। বকধার্মিক

৬। হরিহর আত্মা

৭। ঠোঁটকাটা

৮। ছাইচাপা আগুন

৯। একাই একশো

১০। উচ্ছনে যাওয়া

১১। ওজন বুঝে চলা

১২। গড্ডলিকা প্রবাহ

১৩। পটের বিবি

১৪। চোখে চোখে রাখা

১৫। ঘর আলো করা

মাকু

১। কালিয়ার বন কোথায়? সেখানে কীভাবে যেতে হয়?

২। নিজের পিসির খোকা আসছে বলে হিংসায় জ্বলে পুড়ে খাক হলো।' -কে কাদের সম্পর্কে এমন কথা বলেছেন? তাদের হিংসুটে আচরণ কি সমর্থন যোগ্য ছিল? আলোচনা করো।

৩। 'ঘড়িওয়ালা চোখ মুছল' — কেন?

৪। ঘড়িওয়ালার হ্যান্ডবিলে কী লেখা ছিল সংক্ষেপে লেখো।

৫। সং-এর সঙ্গে সোনা-টিয়ার পরিচয় কিভাবে হয়েছিল? সং কেন সপ্তাহে তিনবার পোষ্টঅফিসে যেত?

৬। 'হোটেল বলে হোটেল ! সে এক এলাহি ব্যাপার !'—বনের মধ্যে এই হোটেল কে চালাত? তার কীর্তিকলাপের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৭। 'ও আবার কী কথা! মরে যাবে কেন?'—কে কার সম্পর্কে একথা বলেছেন? কেন সে মরে যাবে না?

৮। হোটেলওলার জন্মদিনের উৎসব কেমন হয়েছিল লেখো।

৯। সোনা-টিয়া কীভাবে কালিয়ার বন থেকে বাড়ির লোকেদের সঙ্গে করে ফিরতে পারল?

১০। 'মাকু' বইটির অন্য কোনো নাম দিতে বলা হলে তুমি কী নাম দেবে ও কেন তা বুঝিয়ে লেখো।

নমুনা প্রশ্নপত্র : ১

পূর্ণমান : ১৫ **সময় : ৩০ মিনিট**

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : (যে-কোনো একটি) **১ × ১ = ১**

১.১ রামকিঙ্কর শান্তিনিকেতনে প্রথম কোন বিষয়টি শুরু করেন?

(ক) পুতুল তৈরি (খ) অয়েল পেন্টিং (গ) ওরিয়েন্টাল আর্ট (ঘ) ল্যান্ডস্কেপ।

১.২ মসজিদ, সমাধি কিংবা অন্য কোনো ইমারতের অঙ্গ হিসাবে যে মিনার থাকে, তাকে বলে

(ক) স্তম্ভ (খ) মিনারেট (গ) কুতুবমিনার (ঘ) শহিদ মিনার।

২. খুব লংক্ষেপে নীচের প্রশ্নটির উত্তর দাও (যে-কোনো একটি) **১ × ১ = ১**

২.১ হুমায়ুনের সমাধি-নির্মাতাকে লেখক 'ঘোড়েল' বলেছেন কেন?

২.২ রাষ্ট্রপুঞ্জের মহাসচিব গণেশের ডেরায় এসে কী বলেছিলেন?

৩. নীচের প্রশ্নটির উত্তর দাও (যেকোনো একটি) **২ × ১ = ২**

৩.১ খোকনের নিজের ছবি কীভাবে আঁকা হলো?

* ৩.২ একুশে ফেব্রুয়ারি আমাদের কোন কথা ক্ষরণ করি যে দেয়?

৪. নীচের বিকল্পগুলি থেকে ঠিক বিকল্পটি বেছে নাও (যেকোনো একটি) **১ × ১ = ১**

৪.১ কবিকে নীল রংটি ধার দিতে চায়—

(ক) চড়ুই (খ) আকাশ (গ) দোকানদার (ঘ) মাছরাঙা

৪.২ 'কোকনদ' শব্দের অর্থ হলো :

(ক) লাল পদ্ম (খ) নীল পদ্ম (গ) সাদা পদ্ম (ঘ) লাল গোলাপ

৫. খুব সংক্ষেপে নীচের প্রশ্নটির উত্তর দাও (যেকোনো একটি) **১ × ১ = ১**

* ৫.১ কেদারনাথ সিং-এর 'মাতৃভাষা' কবিতার সঙ্গে রামানিধি গুপ্তর গানটির মধ্যে মিল কোথায়?

৫.২ 'কেউ লেখেনি আর কোথাও'— কোন লেখার কথা এখানে বলা হয়েছে?

৬. নীচের প্রশ্নটির উত্তর দাও (যেকোনো একটি) **২ × ১ = ২**

৬.১ মিছিলে এসে দাঁড়ানো কবির মা-এর সম্পর্কে একুশের কবিতা শীর্ষক কবিতায় যা বলা হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

৬.২ 'আঁকা, লেখা' কবিতায় কবি কোন বিষয়কে পদক পাওয়া বলে মনে করেছেন?

৭. খুব সংক্ষেপে নীচের যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : **১ × ২ = ২**

৭.১ 'ধেৎ! বাপি বলেছে ও আমবাত।'

— 'বাপি' আমবাত বলতে কী বোঝাতে চেয়েছেন?

৭.২ 'সোনা টিয়া হাসতে লাগল।'

— সোনা টিয়ার হাসির কারণ কী?

৭.৩ টিয়াও হ্যান্ডবিল দিয়ে চোখ মুছে বলল, 'কেন পালিয়ে গেল?'

— কোন হ্যান্ডবিলের কথা এখানে বলা হয়েছে?

৮. নীচের বিকল্পগুলির মধ্যে ঠিক বিকল্পটি বেছে নাও : **১ × ৩ = ৩**

৮.১ নীচের কোনটি তদ্ভব শব্দ :

(ক) কানাই (খ) কার্য (গ) কেষ্ট (ঘ) কৃষ্ণ

৮.২ যে সব তৎসম শব্দ বাংলা ভাষায় গৃহীত হওয়ার পরেও উচ্চারণ বিকৃতির কারণে রূপ বদলেছে তাদের —বলা হয়। শূন্যস্থান হবে—

(ক) বিদেশি শব্দ (খ) দেশি শব্দ (গ) অর্ধতৎসম (ঘ) তদ্ভব

৮.৩ চা, চিনি লুচি — এই শব্দগুলির কোন ভাষা থেকে এসেছে?

(ক) গ্রিক (খ) বর্মি (গ) ফরাসি (ঘ) চিনা

৯. নীচের প্রশ্নদুটির উত্তর দাও : **১ × ২ = ২**

৯.১ অর্ধতৎসম শব্দ কাকে বলে একটি উদাহরণ দিয়ে বোঝাও।

৯.২ বিদেশি ও তৎসম শব্দযোগে দুটি সংকর শব্দের উদাহরণ দাও।

নমুনা প্রশ্নপত্র : ২

পূর্ণমান : ২৫ **সময় : ৫০ মিনিট**

১. নীচের বিকল্পগুলির মধ্যে ঠিক বিকল্পটি বেছে নাও (যেকোনো একটি) : **১ × ১ = ১**

১.১ স্বদেশি মিটিং-এর রীতি ছিল—

(ক) নেতাজির বক্তৃতার আগে নজরুলের গান

(খ) নেতাজির বক্তৃতার পরে নজরুলের গান

(গ) যে কোনো নেতার বক্তৃতার আগে নজরুলের গান

(ঘ) যে কোনো নেতার বক্তৃতার পরে নজরুলের গান

১.২ মদনপল্লীতে যেমন এইচ. কাজিন্‌স রবীন্দ্রনাথের সম্মানে যে সভার প্রয়োজন করেছিলেন সেখানে তিনি 'জনগণমন' গানটির নামকরণ করেছিলেন—

(ক) অ্যাসেম্বলি সং অফ ইন্ডিয়া

(খ) দ্য ইভনিং সং অফ ইন্ডিয়া

(গ) দ্য মর্নিং সং অফ ইন্ডিয়া

(ঘ) দ্য ন্যাশনাল সং অফ ইন্ডিয়া

২. **খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো দুটি একটি):** **১ × ২ = ২**

২.১ শামুকের চলন দেখলে লেখকের বলতে ইচ্ছে করে 'এ পথে আমি যে গেছি'। লেখকের কেন এরকম মনে হয়েছে?

২.২ বাংলাদেশ স্বাধীনরাষ্ট্র হলে কোন গানের কতগুলি পঙ্‌ক্তি জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়েছে?

৩. **নীচের প্রশ্নটির উত্তর দাও (যেকোনো একটি)** **৩ × ১ = ৩**

৩.১ 'তুমি একটা স্পাই।' যাকে 'স্পাই' বলা হচ্ছে, তাকে কি তুমি সত্যিই স্পই বলে মনে করো?

৩.২ 'বাইরের চলাটা আসল নয়।' লেখকের মতে আসল চলা কোনটি?

৪. **নীচের বিকল্পগুলির থেকে ঠিক বিকল্পটি বেছে নাও (যেকোনো দুটি)** **১ × ২ = ১**

৪.১ 'কাল থেকে মনে মোর লেগে আছে খটকা'— খটকা কী নিয়ে?

(ক) তেজপাতে তেজ কেন?

(খ) কোলাগুড কিসে দেয়?

(গ) কাতুকুতু দিলে গোরু কেন ছটপট করে?

(ঘ) উপরের কোনোটাই নয়।

৪.২ 'বর্ষায় আজ বিদ্রোহ করে বুঝি'— এখানে কার বিদ্রোহ করার বলা হয়েছে—

(ক) কিষাণের (খ) জোড়া দিম্বি (গ) অহংকারী মশা (ধ) মজা নদী

৪.৩ নীচের কোন কাব্যগ্রন্থটি কামিনী রায়ের লেখা নয়?

(ক) ছাড়পত্র (খ) মাল্য ও নির্মাল্য (গ) দীপ ও ধূপ (ঘ) আলো ও ছায়া

৫. **খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো দুটি)** **১ × ২ =২**

৫.১ ভালো কথা শুনলে কবিতার লোকটি কী করে?

৫.২ ব্যাঙ্ড ঘড়ির কাঁটা কোথায় গিয়ে থেমে গেছে?

৫.৩ 'কেবা রক্ষা করে'— কী রক্ষা করা কথা বলা হয়েছে?

৬. **নীচের প্রশ্নটির উত্তর দাও (যেকোনো একটি)** **৩ × ১ = ৩**

৬.১ 'স্মৃতিচিহ্ন' কবিতায় কাদের ক্ষতি লুপ্ত হয়ে যায়? কীভাবে এই লুপ্ত হওয়ার ঘটনাটি ঘটে?

৬.২ 'চিরদিনের' কবিতায় গ্রামীণ সন্ধে আর রাতের যে ছবিটি পাও, তা নিজের ভাষায় লেখো।

৭. **খুব সংক্ষেপে নীচের যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** **১ × ২ = ২**

৭.১ 'টাকার যে আমার বড়ো দরকার।' — কে একথা বলেছিল?

৭.২ 'সোনা ওর মুখ টিপে ধরে বলল, 'চুপ, বোকা!'

— টিয়া বোকামি করছে বলে সোনার মনে হলো কেনো?

৭.৩ 'লোকটি চটে গেল।' — 'লোকটি'র চটে যাওয়ার কারণ কী?

৮. নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর নিজের ভাষায় লেখো : **৩ × ১ = ৩**

৮.১ 'হোটেল বলে হোটেল! সে এক এলাহি ব্যাপার!' — 'মাকু'র কাহিনি অবলম্বনে সেই এলাহি ব্যাপারের বর্ণনা দাও।

৮.২ 'এবার চলো, গেছো-ঘরে শোবে চলো, চোখ তোমাদের জাড়িয়ে আসছে।'

— এরকম গেছো-ঘরে শুয়ে থাকার অভিজ্ঞতার কথা কল্পনা করে কয়েকটি বাক্যে লেখো।

৯. নীচের বিকল্পগুলির মধ্যে ঠিক উত্তরটি বেছে নাও : **৩ × ১ = ৩**

৯.১ নীচের কোন বানানগুচ্ছর সবকটি ঠিক—

(ক) অধঃপাত, অগ্নিসাত, সংবিধান

(খ) অহরহ, সংবোধন, অগ্নিসাৎ

(গ) অহরহ, সম্বোধন, বয়ঃসন্ধি

(ঘ) বয়সন্ধি, অধঃপাত, অগ্নিসাৎ

৯.২ নীচের কোন বানানটি ভুল—

(ক) অবনি (খ) সূর্য্য (গ) অর্থ্য (ঘ) কিংবদন্তী

৯.৩ নীচের কোন শব্দটি রূঢ় শব্দের উদাহরণ —

(ক) মণ্ডপ (খ) পঙ্কজ (গ) গায়ক (ঘ) পরিধি

৯.৪ নীচের কোনটি শব্দ দ্বৈত-র উদাহরণ নয়

(ক) আলাপসালাপ (খ) ঝমঝম (গ) যাই যাই (ঘ) হেসে খেলে

১০. নীচের যেকোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো:

১০.১ একটি পোড়োবাড়ির আত্মকথা

১০.২ আমাদের জীবনে পরিবেশের ভূমিকা

১০.৩ একটি ঐতিহাসিক স্থানে ভ্রমণ

নমুনা প্রশ্নপত্র : ৩

পূর্ণমান : ৭০ **সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট**

১. নীচের বিকল্পগুলিরমধ্যে ঠিক বিকল্পটি বেছে নাও (যেকোনো তিনটি) : **১ × ৩ = ৩**

১.১ কবি যে নদীর উপর বোটে করে ভেসে চলেছেন, তার নাম —

(ক) গঙ্গা, (খ) শিলাবতী (গ) পদ্মা (ঘ) যমুনা

১.২ ননীবালা দেবীকে জেরা করে ছিল—

(ক) প্রবোধ মিত্র ও গোল্ডি (খ) জিতেন ব্যানার্জী ও প্রবোধ মিত্র

(গ) জিতেন ব্যানার্জী ও গোল্ডি (ঘ) রামচন্দ্র মজুমদার ও গোল্ডি

১.৩ মাইকেল অ্যানটনির জন্ম —

(ক) ইংলণ্ডে (খ) আমেরিকায় (গ) ব্রাজিলে (ঘ) ওয়েস্ট ইন্ডিজে

১.৪ 'প্রথম পৃষ্ঠায় ছিল শিল্পীর হাতে আঁকা কবির একখানি রেখাচিত্র।' — এখানে কোন পত্রিকার কথা বলা হয়েছে—

(ক) যুগান্তর (খ) আনন্দবাহার (গ) বিশ্বভারতী (ঘ) রবীন্দ্রভারতী

২. খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো তিনটি) **১ × ৩ = ৩**

২.১ 'শহরের মধ্যে বেশ একটু সাড়া পড়ে গেছে'—

এই সাড়া পড়ার কারণ কী?

সমাধান : (a) $(5x^2 - 2x - 3) - (3x^2 + 3x + 2)$

$= 5x^2 - 2x - 3 - 3x^2 - 3x - 2$

$= (5x^2 - 3x^2) + (-2x - 3x) + (-3 - 2)$

$= 2x^2 - 5x - 5$

(b) $(7x^2 + 3y - 5z) - (2x - 4y + z)$

$= 7x^2 + 3y - 5z - 2x + 4y - z$

$= (7x - 2x) + (3y + 4y) + (-5z - z)$

$= 5x + 7y - 6z$

(c) $(3x^2 + 5xy) - (2x^2 - xy + 3y^2)$

$= 3x^2 + 5xy - 2x^2 + xy - 3y^2$

$= (3x^2 - 2x^2) + (5xy + xy) - 3y^2$

$= x^2 + 6xy - 3y^2$

উদাহরণ ৩ : তানিয়া আজকে $(x + 5)$ টাকার শশা, $(2x + 10)$ টাকার আপেল এবং $(x + 6)$ টাকার মিষ্টি কিনল। তানিয়ার কত টাকা খরচ হলো।

সমাধান : তানিয়ার মোট খরচ

$= (x + 5) + (2x + 10) + (x + 6)$ টাকা

$= (x + 5 + 2x + 10 + x + 6)$ টাকা

$= (4x + 21)$ টাকা

উদাহরণ ৪ : $2x^2 - xy + y^2$ এর মান নির্ণয় করো যখন $x = 2, y = 3$

সমাধান : $2x^2 - xy + y^2$

$= 2(2)^2 - (2)(3) + (3)^2$

$= 8 - 6 + 9$

$= 17 - 6$

$= 11$

বীজগাণিতিক সংখ্যামালার গুণ :—

$$5x(2x + 3y) = (5x)(2x) + (5x)(3y)$$
$$= (5 \times 2)(x \times x) + (5 \times 3)(x \times y)$$
$$= 10x^2 + 15xy$$

উদাহরণ ৫ : গুণ করো : $(3x - 2y), (x + 5y)$

সমাধান : $(3x - 2y) \times (x + 5y)$

$= 3x \times (x + 5y) - 2y \times (x + 5y)$

$= 3x \times x + 3x \times 5y - 2y \times x - 2y \times 5y$

$= 3x2 + 15xy - 2xy - 10y2 \qquad [\ldots xy = yx]$

$= 3x2 + 13xy - 10y2$

বীজগাণিতিক সংখ্যামালার ভাগ :—

$$(8x^2 + 5x - 5) \div 2x = \frac{8x^2 + 5x - 5}{2x}$$
$$= \frac{8x^2}{2x} + \frac{5x}{2x} - \frac{5}{2x}$$
$$= 4x + \frac{5}{2} - \frac{5}{2x}$$

উদাহরণ : ৬ : $(3xyz - 6x^2yz^2 + 9x^3y) \div (-3xyz)$

সমাধান : $(3xyz - 6x^2yz^2 + 9x^3y) \div (-3xyz)$

$$= \frac{3xyz - 6x^2yz^2 + 9x^3y}{-3xyz}$$

$$= \frac{3xyz}{-3xyz} - \frac{6x^2yz^2}{-3xyz} + \frac{9x^3y}{-3xyz}$$

$$= -1 + 2x^{2-1}y^{1-1}z^{2-1} - 3\ \frac{x^{3-1}y^{1-1}}{z}$$

$$= -1 + 2xz - \frac{3x^2}{z} \qquad [\because y^0 = 1]$$

সরল করো : $a(b - c) - b(c - a) + c(a - b)$

সমাধান : $a(b - c) - b(c - a) + c(a - b)$

$= ab - ac - bc + ba + ca - cb$

$= ab - ac - bc + ab + ac - bc$

$= 2ab - 2bc$

নিজে করি :

অতি সংক্ষিপ্ত উত্তর ভিত্তিক

(1) **যোগ করো :**

(a) $-5x, 2x + 3, 8$ (b) $-3x, -6x, -2x + 7$

(2) **বিয়োগ করো :**

(a) $3x + 5y + 6$ থেকে $5y - 2x - 1$

(b) $3x^2 + 5xy$ থেকে $2x^2 + xy + 3y^2$

(3) গুণ করো :

(a) $(10 + 2x), (8 - 5y)$ (b) $(3 - x), (5 + 3x)$

(4) ভাগ করো : $(8x^2 + 3x - 5) \div (-2x)$

(5) সরল করো : $3x^2 - x(x + 2) + 2x(3x + 2)$

(6) মান নির্ণয় করো যখন $x = -1, y = -2$:

(a) $x^2 + y^3$ (b) $x^3 + 2xy - 3x$

6 কম্পাসের সাহায্যে নির্দিষ্ট কোণ অঙ্কন


শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে


- কোণের মধ্যে সম্পর্ক তৈরি করতে পারবে।
- কোণকে সমদ্বিখণ্ডিত করতে পারবে।


সরলরেখার কোনো বিন্দুতে লম্ব অঙ্কন বা 90° কোণ অঙ্কন

এখানে AB সরলরেখার উপর P একটি বিন্দু। P বিন্দুতে লম্ব বা 90° কোণ অঙ্কনের বিভিন্ন পর্যায় দেখানো হলো।










$\angle RPB = 90^\circ$


$90^\circ, 45^\circ, 22\frac{1}{2}^\circ$ কোণ অঙ্কন



A বিন্দুতে প্রথমে 90°, তারপর 90° কে সমদ্বিখণ্ডিত করে 45° পাওয়া গেল। শেষে 45° কে সমদ্বিখণ্ডিত করে $22\frac{1}{2}^\circ$ পাওয়া গেল।

$\angle FAB = 90^\circ,\ \angle PAB = 45^\circ,\ \angle QAB = 22\frac{1}{2}^\circ$

$60^\circ, 30^\circ$ কোণ অঙ্কণ



$\angle DAB = 60^\circ, \angle EAB = 30^\circ$

নিজে করি :

1. $120^\circ, 30^\circ$ কোণ অঙ্কন করো।
2. $75^\circ, 15^\circ$ কোণ অঙ্কন করো।

7 ত্রিভুজ অঙ্কন


শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে :


- বাহু, কোণ দেওয়া হলে ত্রিভুজ অঙ্কন করতে পারবে।
- কখন ত্রিভুজ আঁকা সম্ভব কখন সম্ভব নয়, তার ধারণা পাবে।

ত্রিভুজের যে কোনো দুটি বাহুর দৈর্ঘ্য তৃতীয় বাহু অপেক্ষা বড়ো হতে হবে।

দুটি বাহু, একটি কোণ প্রদত্ত আছে, এরূপ ত্রিভুজ অঙ্কন

BC = 6 সেমি, AB = 4 সেমি, এবং ∠ABC = 45°





- প্রথমে 6 সেমি ও 4 সেমি দুটি সরলরেখাংশ অঙ্কন করো।
- BX অঙ্কন করো, BX থেকে BC = 6 সেমি কোটে নাও।
- B বিন্দুতে প্রথমে 90°, পরে 90° কে সমদ্বিখণ্ডিত করো।
- BS সরলরেখা অঙ্কন করো, BA = 4 সেমি কেটে নাও।
- AC যোগ করো।

ABC হলো উদ্দিষ্ট ত্রিভুজ।

নিজে করি :

(1) 3 সেমি, 4 সেমি, 5 সেমি বাহু বিশিষ্ট একটি ত্রিভুজ অঙ্কন করো।

(2) একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন করো যার একটি বাহু 5 সেমি।

8 সর্বসমতার ধারণা

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে

- জ্যামিতিক চিত্রের তুলনা করতে পারবে।
- দুটি ত্রিভুজের তুলনা করতে পারবে।

সর্বসম বস্তু : একই আকার ও আকৃতি বিশিষ্ট দুটি বস্তুকে সর্বসম বস্তু বলা হয়।

সর্বসম চিত্র :

দুটি জ্যামিতিক চিত্রের গঠন এবং আকার যদি একই হয়, অর্থাৎ যদি দুটি জ্যামিতিক চিত্রের একটি সরিয়ে বা ঘুরিয়ে অপরটির সঙ্গে মিলে যায়, তবে চিত্রদুটিকে সর্বসম চিত্র বলে। আর এই ধর্মকে 'সর্বসমতা' বলে।

সরলরেখাংশের সর্বসমতা :

দুটি সরলরেখাংশের দৈর্ঘ্য সমান হলে, সরলরেখাংশ দুটিকে সর্বসম বলা হয়।


কোণের সর্বসমতা :

দুটি কোণের পরিমাপ সমান হলে, কোণ দুটিকে সর্বসম বলা হবে।

দুটি ত্রিভুজের সর্বসমতা :

1) একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য অপর একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য সমান হলে, ত্রিভুজটিকে সর্বসম ত্রিভুজ বলব।


চিত্রানুযায়ী, AB = DE, BC = EF, CA = FD



অর্থাৎ ΔABC এবং ΔDEF সর্বসম (বাহু-বাহু-বাহু শর্তানুযায়ী)

2) একটি ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য ও তাদের অন্তর্ভুক্ত কোণের পরিমাপ অপর একটি ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য ও তাদের অন্তর্ভুক্ত কোণের পরিমাপের সমান হলে, ত্রিভুজদুটি সর্বসম।


চিত্রানুযায়ী, AB = DE, AC = DF, $\angle BAC = \angle EDF$



অর্থাৎ ΔABC এবং ΔDEF সর্বসম (বাহু-কোণ-বাহু শর্তানুযায়ী)


3) একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাপ ও একটি বাহুর দৈর্ঘ্য অপর একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাপ ও একটি বাহুর দৈর্ঘ্য সমান হলে, ত্রিভুজদুটি সর্বসম।

চিত্রানুযায়ী, $\angle ABC = \angle DEF$, $\angle BCA = \angle EFD$, AC = DF



অর্থাৎ ΔABC ও ΔDEF সর্বসম (কোণ-বাহু-কোণ শর্তানুযায়ী)

4) একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ও একটি বাহুর দৈর্ঘ্য অপর একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ও একটি বাহুর দৈর্ঘ্যের সমান হলে, ত্রিভুজদুটি সর্বসম।



চিত্রানুযায়ী, $\angle ABC = \angle DEF = 1$ সমকোণ

$AC = DF$ (অতিভুজ) এবং $BC = EF$

ΔABC এবং ΔDEF সর্বসম (সমকোণ-অতিভুজ-বাহু শর্তানুযায়ী)

অনুরূপ কোণ এবং অনুরূপ বাহু

যখন দুটি ত্রিভুজ সর্বসম হয়, তখন দুটি ত্রিভুজের সমান বাহুগুলির বিপরীত কোণগুলি অনুরূপ কোণ এবং সমান কোণগুলির বিপরীত বাহুগুলির অনুরূপ বাহু।

সদৃশকোণী ত্রিভুজ

একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপ অপর একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপের সমান। তখন ত্রিভুজদুটিকে সদৃশকোণী ত্রিভুজ বলে।

অবশ্যই, সদৃশকোণী ত্রিভুজদুটি সাধারণভাবে সর্বসম নয়।

নিজে করি :

1) দুটি সমবাহু ত্রিভুজ অঙ্কন করো তারা সদৃশকোণী কিন্তু সর্বসম নয়।

2) ত্রিভুজের সর্বসমতার কয়টি নিয়ম আছে এবং কী কী?

9 আসন্নমান

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে :

- দশমিক ভগ্নাংশের সবচেয়ে কাছের বা প্রায় সমান মান নির্ণয় করতে পারবে।
- ব্যবহারিক জীবনে প্রকৃত মানের নিকটতম গ্রহণযোগ্য মান নির্ণয় করতে পারবে।

আমাদের দৈনন্দিন জীবনে অনেক সময়ই আমরা প্রকৃত মানের বদলে তার একটি নিকটতম মান ব্যবহার করি। যেমন ঘড়িতে 12 টা 5 মিনিট 50 সেকেন্ড হলে আমরা বলি 12 টা 6 মিনিট। আবার জুতোর দাম 999.99 টাকা হলে আমরা 1000 টাকা দাম দিয়ে থাকি। অর্থাৎ প্রকৃত মানের প্রায় সমান মান ব্যবহার করি। এই প্রকৃত মানের প্রায় সমান মানকেই আমরা **আসন্নমান** বলি। এবং আসন্নমান '≈' চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়।

দশমিক সংখ্যার আসন্নমান নির্ণয়ের পদ্ধতি :

1. কোনো দশমিক সংখ্যার কোনো নির্দিষ্ট দশমিক স্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করতে হলে, ওই নির্দিষ্ট দশমিক স্থানের ঠিক পরের ডানদিকের ঘরটি দেখতে হবে।

2. নির্দিষ্ট দশমিক স্থানের ঠিক পরের ডানদিকের অঙ্কটি যদি 5 থেকে 9-এর মধ্যে হয় তবে নির্দিষ্ট ঘরের অঙ্কটির সাথে 1 যোগ হবে। এবং যদি নির্দিষ্ট ঘরের ডানদিকের ঘরের অঙ্কটি 0 থেকে 4-এর মধ্যে হয়, তবে ঐ নির্দিষ্ট ঘরটির কোনো পরিবর্তন হবে না। প্রতিক্ষেত্রেই ঐ নির্দিষ্ট ঘরের পরের অঙ্কগুলি শূন্য (0) হয়ে যাবে।

পূর্ণসংখ্যার আসন্নমান নির্ণয়ের পদ্ধতি :

প্রথম ধাপ : কোন পূর্ণসংখ্যার কোনো নির্দিষ্ট স্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করতে গেলে, ওই নির্দিষ্ট স্থানের ঠিক ডানদিকের অঙ্কটিকে দেখতে হবে।

দ্বিতীয় ধাপ : ওই নির্দিষ্ট স্থানের ঠিক পরের ডানদিকে অঙ্কটি যদি 5 থেকে 9-এর মধ্যে হয় তবে নির্দিষ্ট ঘরে অঙ্কটির সাথে 1 যোগ হবে এবং যদি ডানদিকের অঙ্কটি 0 থেকে 4 এর মধ্যে থাকে তবে ঐ নির্দিষ্ট ঘরের অঙ্কটির কোনো পরিবর্তন হবে না। প্রতিক্ষেত্রের ঐ নির্দিষ্ট ঘরের পরের অঙ্কগুলি শূণ্য (0) হয়ে যাবে।

উদাহরণ

প্রশ্ন 1 : নীচের সংখ্যাগুলি এক দশমিক স্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করো।

(i) 3.6627 (ii) 1.3256

সমাধান :

(i) 3.6627 ≈ 3.663 (যেহেতু 7, 5 এর থেকে বড়ো)

∴ ≈ 3.66 (যেহেতু 3, 5 এর থেকে ছোটো)

≈ 3.7 (যেহেতু 6, 5 এর থেকে বড়ো)

(ii) 1.3256

∴ ≈ 1.326 (যেহেতু 6, 5 এর থেকে বড়ো)

≈ 1.33 (যেহেতু 6, 5 এর থেকে বড়ো)

প্রশ্ন 2 : 35073 পূর্ণসংখ্যাটির শতক স্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করো।

সমাধান : (i) 35073 সংখ্যাটির দশক স্থানীয় অঙ্ক 7 যা 5 অপেক্ষা বড়।

∴ শতক স্থানীয় অঙ্ক 0-এর সাথে 1 যোগ হবে এবং দশক ও একক স্থানীয় অঙ্ক 0 হবে।

সুতরাং 35073 ≈ 35100 (শতকস্থান পর্যন্ত আসন্নমান)

প্রশ্ন 3 : 7 জন ছাত্রীর মধ্যে 3 টাকা সমানভাগে ভাগ করে দেওয়া হলো। প্রত্যেক কত পয়সা করে পাবে নির্ণয় করো (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

সমাধান : এক্ষেত্রে 3 টাকা = 300 পয়সা।

এখন 300 ÷ 7 = 42.857.....

≈ 42.86 (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

সুতরাং প্রত্যেকে 42.86 পয়সা করে পাবে।

$$\begin{array}{r|l} 7 & 300.000 \\ -28 & \\ \hline 20 & \\ -14 & \\ \hline 60 & \\ -56 & \\ \hline 40 & \\ -35 & \\ \hline 50 & \\ -49 & \\ \hline 1 & \end{array} \quad 42.857$$

প্রশ্ন 4 : 12 টা 50 মিনিট 50 সেকেন্ডকে আসন্নমানে কত বলা হবে?

সমাধান 12 টা 50 মিনিট 50 সেকেন্ড = 12 টা 50 মিনিট + $\frac{50}{60}$ মিনিট

= 12 টা 50 মিনিট + 0.8333..... মিনিট = 12 টা 50.8333..... মিনিট

= 12 টা (50+1) মিনিট [∵ এক দশমিক স্থানে 8 আছে যা 5-এর থেকে বড় তাই একক স্থানীয় অঙ্কের সাথে 1 যোগ হবে।]

= 12 টা 51 মিনিট

সুতরাং 12 টা 50 মিনিট 50 সেকেন্ডকে 12 টা 51 মিনিট বলা হবে আসন্নমানে।

নিজে করি :

অতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

1) 399.99 টাকা আসন্নমানে কত বলা হবে?

2) নিচের সংখ্যাগুলির দশকস্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করো।

(a) 234205 (b) 86319

3) 10.36 কেজি -এর আসন্নমান _____ কেজি

4) 45.26 ফুট আসন্নমানে _____ ফুট

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

1. 5 টাকা 7 জন বালকের মধ্যে ভাগ করে দেওয়া হলো। প্রত্যেকে কত পয়সা করে পাবে নির্ণয় করো (দুই দশমিক পর্যন্ত আসন্নমানে।)

2. নীচের ভগ্নাংশগুলো তিন দশমিক স্থান পর্যন্ত আসন্নমান নির্ণয় করো।

(i) $\frac{2}{7}$ (ii) $5\frac{4}{7}$ (iii) $\frac{1}{5}$

10 ভগ্নাংশের বর্গমূল

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে

- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল থেকে বাহুর দৈর্ঘ্য নির্ণয় করতে পারবে।
- বাস্তবজীবনে নানাভাবে ভগ্নাংশের ব্যবহারিক প্রয়োগ করতে পারবে।

মনে রাখতে হবে —

1. কোনো পূর্ণসংখ্যাকে ভগ্নাংশ দিয়ে গুণ করলে ওই সংখ্যার সাথে ভগ্নাংশের লবের গুণ করি।
2. দুটি ভগ্নাংশের গুণফল $= \frac{\text{ভগ্নাংশের লব দুটির গুণফল}}{\text{ভগ্নাংশের হর দুটির গুণফল}}$
3. দুটি সংখ্যার গুণফল 1 হলে একটি সংখ্যা অপরটির অন্যোন্যক হবে।
4. ভগ্নাংশকে কোনো সংখ্যা দিয়ে ভাগের সময় ওই ভগ্নাংশকে ওই সংখ্যার অন্যোন্যক দিয়ে গুণ করা হয়।

   যেমন $= \frac{a}{b} \div \frac{d}{c} = \frac{a}{b} \times \frac{c}{d}$
5. কোনো ভগ্নাংশকে সেই ভগ্নাংশ দিয়ে গুণ করলে ভগ্নাংশটির বর্গ পাওয়া যায়, যেমন, $\frac{a}{b}$ ভগ্নাংশটি। বর্গ $\frac{a}{b} \times \frac{a}{b}$
6. ভগ্নাংশের বর্গমূল করার ক্ষেত্রে আলাদাভাবে লব ও হরের বর্গমূল করা হয়। অর্থাৎ $\sqrt{\frac{a}{b}} = \frac{\sqrt{a}}{\sqrt{b}}$
7. ভগ্নাংশের লব ও হরে ধনাত্মক পূর্ণবর্গ সংখ্যা থাকলে ভগ্নাংশটিকে পূর্ণবর্গ ভগ্নাংশ বলে। যেমন, $\frac{9}{16}$ একটি পূর্ণবর্গ ভগ্নাংশ।

উৎপাদকের সাহায্যে ভগ্নাংশের বর্গমূল নির্ণয় পদ্ধতি :

১ম ধাপ : প্রথমে প্রদত্ত ভগ্নাংশটির লবকে মৌলিক উৎপাদকের গুণফলে প্রকাশ করতে হবে।

২য় ধাপ : ভগ্নাংশটির হরকে মৌলিক উৎপাদকের গুণফলে প্রকাশ করতে হবে।

৩য় ধাপ : লব ও হর-এর মৌলিক উৎপাদকগুলির মধ্যে একই উৎপাদক দুটি করে থাকলে, তাদের মধ্যে একটি করে উৎপাদক গ্রহণ করতে হবে। গৃহীত উৎপাদকগুলির গুণফলই হল প্রদত্ত ভগ্নাংশটির লব ও হর। যেমন, $\frac{16}{25} = \frac{4 \times 4}{5 \times 5}$। সুতরাং, $\sqrt{\frac{16}{25}} = \frac{\sqrt{16}}{\sqrt{25}} = \frac{4}{5}$।

ভাগ প্রক্রিয়ার সাহায্যে পূর্ণবর্গ সংখ্যার বর্গমূল করার পদ্ধতি :

কোনো ভগ্নাংশের লব ও হর বড় সংখ্যা থাকলে ভাগ পদ্ধতিতে লব ও হর - এর বর্গমূল নির্ণয় করতে হবে। যেমন — $\frac{625}{144}$

এখানে

$$\begin{array}{r|l} 2 & 625 \\ \hline & -4 \\ \hline 4 & 225 \\ & -225 \\ \hline & 0 \end{array} \quad 25$$

$\therefore \sqrt{625} = 25$

$$\begin{array}{r|l} 2 & 144 \\ \hline & -1 \\ \hline 4 & 44 \\ & -44 \\ \hline & 0 \end{array} \quad 12$$

$\therefore \sqrt{144} = 12$

সুতরাং $\sqrt{\frac{625}{144}} = \frac{25}{12}$

দশমিক পূর্ণবর্গ সংখ্যার বর্গমূল নির্ণয় পদ্ধতি :

১ম ধাপ : প্রথমে প্রদত্ত দশমিক পূর্ণবর্গ সংখ্যাটিকে সামান্য ভগ্নাংশে পরিণত করো।

২য় ধাপ : প্রথমে লব-এর বর্গমূল নির্ণয় করতে হবে যেটি বর্গমূলের লব হবে।

৩য় ধাপ : তারপর হর-এর বর্গমূল নির্ণয় করতে হবে যেটি বর্গমূলের হর হবে।

৪র্থ ধাপ : এরপর সামান্য ভগ্নাংশে পরিণত বর্গমূলটিকে দশমিক সংখ্যায় পরিণত করতে হবে।

যেমন, 0.81 -এর বর্গমূল $\sqrt{.81}$

এখানে দশমিক বর্জিত অখণ্ড সংখ্যা 81 সুতরাং $\sqrt{81} = 9$

যেহেতু পূর্ণবর্গ দশমিক সংখ্যা 0.81 -এ দশমিকের পরে 2টি অঙ্ক আছে তাই 0.81-এর বর্গমূলে দশমিকের ডানপাশে 1টি অঙ্ক থাকবে। অর্থাৎ, $\sqrt{0.81} = 0.9$

আবার অন্যভাবে লেখা যায় $\sqrt{0.81} = \frac{\sqrt{81}}{\sqrt{100}} = \frac{9}{10} = 0.9$

উদাহরণ :

প্রশ্ন 1 : $\frac{9}{50}$ কে সবচেয়ে ছোটো কোন ধনাত্মক দিয়ে গুণ করলে গুণফলটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে নির্ণয় করো।

সমাধান : $\frac{9}{50} = \frac{3\times3}{2\times5\times5} = \frac{3^2}{5^2\times2}$

এক্ষেত্রে $\frac{9}{50}$ কে 2 দিয়ে গুণ করলে গুণফল হয় $\frac{3^2}{5^2\times2}\times2 = \frac{3^2}{5^2}$ যা একটি পূর্ণবর্গ সংখ্যা। সুতরাং নির্ণীত ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যাটি হল 2।

প্রশ্ন 2 : একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 32.49 বর্গসেমি। ওই বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় করো।

সমাধান : বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = $\sqrt{\text{ক্ষেত্রফল}} = \sqrt{32.49}$ সেমি

$= \sqrt{\frac{3249}{100}}$ সেমি = $\sqrt{\frac{57}{10}}$ সেমি = 5.7 সেমি অথবা

$$\begin{array}{r|l} & 5.7 \\ \hline 5 & \overline{32}.\overline{49} \\ & -25 \\ \hline 107 & 749 \\ & -749 \\ \hline & 0 \end{array}$$

∴ নির্ণীত বাহুর দৈর্ঘ্য = 5.7 সেমি

প্রশ্ন 3 : দুটি সংখ্যার গুণফল $\frac{15}{14}$ এবং তাদের ভাগফল $\frac{24}{35}$ হলে সংখ্যাদুটি নির্ণয় করো।

সমাধান : এক্ষেত্রে প্রথম সংখ্যা × দ্বিতীয় সংখ্যা = $\frac{15}{14}$ এবং $= \frac{24}{35}$

সুতরাং প্রথম সংখ্যা × দ্বিতীয় সংখ্যা × $= \frac{15}{14} \times \frac{24}{35}$

বা, প্রথম সংখ্যা × প্রথম সংখ্যা = $\frac{36}{49}$

$\therefore$ প্রথম সংখ্যা = $\sqrt{\frac{36}{49}} = \frac{6}{7}$

এখন, দ্বিতীয় সংখ্যা = $\frac{15}{14} \div \frac{6}{7} = \frac{15}{14} \times \frac{7}{6} = \frac{5}{4}$

সুতরাং, নির্ণেয় সংখ্যাদুটি $\frac{6}{7}$ এবং $\frac{5}{4}$।

প্রশ্ন 4 : 0.000256 সংখ্যার বর্গমূল ভাগপদ্ধতিতে নির্ণয় করো।

নির্ণেয় বর্গমূল = .016

নমুনা প্রশ্ন :

অতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

(1) নীচের ভগ্নাংশগুলির বর্গমূল নির্ণয় করো।

(i) $\frac{16}{49}$ (ii) $\frac{16}{25}$

(2) কোন দশমিক সংখ্যাকে সেই সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল 1.44 হবে।

(3) কোন ক্ষুদ্রতম ধনাত্মক সংখ্যা দিয়ে গুণ করলে $\frac{121}{700}$ পূর্ণবর্গ হবে।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন

(1) একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $\frac{1089}{625}$ বর্গসেমি। বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য কত?

(2) $\sqrt{\frac{64}{81}}$ কে কোন ভগ্নাংশ দিয়ে গুণ করলে গুণফল 1 হবে নির্ণয় করো।

(3) হিসাব করে দেখি $\frac{35}{42}$-কে কোন ভগ্নাংশ দিয়ে গুণ করলে গুণফলের বর্গমূল 2 হবে।

(4) $\sqrt{\sqrt{\frac{9}{64}}+\sqrt{\frac{25}{64}}}$ - এর মান কত হবে হিসাব করি।

(5) $\left(\sqrt{16}+\sqrt{36}\right)$-এর চেয়ে $\left(\sqrt{25}+\sqrt{81}\right)$ কত বেশি হিসাব করি।

11 বীজগাণিতিক সূত্রাবলী

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে :

- বীজগাণিতিক সূত্রগুলি লিখতে পারবে।
- বিভিন্ন বীজগাণিতিক সমস্যার সূত্রগুলি প্রয়োগ করতে পারবে।

আমরা বীজগাণিতিক প্রক্রিয়াগুলির সঙ্গে আগেই পরিচিত হয়েছি।

যেমন :

বীজগাণিতিক সংখ্যামালার যোগ :

$(2x + 25) + (3x + 30)$

$= 2x + 25 + 3x + 30$

$= (2x + 3x) + (25 + 30)$

$= 5x + 55$

বীজগাণিতিক সংখ্যামালার বিয়োগ :

$(2x^2 + 3x + 2) - (x^2 - 5x - 4)$

$= 2x^2 + 3x + 2 - x^2 + 5x + 4$

$= (2x^2 - x^2) + (3x + 5x) + (2 + 4)$

$= x^2 + 8x + 6$

বীজগাণিতিক সংখ্যামালার গুণ :

$(3x + 4y) \times (5x - 6y)$

$= 3x \times (5x - 6y) + 4y \times (5x - 6y)$

$= 15x^2 - 18xy + 20xy - 24y^2$

$= 15x^2 + 2xy - 24y^2$

বীজগাণিতিক সখ্যামালার ভাগ :

$(30x^2 + 15xy - 8y^2) \div 6xy$

$= \frac{\cancel{30}^{5}x^2}{6xy} + \frac{\cancel{15}^{5}xy}{\cancel{6}_{2}xy} - \frac{8^4x^2}{\cancel{6}_{3}xy}$

$= 5x^{2-1}.y^{-1} + \frac{5}{2} - \frac{4}{3}x^{-1}y^{2-1}$

$= 5x.y^{-1} + \frac{5}{2} - \frac{4}{3}x^{-1}.y$

$= \frac{5x}{y} + \frac{5}{2} - \frac{4y}{3x}$

এখন a ও b যে কোনো সংখ্যা হলে

$(a + b)^2 = (a + b) \times (a + b)$

$= a(a + b) + b(a + b)$

$= a^2 + ab + ba + b^2$

$= a^2 + ab + ab + b^2$ $[\because ba = ab]$

$a^2 + 2ab + b^2$

$\therefore (a + b)^2 = a^2 + 2ab + b^2$

একইভাবে $(a - b)^2 = a^2 - 2ab + b^2$

$(a - b) \times (a - b) = a^2 - b^2$

$(a + b)^2 + (a - b)^2 = 2(a^2 + b^2)$

$(a + b)^2 - (a - b)^2 = 4ab$

$(a + b + c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$

নিজে করি :

1. যোগ করি : $(x^2 + 11x - 20)$ এবং $(2x^2 - 12x + 30)$
2. বিয়োগ করি : $(5x^3 - 2x^2 + 6x - 7)$ থেকে $(x^3 - 7x + 8)$
3. গুণ করি: (i) $(2x + 3)(x + 3)$

   (ii) $(2x + 7)(2x + 7)$

   (iii) $(3x - 5)(3x - 5)$


   (iv) $(x + y + z)(x + y + z)$
4. **ভাগ করি :** $(3x^3 - 6xy^2 + 9y)$ কে $-3xy$ দিয়ে
5. সূত্রের সাহায্যে $(5x + 6y)$-এর বর্গ নির্ণয় করি।
6. $4x^2 + 4x$ সংখ্যামালার সঙ্গে কি যোগ করলে এটি পূর্ণবর্গ সংখ্যামালা হবে?
7. K এর কোন কোন মানের জন্য $x^2 - kx + \frac{1}{4}$ পূর্ণবর্গ হবে?
8. $9x^2 + \frac{25}{x^2}$ সংখ্যামালা থেকে কোন সংখ্যা বা সংখ্যাগুলি বিয়োগ করলে বিয়োগফল পূর্ণবর্গ হবে?

12 সমান্তরাল সরলরেখা ও ছেদকের ধারণা

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে


- সমান্তরাল সরলরেখাকে প্রকাশ করতে পারবে।
- বিপ্রতীপ কোণ, অনুরূপ কোণ, একান্তর কোণ নির্ণয় করতে পারবে।

সুলেখা খাতায় একটা বিন্দু আঁকল। ওই বিন্দু দিয়ে সে অনেক সরলরেখা আঁকতে পারল।





রমেন খাতায় দুটি বিন্দু আঁকল। রমেন কিন্তু ওই দুটি বিন্দু দিয়ে অনেক সরলরেখা আঁকতে পারছে না। একটিমাত্র সরলরেখা আঁকতে পারছে।

∴ একটি বিন্দু দিয়ে অসংখ্য সরলরেখা আঁকা যায় এবং দুটি নির্দিষ্ট বিন্দু দিয়ে একটিমাত্র সরলরেখা আঁকা যায়।




রাকেশ খাতায় তিনটি বিন্দু A, B ও C আঁকল এবং এদের যোগ করে দেখল তিনটি সরলরেখা আঁকা যাচ্ছে।






কিন্তু তনিমা খাতায় তিনটি বিন্দু P, Q, R আঁকল এবং এদের যোগ করে দেখল একটিমাত্র সরলরেখা পাওয়া যাচ্ছে।




তনিমা যে তিনটি বিন্দু এঁকেছে, তারা একই সরলরেখা PR-এর মধ্যে অবস্থিত। এদের সমরেখ বিন্দু বলে।

অর্থাৎ, যে সমস্ত বিন্দু একই সরলরেখায় অবস্থিত তারা সমরেখ বিন্দু।




রাকেশ যে তিনটি বিন্দু এঁকেছিল তারা একই সরলরেখায় অবস্থিত নয়, এরা অসমরেখ বিন্দু।

এই চিত্রে X, Y, Z বিন্দু তিনটি সমরেখ বিন্দু। তাই $\overline{XY} + \overline{YZ} = \overline{XZ}$ আবার এর বিপরীতটিও সত্য। অর্থাৎ $\overline{XY} + \overline{YZ} = \overline{XZ}$ হলে X, Y, Z সমরেখ বিন্দু হবে।



অশোক দুটি সরলরেখা $\overleftrightarrow{AB}$ ও $\overleftrightarrow{CD}$ এঁকেছে।




আবার চন্দনা $\overrightarrow{PQ}$ এবং $\overrightarrow{RS}$ দুটি সরলরেখা এঁকেছে।




অশোক যে দুটি সরলরেখা এঁকেছে তাদের মধ্যে দূরত্ব সর্বদা সমান। এরা সমান্তরাল সরলরেখা। কিন্তু চন্দনা যে দুটি সরলরেখা এঁকেছে তারা পরস্পর পরস্পরকে T বিন্দুতে ছেদ করেছে। এরা সমান্তরাল সরলরেখা নয়, এরা পরস্পরছেদী সরলরেখা। এক্ষেত্রে $\angle PTR$ ও $\angle STQ$ পরস্পর বিপ্রতীপ কোণ এবং $\angle PTR = \angle STQ$। আবার $\angle PTS$ ও $\angle RTQ$ পরস্পর বিপ্রতীপ কোণ এবং $\angle PTS = \angle RTQ$।

মনামী তিনটি সরলরেখাংশ AB, CD ও EF এঁকেছে।

মনামীর আঁকা ছবিতে EF সরলরেখাংশ AB ও CD সরলরেখাংশকে ছেদ করেছে। এই EF সরলরেখাংশকে বলে ছেদক বা ভেদক। অর্থাৎ যে সরলরেখাংশ, দুটি বা তার বেশি সরলরেখাংশকে আলাদা আলাদা বিন্দুতে ছেদ করে তাকে ছেদক বা ভেদক বলে।




সুভাষ স্কেল আর পেনসিলের সাহায্যে নীচের ছবিটি এঁকেছে।



সুভাষের আঁকা ছবি

সন্দীপ একটি স্কেল খাতায় বসিয়ে তার ধার বরাবর দুটি সরলরেখাংশ এঁকেছে যারা পরস্পর সমান্তরাল হয়েছে। সে আরও একটি সরলরেখাংশ এঁকেছে যা আগের সমান্তরাল সরলরেখাংশকে দুটি আলাদা বিন্দুতে ছেদ করেছে।



সন্দীপের আঁকা ছবি


এখন সুভাষের আঁকা ছবিতে $\angle 1$ ও $\angle 5$, $\angle 2$ ও $\angle 6$, $\angle 4$ ও $\angle 8$, $\angle 3$ ও $\angle 7$ অনুরূপ কোণ। $\angle 2$ ও $\angle 4$, $\angle 1$ ও $\angle 3$, $\angle 5$ ও $\angle 7$, $\angle 6$ ও $\angle 8$ বিপ্রতীপ কোণ। এখানে বিপ্রতীপ কোণগুলি পরস্পর সমান হলেও অনুরূপ কোণগুলি সমান নয়। কিন্তু সন্দীপের আঁকা ছবিতে অনুরূপ কোণগুলি সমান। এর কারণ সুভাষের আঁকা সরলরেখা AB ও CD পরস্পর সমান্তরাল নয় কিন্তু সন্দীপের আঁকা সরলরেখা AB ও CD পরস্পর সমান্তরাল। আবার সন্দীপের আঁকা ছবিতে উৎপন্ন একান্তর কোণগুলি পরস্পর সমান। অর্থাৎ $\angle 2 = \angle 8$ $\angle 3 = \angle 5$। সন্দীপের আঁকা ছবিতে $\angle 2$ ও $\angle 5$ যদি চাঁদা দিয়ে মাপা যায় তবে দেখতে $\angle 2 + \angle 5 = 180^\circ$ হচ্ছে। একইভাবে $\angle 3 + \angle 8 = 180^\circ$।

অর্থাৎ দুটি সমান্তরাল সরলরেখার ছেদকের একই পাশের অন্তঃস্থ কোণ দুটির সমষ্টি 180°।

নিজে করি :

1. দুটি সমান্তরাল সরলরেখা আঁকো। তাদের একটি ছেদক অঙ্কন করো। ওই ছেদকের পাশের অনুরূপ কোণ, বিপ্রতীপ কোণ, একান্তর কোণগুলি চিহ্নিত করো।

2. পাশের ছবিতে



$\angle 2$-এর একান্তর কোণ

$\angle 6$-এর বিপ্রতীপ কোণ

$\angle 10$-এর অনুরূপ কোণ

$\angle 7 +$ _____ $= 180^\circ$

_____ $+ \angle 5 = 180^\circ$

$\angle 3 + \angle 8 =$ _____


উপরের চিত্রে তিনটি কোণ লেখো যারা পরস্পর অনুরূপ কোণ।

13 ত্রিভুজের ধর্ম


শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে :

- ত্রিভুজের শীর্ষ বিন্দুর সংখ্যা, বাহুসংখ্যা নির্ণয় করতে পারবে।
- ত্রিভুজের মধ্যমা নির্ণয় করতে পারবে।
- ত্রিভুজের উচ্চতা নির্ণয় করতে পারবে।


তাপস সাদা কাগজে তিনটি অসমরেখ বিন্দু P, Q ও R নিল। বিন্দুগুলিকে পেন্সিল দিয়ে যোগ করে ত্রিভূজ আঁকল। এই PQR ত্রিভুজের তিনটি শীর্ষ বিন্দু P, Q ও R এর তিনটি বাহু PQ, QR, এবং RP এই ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে $\angle P$, $\angle Q$, $\angle R$।



বাহুভেদে ত্রিভুজ তিন রকমের :




1. **সমবাহু ত্রিভুজ :** যে ত্রিভুজের তিনটি বাহু সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।




2. **সমদ্বিবাহু ত্রিভূজ :** যে ত্রিভুজের দুটি বাহু সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে।

3. **বিষমবাহু ত্রিভুজ :** যে ত্রিভুজের তিনটি বাহু দৈর্ঘ্য অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

কোণ ভেদে ত্রিভুজ তিন রকমের :




1. সূক্ষকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষকোণ তাকে সূক্ষকোণী ত্রিভুজ বলে।



2. সমকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের একটি কোণ সমকোণ, তাকে সমকোণী ত্রিভুজ বলে।


সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে।



3. স্থূলকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

এছাড়াও আরও একধরনের ত্রিভুজ আছে। সেটি হল সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ।

যে সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদুটির দৈর্ঘ্য সমান তাকে সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ বলে।




সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের কোণ তিনটির মান 90°, 45° ও 45°।

কাগজ কেটে একটি ত্রিভুজ ABC তৈরি করা হল।

এখন কাগজ ভাঁজ করে, C বিন্দুকে B বিন্দুতে মিলিয়ে BC বাহুর মধ্যবিন্দু D পেলাম, A, D যোগ করা হল। এই AD সরলরেখাংশকে বলে মধ্যমা। অর্থাৎ কোনো ত্রিভুজের একটি শীর্ষ বিন্দুর সঙ্গে বলে বিপরীত বাহুর মধ্যবিন্দু সংযোজক সরলরেখাংশকে বলে মধ্যমা। যেহেতু ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু, তাই তিনটি মধ্যমা আঁকা সম্ভব।

তিনটি মধ্যমা সর্বদা সমবিন্দু হয় অর্থাৎ মধ্যমা তিনটি একটি বিন্দুতে মিলিত হয়।.



ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর উপর লম্ব টানলে লম্বটিকে ত্রিভুজের উচ্চতা বলা হয়। একটি ত্রিভুজের তিনটি উচ্চতা আঁকা সম্ভব। শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত উচ্চতাগুলি সমবিন্দু হয়।

মনে রাখার বিষয় :

- একটি ত্রিভুজের তিনটি মধ্যমা।
- একটি ত্রিভুজের তিনটি উচ্চতা।
- সমবাহু ত্রিভুজের মধ্যমাগুলি সমান।
- সমবাহু ত্রিভুজের মধ্যমা ও উচ্চতা একই।
- সমদ্বিবাহু ত্রিভুজের দুটি মধ্যমা সমান।
- বিষমবাহু ত্রিভুজের মধ্যমার দৈর্ঘ্য বা উচ্চতার দৈর্ঘ্য অসমান।

নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করি :

(i) যেকোনো ত্রিভুজের _____ টি মধ্যমা।

(ii) যে কোনো ত্রিভুজের _____ টি উচ্চতা।

(iii) সমবাহু ত্রিভুজের উচ্চতা তিনটির দৈর্ঘ্য _____ ।

(iv) _____ ত্রিভুজের উচ্চতা ও মধ্যমা একই।

2. সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :

(i) ত্রিভুজের মধ্যমা কাকে বলে?

(ii) ত্রিভুজের উচ্চতা কাকে বলে?

(iii) অতিভুজ কাকে বলে?

14 সময় ও দূরত্ব

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে :

- সময় ও দূরত্বের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে।
- সময় ও দূরত্ব সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে।

আমাদের বাড়ি থেকে আমাদের স্কুলের দূরত্ব 2 কিমি। আমি প্রতিদিন সাইকেলে স্কুলে যাই। সকাল 10.20 মিনিটে বাড়ি থেকে বেরোলে আমি 10.30 মিনিটে পৌঁছে যাই। কিন্তু আজকে আমার সাইকেলটি খারাপ হয়ে যাওয়ায় আমাকে হেঁটেই যেতে হবে। তাই তাড়াতাড়ি বাড়ি থেকে বেরোতে হবে কারণ সাইকেলে যেতে যা সময় লাগে, হেঁটে যেতে তার থেকে বেশি সময় লাগবে, আসলে সাইকেলের গতিবেগ হাঁটার গতিবেগের থেকে বেশি। গতিবেগ আসলে কী।

একক সময়ে কোনো বস্তু নির্দিষ্ট দিকে যতটা দূরত্ব অতিক্রম করে তাকে ওই বস্তুর গতিবেগ বলে।

আমরা আগে সমানুপাত ও ব্যস্ত অনুপাত শিখেছি। এখন আমরা গতিবেগ, সময় ও দূরত্বের মধ্যে সম্পর্ক নির্ণয় করবো। গতিবেগ একই থাকলে বেশি সময়ে বেশি দূরত্ব অতিক্রম করা যায়। তাই সময় ও দূরত্ব সরল অনুপাতে আছে। দূরত্ব একই থাকলে গতিবেগ বেশি হলে সময় কম লাগে। তাই গতিবেগ ও সময় ব্যস্ত অনুপাতে আছে।

আবার সময় একই থাকলে গতিবেগ বেশি হলে অতিক্রান্ত দূরত্ব বেশি হয়। তাই গতিবেগ ও অতিক্রান্ত দূরত্ব সরল অনুপাতে আছে।

$$\text{গতিবেগ} = \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{প্রয়োজনীয় সময়}}$$

$$\text{প্রয়োজনীয় সময়} = \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{গতিবেগ}}$$

উদাহরণ : পলাশ সকাল 8.30 মিনিটে বাড়ি থেকে বেরিয়ে মোটরবাইকে 8.45 মিনিটে স্টেশনে পৌঁছল। বাড়ি থেকে স্টেশনের দূরত্ব 4500 মিটার হলে মোটর বাইকের গতিবেগ কত?

গণিতের ভাষার সমস্যাটি হলো :

সময়	দূরত্ব
8টা 45 মিনিট – 8টা 30 মিনিট = 15 মিনিট	4500 মিটার
1 মিনিট	?

ঐকিক নিয়মে সমস্যাটির সমাধান :

15 মিনিটে যায় 4500 মিটার

1 মিনিটে যায় $\frac{\cancel{4500}^{300}}{\cancel{15}}$ মিটার = 300 মিটার

$\therefore$ মোটর বাইকের গতিবেগ 300 মিটার/মিনিট।

অনুপাত - সমানুপাতের সাহায্যে সমস্যাটির সমাধান :

গতিবেগ একই থাকলে সময় ও দূরত্ব সরল সমানুপাতি।

$\therefore$ 15 : 1 : : 4500 : x

$\therefore$ (A) $= \frac{\cancel{4500}^{300} \times 1}{\cancel{15}} = 300$

$\therefore$ মোটর বাইকের গতিবেগ 300 মিটার/মিনিট।

সূত্রের সাহায্যে :

গতিবেগ $= \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{প্রয়োজনীয় সময়}}$

$= \frac{\cancel{4500}^{300}}{\cancel{15}}$ মিটার/মিনিট

= 300 মিটার/মিনিট।

নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করি :

(i) অতিক্রান্ত দূরত্ব একই থাকলে সময় ও গতিবেগ পরস্পর _____ ।

(ii) সময় একই থাকলে অতিক্রান্ত দূরত্ব ও সময় পরস্পর _____ ।

(iii) গতিবেগ একই থাকলে অতিক্রান্ত দূরত্ব ও সময় পরস্পর _____ ।

2. সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :

(i) একটি গাড়ি 30 মিনিটে 15 কিমি দূরত্ব অতিক্রম করে। বাসের গতিবেগ ঘণ্টায় কত?

(ii) তুমি 100 মিটার/মিনিট গতিবেগে 15 মিনিটে কত দূরত্ব যেতে পারবে?

(iii) একটি বাস 60 কিমি/ঘণ্টা গতিবেগে 15 কিমি দূরত্বের একটি স্টপেজে পৌঁছতে কত সময় নেবে?

15 দ্বি-স্তম্ভ লেখ

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে :

- ট্যালিমার্কের সাহায্যে পরিসংখ্যা নির্ণয় করতে পারবে।
- দ্বি-স্তম্ভ লেখ গঠন করতে পারবে।
- দ্বি-স্তম্ভ লেখ ব্যবহার করে একাধিক তথ্যের তুলনামূলক বিচার করতে পারবে।

জেসমিনদের স্কুলে সপ্তম শ্রেণির 20 জন ছাত্রের 30 নম্বরের মধ্যে পাওয়া নম্বর নিচে লিখলাম।

25, 20, 18, 20, 20, 18, 20, 21, 18, 19, 18, 21, 19, 22, 23, 25, 24, 19, 22, 20.

এই সংগৃহিত তথ্যকে কাঁচা তথ্য বলে।

প্রাপ্ত কাঁচা তথ্যগুলিকে ছকের আকারে দাগ দিয়ে লিখলে পাই :

প্রাপ্ত নম্বর	ছাত্রসংখ্যা	পরিসংখ্যা
18	||||	4
19	|||	3
20	𝍸	5
21	||	2
22	||	2
23	|	1
24	|	1
25	||	2


ছক থেকে দেখা যাচ্ছে যে, 18 পেয়েছে 4 জন, 19 পেয়েছে 3 জন, 20 পেয়েছে 5 জন, 21 পেয়েছে 2 জন, 22 পেয়েছে 2 জন, 23 পেয়েছে 1 জন, 24 পেয়েছে 1 জন, 25 পেয়েছে 2 জন, যত জন ঐ নির্দিষ্ট নম্বর পেয়েছে সেই সংখ্যাকে পরিসংখ্যা বলে।

প্রিয়াংকাদের ক্লাসে ছাত্রীরা বিভিন্ন বিষয়ে সর্বোচ্চ নম্বর যে নম্বর পেয়েছে তা নিচে দেওয়া হলো :

বাংলার 80, গণিতে 90, ইংরাজীতে 60, ইতিহাসে 70, বিজ্ঞানে 90, ভূগোলে 80.


আমরা প্রিয়াংকাদের শ্রেণির ছাত্রিদের পাওয়া সর্বোচ্চ নম্বরের তথ্য থেকে স্তম্ভ চিত্র তৈরির চেষ্টা করি :

উলম্বরেখায় 1 ঘর = 10 নম্বর



মোহনদের স্কুলে ছাত্র এবং ছাত্রীরা বাংলা গণিত ও বিজ্ঞান বিষয়ে সর্বোচ্চ যে নম্বর পেয়েছে তা নিচের স্তম্ভচিত্রের সাহায্যে প্রকাশ করা হল :

উলম্বরেখায় 1 ঘর = 10 নম্বর



এই স্তম্ভ চিত্র থেকে দেখা যাচ্ছে যে,

1. ছাত্রদের থেকে ছাত্রীদের বাংলায় সর্বোচ্চ নম্বর বেশি;
2. ছাত্রীদের থেকে ছাত্রদের গণিতে সর্বোচ্চ নম্বর বেশি।
3. ছাত্র এবং ছাত্রী উভয়েই বিজ্ঞানে একই সর্বোচ্চ নম্বর পেয়েছে।
4. গণিতে ছাত্রদের সর্বোচ্চ নম্বর 100।
5. বাংলায় ও গণিতে ছাত্রীরা এবং বিজ্ঞানে ছাত্রছাত্রী উভয়েরই সর্বোচ্চ নম্বর 90
6. বাংলায় ছাত্ররা সর্বোচ্চ 80 নম্বর পেয়েছে।

নিজে করি :

1. সৃজনদের শ্রেণিতে দুই সপ্তাহে যতজন ছাত্র উপস্থিত ছিল তা নিচে দেওয়া হলো :

70, 60, 70, 55, 65, 60, 70, 80, 70, 60, 65, 70, 75, 60 এই তথ্যগুলিকে তালিকার আকারে সাজিয়ে পরিসংখ্যা লেখো।

2. সালেয়াদের শ্রেণির 90 জন ছাত্রী কি কি পছন্দ করে তা নিচে দেওয়া হল :

বিষয়	ছাত্রীদের সংখ্যা
গান	10
নাচ	25
আবৃত্তি	15
তাৎক্ষণিক বক্তৃতা	10
আঁকা	30

1 একক = 5 জন ছাত্রী নিয়ে উপরের তথ্য থেকে একটি স্তম্ভ চিত্র অঙ্কন করো।

3. আমাদের পাড়ার ছুতোর মিস্ত্রি এ বছরের প্রথম 6 মাসে যতগুলি চেয়ার ও টেবিল তৈরি করেছেন তার সংখ্যা নিচে দেওয়া হল :

মাস	চেয়ারের সংখ্যা	টেবিলের সংখ্যা
জানুয়ারী	20	10
ফেব্রুয়ারী	22	12
মার্চ	18	14
এপ্রিল	20	12
মে	16	16
জুন	18	12

উপরের তথ্যের সাহায্যে একটি দ্বিস্তম্ভ লেখচিত্রের মাধ্যমে প্রকাশ করো।


16 আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে :

- আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের পরিসীমা নির্ণয় করতে পারবে।
- আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করতে পারবে।
- বাস্তব জীবনে আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল সংক্রান্ত সমস্যার সমাধান করতে পারবে।

আমরা ছক কাগজে আয়তক্ষেত্রাকার চিত্র ও বর্গাকার চিত্র অঙ্কন করে তার পরিসীমা এবং ক্ষেত্রফল নির্ণয় করার চেষ্টা করি।

ছক কাগজের প্রতিটি ক্ষুদ্রতম বর্গক্ষেত্রাকার ঘরের একটি বাহুর দৈর্ঘ্য। সেমি নিলাম।



1. নং চিত্রটিতে চতুর্ভুজটির চারটি বাহুর দৈর্ঘ্য 2 সেমি, অতএব এটি একটি বর্গক্ষেত্র, এটির চারটি বাহুর দৈর্ঘ্যকে যোগ করে আমরা বর্গক্ষেত্রটির পরিসীমা পাবো।

∴ বর্গক্ষেত্রের পরিসীমা = চারটি বাহুর দৈর্ঘ্যের যোগফল = 4 × বাহুর দৈর্ঘ্য

= 4×2 সেমি

= 8 সেমি,

2 নং চিত্রে চতুর্ভূজটির দৈর্ঘ্য 3 সেমি এবং প্রস্থ 2 সেমি এটি একটি আয়তক্ষেত্র। এটির চারটি বাহুর দৈর্ঘ্যের যোগফলই এটির পরিসীমা।

∴ আয়তক্ষেত্রের পরিসীমা = দৈর্ঘ্য + প্রস্থ + দৈর্ঘ্য + প্রস্থ

= 2 (দৈর্ঘ্য + প্রস্থ)

= 2 (3+2) সেমি = 10 সেমি।

এখন 1 নং চিত্রের বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় করবো। যেহেতু প্রতিটি ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = 1 সেমি

∴ প্রতিটি ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 1 সেমি × 1 সেমি

= 1 বর্গসেমি।

চিত্রে বর্গক্ষেত্রটি 4টি ক্ষুদ্রতম বর্গক্ষেত্র নিয়ে তৈরি হয়েছে। তাই বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল = 4×1 বর্গসেমি = 4 বর্গসেমি।

আবার 2 নং চিত্রের আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় করবো। চিত্র থেকে দেখা যাচ্ছে যে আয়তক্ষেত্রটি 6টি ক্ষুদ্রতম বর্গক্ষেত্র নিয়ে তৈরি হয়েছে। তাই আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = (6×1) বর্গসেমি = 6 বর্গসেমি।

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহুর দৈর্ঘ্য × বাহুর দৈর্ঘ্য) বর্গ একক

= (বাহুর দৈর্ঘ্যে)^2 বর্গ একক

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গএকক

নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করি :

(i) বর্গক্ষেত্রের পরিসীমা = _____ একক।

(ii) আয়তক্ষেত্রের পরিসীমা = _____ একক।

(iii) বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = _____ বর্গএকক।

(iv) আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = _____ বর্গএকক।

2. সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :


(i) একটি বর্গাকার ক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 4 সেমি, এটির পরিসীমা এবং ক্ষেত্রফল নির্ণয় করি।

(ii) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 8 সেমি এবং প্রস্থ 6 সেমি, আয়তক্ষেত্রের পরিসীমা ও ক্ষেত্রফল কত হিসাব করি।

17 প্রতিসাম্য


শিক্ষার্থীরা এইই অধ্যায় অধ্যয়ন করলে

- প্রতিসাম্য ছবি চিনতে পারবে।
- প্রতিসম রেখা নির্ণয় করতে পারবে।




1নং, 2 নং, 3 নং, ও 4 নং ছবিগুলো কালো ভাঙা দাগ বরাবর দু-ভাঁজ করলে দেখবো 1নং, 2 নং, ও 3 নং ছবিগুলো বামদিক ডানদিকের সাথে মিশে যাচ্ছে কিন্তু 4 নং ছবির বামদিক ডানদিকের সাথে মিশে যাচ্ছে না।


যে ছবিগুলির বামদিক, ডানদিকের সঙ্গে মিলে যাচ্ছে অর্থাৎ একটি সরলরেখার সাপেক্ষে দুটি সমান ভাগে ভাগ করা যাচ্ছে, তাদেরকে প্রতিসম বলা হয়। ঐ ছবিগুলিকে রৈখিক প্রতিসত্ত বলা হয়। আর মাঝ বরাবর যে সরলরেখাগুলির সাপেক্ষে ছবির বামদিক ডানদিকের সঙ্গে মিলে যায়, তাকে ছবিটির প্রতিসম রেখা বলা হয়।



RS সরলরেখা বরাবর ভাঁজ করলে ABCD আয়তক্ষেত্রের দুটি অংশ মিলে যায়। অতএব RS প্রতিসম রেখা





PQ সরলরেখা বরাবর ভাঁজ করলে ABCD আয়তক্ষেত্রের দুটি অংশ মিলে যায়। অতএব PQ প্রতিসম রেখা



ABCD আয়তক্ষেত্রটিকে BD কর্ণ বা AC কর্ণ বরাবর ভাঁজ করলে দুটি অংশ মিলে যায় না। তাই AC বা BD প্রতিসম রেখা নয়।

এখন প্রতিসম রেখায় আয়না রাখলে দেখি কি হয়।






দেখছি, প্রতিসম রেখায় আয়না রাখলে ছবির ডানদিকের প্রতিবিম্ব হুবহু ছবির বামদিকের সাথে মিলে যাচ্ছে। কিন্তু প্রতিসম রেখা ছাড়া অন্য কোথাও আয়না রাখলে এরকম হচ্ছে না।


নিচের ছবি দুটিতে প্রতিসম রেখা খুঁজি।






প্রথম ছবিতে প্রতিসম রেখা উলম্ব হলেও দ্বিতীয় ছবিতে প্রতিসম রেখা অনুভূমিক।

আবার বিভিন্ন ত্রিভুজের মধ্যে সমবাহু ত্রিভুজের 3টি প্রতিসম রেখা আছে। সমদ্বিবাহু ত্রিভুজের একটি প্রতিসম রেখা বিষম বাহু ত্রিভুজের কোনো প্রতিসম রেখা নেই।





নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করো :

(i) সমবাহু ত্রিভুজের প্রতিসম রেখা _____ টি।

(ii) সমদ্বিবাহু ত্রিভুজের প্রতিসম রেখা _____ টি।

(iii) বর্গক্ষেত্রের প্রতিসম রেখা _____ টি।

(iv) আয়তক্ষেত্রের প্রতিসম রেখা _____ টি।


(v) বৃত্তের প্রতিসম রেখা _____ ।

2. অতি সংক্ষিপ্ত প্রশ্ন :

(i) একটি চর্তুভুজ আঁকো যার 4 টি প্রতিসম রেখা।

(ii) একটি ত্রিভুজ আঁকো যার কোনো প্রতিসম রেখা নেই।

3. নিচের ছবিগুলির প্রতিবিম্ব আঁকো :



18 উৎপাদকে বিশ্লেষণ

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে :

- বিভিন্ন সংখ্যার উৎপাদক নির্ণয় করতে পারবে।
- বীজগণিতিক সংখ্যামালার উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে।

12 এর উৎপাদকগুলি হল 2, 3, 4, 6, 12 কিন্তু এদের মধ্যে মৌলিক উৎপাদকগুলি হল 2, 3।

এবং $12 = 2 \times 2 \times 3$ $12 = 1 \times 12$ $12 = 2 \times 6$ $12 = 4 \times 3$

20কে মৌলিক উৎপাদকের গুণফল হিসাবে প্রকাশ করলে হয় : $20 = 2 \times 2 \times 5$

বীজগণিতিক সংখ্যামালার উৎপাদকে বিশ্লেষণ : $5xy = 5 \times x \times y$

x, y উৎপাদকগুলিকে 5xy-এর অলঘুকরণযোগ্য উৎপাদক বলা হয়।

উদাহরণ : উৎপাদকে বিশ্লেষণ করি

1) $12x^2y^2$ 2) $20xy^2z$ 3) $18x^2y^2z^3$

1) $12x^2y^2 = 12 \times x^2 \times y^2$
$= 2 \times 2 \times 3 \times x \times x \times y \times y$

2) $20xy^2z = 20 \times x \times y^2 \times z$
$= 2 \times 2 \times 5 \times x \times y \times y \times z$

3) $18x^2y^2z^3 = 18 \times x^2 \times y^2 \times z^3$
$= 2 \times 3 \times 3 \times x \times x \times y \times y \times z \times z \times z$

উদাহরণ : উৎপাদককে বিশ্লেষণ করি :

1) $7a^2 + 14a$ 2) $6a^2b + 8ab^2$
3) $ab - 5b + a - 5$ 4) $ax + bx - ay - by$

1) $7a^2 + 14a = 7 \times a \times a + 2 \times 7 \times a = 7 \times a(a + 2) = 7a\,(a + 2)$

2) $6a^2b + 8ab^2 = 2 \times 3 \times a \times a \times b + 2 \times 2 \times 2 \times a \times b \times b$
$= 2 \times a \times b\,(3a + 2 \times 2b) = 2ab(3a + 4b)$

3) $ab - 5b + a - 5 = a \times b - 5 \times b + a \times 1 - 5 \times 1$
$= b\,(a - 5) + 1\,(a - 5) = (a - 5)(a + 1)$

4) $ax + bx - ay - by = a \times x + b \times x - a \times y - b \times y$
$= x(a+b) - y(a + b) = (a + b)(x - y)$

নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করি :

(i) $5pq$ -এর মৌলিক উৎপাদকগুলি _____ ।

(ii) xyz^2-এর মৌলিক উৎপাদকগুলি _____ ।

2. উৎপাদকে বিশ্লেষণ করি :


(i) $9x^2 + 18xy$ (iii) $abc^2 + ab^2c + a^2bc$

(ii) $30\,pqr + 45\,p^2q$ (iv) $6xy - 6y + 5x - 5$

19 চতুর্ভুজের শ্রেণিবিভাগ

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে :


- বিভিন্ন ধরনের চতুর্ভুজের শ্রেণিবিভাগ করতে পারবে।
- বিভিন্ন ধরনের চতুর্ভুজের বৈশিষ্ট্য লিখতে পারবে।




উপরের বদ্ধ সামতলিক চিত্রগুলির প্রথমটিতে তিনটি, দ্বিতীয়টিতে চারটি, তৃতীয়টিতে পাঁচটি এবং চতুর্থটিতে ছয়টি সরলরেখাংশ আছে। এদের বহুর্ভুজ বলে।

প্রথম চিত্রটি তিনটি সরলরেখাংশ দিয়ে তৈরি। এটি ত্রিভুজ, দ্বিতীয় চিত্রটি চারটি সরলরেখাংশ দিয়ে তৈরি। এটি চতুর্ভুজ। তৃতীয় চিত্রটিতে পাঁচটি সরলরেখাংশ আছে। এটি পঞ্চভূজ এবং চতুর্থ চিত্রটিতে ছয়টি সরলরেখাংশ আছে এটি ষড়ভূজ।

চারটি সরলরেখাংশ দ্বারা সীমাবদ্ধ সামতলিক চিত্রকে চতুর্ভুজ বলে। চতুর্ভুজের দুটি কর্ণ।



1 নং চিত্র



2 নং চিত্র

1 নং চিত্রের চতুর্ভুজটির দুটি কর্ণ AC ও BD চতুর্ভুজটির মধ্যে অবস্থিত। এটিকে কুব্জ চতুর্ভুজ বলে। 2 নং চিত্রের চতুর্ভুজটির একটি কর্ণ BC চতুর্ভুজটির বাইরে অবস্থিত। এটিকে অকুব্জ চতুর্ভুজ বলে।



যে চতুর্ভুজের একজোড়া বিপরীত বাহু সমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।



যে ট্রাপিজিয়ামের তির্যক বাহু দুটির দৈর্ঘ্য সমান তাকে সমদ্বিবাহু ট্রাপিজিয়াম বলে।

যে চতুর্ভুজের একজোড়া সন্নিহিত বাহুর দৈর্ঘ্য সমান এবং অপরজোড়া বাহুর দৈর্ঘ্যও সমান, তাকে কাইট বলে।




যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলি সমান্তরাল; তাকে সামান্তরিক বলে।

যে সামান্তরিকের একটি কোন সমকোণ, তাকে আয়তক্ষেত্র বলে।



যে সামান্তরিকের একজোড়া সন্নিহিত বাহু দৈর্ঘ্যে সমান তাকে রম্বস বলে।



যে আয়তক্ষেত্রের একজোড়া সন্নিহিত বাহুর দৈর্ঘ্যে সমান তাকে বর্গক্ষেত্র বলে।



নিজে করি :

1. শূন্যস্থান পূরণ করি :

(i) বর্গক্ষেত্রের প্রতিটি কোণ _____

(ii) সব আয়তক্ষেত্র _____ কিন্তু সব _____ আয়তক্ষেত্র নয়।

(iii) _____ -এর সন্নিহিত বাহুদ্বয় দৈর্ঘ্যে সমান।

(iv) আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর _____

2. অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :

(i) ABCD সামান্তরিকের $\angle ABC + \angle BCD =$ কত?


(ii) ABCD একটি বর্গক্ষেত্র। উহার কর্মদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। $\angle BOC$ এবং $\angle OCB$-এর মান কত?

20 চতুর্ভুজ অঙ্কন

শিক্ষার্থী এই অধ্যায় অধ্যয়ন করলে

- বিভিন্ন ধরনের চতুর্ভুজ আঁকতে পারবে।
- বিভিন্ন ধরনের চতুর্ভুজের তুলনা করতে পারবে।


আমি স্কেল ও পেনসিল কম্পাসের সাহায্যে ত্রিভুজ আকার চেষ্টা করি।



প্রথমে স্কেলের সাহায্যে AX একটি রশ্মি এঁকে পেনসিল কম্পাসের সাহায্যে 4 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে AB সরলরেখাংশ কেটে নিলাম।



এবার পেনসিল কম্পাসের সাহায্যে AB সরলরেখাংশের উপরের দিকে A বিন্দুকে কেন্দ্র করে 5 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকলাম। আবার B বিন্দুকে কেন্দ্র করে 3 সেমি ব্যাসার্ধ নিয়ে এমনভাবে একটি বৃত্তচাপ আঁকলাম যা আগের বৃত্তচাপকে C বিন্দুতে ছেদ করেছে। AC ও BC যোগ করা হল।



অতএব একটি ত্রিভুজ ABC আঁকা হলে।

তিনটি বাহুর দৈর্ঘ্য জানা থাকলে নির্দিষ্ট ত্রিভুজ আঁকা যায়। কিন্তু চারটি বাহুর মাপ জানা থাকলেও কোনো নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায় না।

চতুর্ভুজ নিচের শর্তগুলি জানা থাকলে আঁকা সম্ভব।

1) চারটি বাহুর দৈর্ঘ্য এবং একটি কর্ণের দৈর্ঘ্য।

2) চারটি বাহুর দৈর্ঘ্য ও একটি কোণের মাপ।

3) তিনটি বাহুর দৈর্ঘ্য ও দুটি অন্তর্ভুক্ত কোণের মাপ।


4) দুটি সন্নিহিত বাহু ও তিনটি কোণের মাপ

5) যখন কোনো বিশেষ ধর্ম জানা থাকে।


উদাহরণ :

AB = 4 সেমি., BC = 3 সেমি, CD = 6 সেমি, DA = 5.5 সেমি, ও BD = 7 সেমি হলে ABCD চতুর্ভুজটি আঁকার চেষ্টা করি।


স্কেল ও পেনসিল কম্পাসের সাহায্যে আঁকার চেষ্টা করি।




প্রথমে স্কেলের সাহায্যে BX একটি রশ্মি এঁকে পেনসিল কম্পসের সাহায্যে 7 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে BD সরলরেখাংশ কেটে নিলাম।



তারপর B বিন্দুকে কেন্দ্র করে 4 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে উপরের দিকে একটি চাপ আঁকলাম। আবার D বিন্দুকে কেন্দ্র করে 5.5 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে আরও একটি চাপ এমনভাবে আঁকলাম যাতে আগের আঁকা চাপকে ছেদ করে। ঐ ছেদবিন্দুর নাম দিলাম A। A, B ও A, D যোগ করলাম।



আবার B বিন্দুকে কেন্দ্র করে 3 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে BD এর যে পাশে A বিন্দু আছে তার বিপরীত দিকে একটি চাপ অঙ্কন করলাম। D বিন্দুকে কেন্দ্র করে 6 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ নিয়ে এমনভাব আরও একটি চাপ আঁকলাম যাতে আগের চাপকে ছেদ করে। ঐ ছেদবিন্দুর নাম দিলাম C, B ও C, D যোগ করলাম।



প্রদত্ত শর্ত অনুযায়ী ABCD চতুর্ভুজ আঁকা হলো।

নিজে করি :

1. ABCD আয়তক্ষেত্রের দুটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য 6 সেমি., ও 8 সেমি। একটি কর্ণের দৈর্ঘ্য 10 সেমি, শুধুমাত্র বাহুর ও কর্ণের মাপ ব্যবহার করে আয়তক্ষেত্রটি অঙ্কন করি।

2. একটি সামান্তরিক অঙ্কন করি যার সন্নিহিত বাহুদ্বয়ের দৈর্ঘ্য 5 সেমি ও 8 সেমি এবং কর্ণের দৈর্ঘ্য 10 সেমি.।

21 সমীকরণ গঠন ও সমাধান

শিক্ষার্থীরা এই অধ্যায় অধ্যয়ন করলে

- বিভিন্ন সমস্যাকে সমীকরণের আকারে লিখতে পারবে।
- বিভিন্ন সমীকরণ সমাধান করতে পারবে।
- বাস্তব জীবনের বিভিন্ন সমস্যায় সমীকরণের প্রয়োগ করে সমাধান করতে পারবে।

আমার কাকা 24টি সন্দেশ এনে আমাদের 6 জনকে ভাগ করে দিলেন। আমরা কয়টি করে সন্দেশ পেলাম তা বীজগাণিতিক পদ্ধতিতে হিসাব করি।

ধরি, আমরা প্রত্যেকে xটি করে সন্দেশ পেয়েছি,

অতএব 1 জন পায় xটি সন্দেশ

6 জন পায় $x \times 6 = 6x$ টি সন্দেশ

কিন্তু কাকা 24টি সন্দেশ এনে আমাদের ভাগ করে দিয়েছিলেন,

সুতরাং 6x এবং 24 সমান।

$\therefore \quad 6x = 24$

এই $6x = 24$ এইভাবে সমস্যাটিকে প্রকাশ করা হল। এই প্রক্রিয়াকে বলে সমীকরণ গঠন। আর $6x = 24$ এটিকে বলে সমীকরণ।

এখন অজ্ঞাত সংখ্যা x এর যে নির্দিষ্ট মানের জন্য সমান চিহ্নের দু-পাশের মান সমান হয় তাকে সমীকরণের বীজ বা সমীকরণের সমাধান বলে। আর অজ্ঞাত সংখ্যার মান বার করার পদ্ধতিকে বলে সমাধান করা।

$6x = 24$ এই সমীকরণে x এর কোন মানের জন্য বামদিক ও ডানদিক সমান হয় দেখি।

x এর মান	সমান চিহ্নের বামদিক	সমান চিহ্নের ডানদিক	সমীকরণের দুই দিক সমান হচ্ছে/হচ্ছে না
1	6	24	হচ্ছে না
2	12	24	হচ্ছে না
3	18	24	হচ্ছে না
4	24	24	হচ্ছে
5	30	24	হচ্ছে না

দেখছি, একমাত্র $x = 4$ হলে $6x = 24$ সমীকরণটির বামদিক ও ডানদিক সমান হয়। অতএব $x = 4$ সমীকরণটির সমাধান বা বীজ।

$6x = 24$ এই সমীকরণটির অজ্ঞাত সংখ্যা একটি, অজ্ঞাত সংখ্যার ঘাত এক এবং বীজ একটি।

এই ধরনের সমীকরণকে বলে একচলবিশিষ্ট একঘাত সমীকরণ।

সমান চিহ্নের দুদিকে একই সংখ্যার যোগ, বিয়োগ, গুণ ও ভাগের নিয়ম সমীকরণে প্রয়োগ করা যায়। এই নিয়মের সাহায্যে $6x = 24$ সমীকরণটিকে সমাধান করি।

$6x = 24$

উভয় পক্ষকে 6 দিয়ে ভাগ করে পাই :

$$\frac{6x}{6} = \frac{24}{6}$$

$\therefore \quad x = 4$

নিজে করি :

1. সমীকরণ গঠন করো এবং সমাধান করো : অনিতার কাছে যতগুলি খেলনা আছে, রচনার কাছে তার অর্ধেক খেলনা আছে। রচনার কাছে 11টি খেলনা থাকলে অনিতার কাছে কয়টি খেলনা আছে?

2. বাবলুর কাছে কতকগুলি পেন আছে। মৈনাকের কাছে বাবলুর পেনের দ্বিগুণের থেকে 5টি বেশি পেন আছে। মৈনাকের কাছে 13টি পেন থাকলে বাবলুর পেনের সংখ্যা কয়টি তা সমীকরণ গঠন করে এবং সমাধান করে নির্ণয় করো।

3. নিচের সমীকরণগুলির সমাধান করো :

   i) $3x + 12 = 36$

   ii) $\frac{x}{2} + 5 = 2x - 4$

মুদ্রক
ওয়েস্ট বেঙ্গল টেক্সট বুক কর্পোরেশন লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)
কলকাতা-৭০০ ০৫৬